ONLINE M.B.A. B.B.A.
M.Com. B.Com
from U.G.C / AICTE.
APPROVED & NAAC ACCREDITED
"Grade-A" UNIVERSITY
SUPPORTED BY VIDEO CLASSES & DOUBT CLEARING CLASSES
FOR DETAIL CONTACT
80-17-88-82-45/83-35-87-77-77

ISSN 0971-7765
# কর্মক্ষেত্র
www.ekarmakshetra.com

GRAB YOUR DREM JOB IN 2019-20
WBCS - CGL - BANK - RAIL
grassroot
7427927701
Dunlop ● Tamluk ● Sonarpur

বর্ষ ৩৯ সংখ্যা ৩৬ কলকাতা বুধবার, ১০ এপ্রিল ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৬ চৈত্র ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# স্টেট ব্যাঙ্কে ২০০০ প্রবেশনারি অফিসার

২,০০০ জন প্রবেশনারি অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে কলকাতা-সহ ৯টি পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/PO/2019-20/01.

**শূন্যপদের বিবরণ:** সাধারণ ৮১০, তফসিলি জাতি ৩০০, তফসিলি উপজাতি ১৫০, ও বি সি ৫৪০, আর্থিকভাবে অনগ্রসর ২০০। এর মধ্যে ৭৩টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২০টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা

**শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা সমতুল**

সমতুল। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত হলে ৩১-৮-২০১৯ তারিখের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে।

**বয়স:** ১-৪-২০১৯ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৩,৭০০-৪২,০২০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের (প্রিলিমিনারি ও মেন) অনলাইন পরীক্ষা, গ্রুপ এক্সারসাইজ/ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৪) প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, বহরমপুর, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী এবং শিলিগুড়ি। প্রিলিমিনারি অনলাইন পরীক্ষা ৮, ৯, ১৫ এবং ১৬ জুন। প্রিলিমিনারি পরীক্ষার কললেটার ডাউনলোড করা যাবে মে মাসের তৃতীয় সপ্তাহ থেকে। মেন এক্সামিনেশন ২০ জুলাই। মেন পরীক্ষার কেন্দ্রগুলি হল কলকাতা, হুগলি ও কল্যাণী।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ

এরপর পনেরোর পাতায়

## ইন্ডিয়া রিজার্ভ ব্যাটেলিয়নে ৩৭০ রাইফেলম্যান

জেনারেল ডিউটি এবং ট্রেডসম্যান ক্যাটেগরিতে ৩৭০ জন রাইফেলম্যান নিয়োগ করবে ত্রিপুরা সরকারের অধীনস্থ ইন্ডিয়া রিজার্ভ ব্যাটেলিয়ন। ট্রেডসম্যান ক্যাটেগরিতে ওয়াটার ক্যারিয়ার, সুইপার, কুক, ধোবি ও বার্বার পদে নিয়োগ করা হবে। পুরুষ ও মহিলা উভয়েই আবেদনের যোগ্য।

**শূন্যপদের বিন্যাস:** রাইফেলম্যান (জেনারেল ডিউটি): শূন্যপদ ৩৩৭টি। রাইফেলম্যান (ট্রেডসম্যান): শূন্যপদ ৩৩টি (কুক ১২, ওয়াটার ক্যারিয়ার ৮, বার্বার ৩, ধোবি ৩, সুইপার ৭)। মোট শূন্যপদের মধ্যে মহিলাদের জন্য ১০ শতাংশ এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ২ শতাংশ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় ক্ষেত্রেই মাধ্যমিক বা সমতুল। তফসিলি প্রার্থীদের ক্লাস এইট পাশ করে থাকলেই চলবে। ট্রেডসম্যানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ-সহ এক বছরের অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আই টি আই ডিপ্লোমা কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০১৯ তারিখে ১৮

এরপর পনেরোর পাতায়

## নৌবাহিনীতে ১৭২ চার্জম্যান

মেকানিক এবং অ্যামিউনিশন অ্যান্ড এক্সপ্লোসিভ শাখায় ১৭২ জন চার্জম্যান নেবে ভারতীয় নৌবাহিনী। ইন্ডিয়ান নেভি সিভিলিয়ান এন্ট্রান্স টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2019.

শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: **মেকানিক:** ১০৩টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৯টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে ইঞ্জিনিয়ারিং ইক্যুইপমেন্টের ডিজাইন বা প্রোডাকশন বা মেইন্টেন্যান্স-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **অ্যামিউনিশন অ্যান্ড এক্সপ্লোসিভ:** ৬৯টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৮, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৫টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে

এরপর সাতের পাতায়

## এয়ার ইন্ডিয়া এয়ার ট্রান্সপোর্ট সার্ভিসে ১৬০

### ওয়াক-ইন ইন্টারভিউ ২৫ এপ্রিল এবং ২ মে, মুম্বইয়ে

কাস্টমার এজেন্ট এবং ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার পদে ১৬০ জনকে নেবে এয়ার ইন্ডিয়া এয়ার ট্রান্সপোর্ট সার্ভিসেস। প্রাথমিকভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ হবে। ভালো কাজের নিরিখে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে, মুম্বইয়ে।

**শূন্যপদের বিবরণ:** কাস্টমার এজেন্ট: ১০০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে রিজার্ভেশন, টিকেটিং, কম্পিউটারাইজড প্যাসেঞ্জার চেকিং, কার্গো হ্যান্ডলিং-সংক্রান্ত কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন (আই এ টি এ) থেকে ইউ এফ টি এ বা এফ আই এ টি এ এ অথবা ডি জি আর অথবা কার্গো-সংক্রান্ত ডিপ্লোমা কোর্স পাশ।

ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

**বেতন:** প্রতি মাসে কাস্টমার এজেন্ট পদের ক্ষেত্রে ২০,১৯০ টাকা এবং ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার পদের ক্ষেত্রে প্রতি মাসে ১৮,৩৬০ টাকা।

**বয়স:** ১-৪-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

কাস্টমার এজেন্ট পদের ক্ষেত্রে স্ক্রিনিংয়ের মাধ্যমে নির্বাচিত প্রার্থীদের গ্রুপ ডিসকাশন টেস্ট নেওয়া হবে। ওয়াক-ইন-ইন্টারভিউ ২৫ এপ্রিল। ইউটিলিটি এজেন্ট-কাম-র‍্যাম্প ড্রাইভার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে ট্রেড টেস্ট এবং ড্রাইভিং টেস্টের

এরপর পনেরোর পাতায়

## আর্মিতে উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় কিছু অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা

### বিজ্ঞান শাখায় ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদন করবেন

আবেদন করবেন। ৪২তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২০-র জানুয়ারি মাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭.৫ সেমি। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

**বয়স:** সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই

এরপর পনেরোর পাতায়

## ব্রহ্মপুত্র ক্র্যাকার অ্যান্ড পলিমারে অ্যাপ্রেন্টিসশিপ

৬৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ব্রহ্মপুত্র ক্র্যাকার অ্যান্ড পলিমার লিমিটেড। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড দেওয়া হবে।

ইঞ্জিনিয়ারিং শাখানুসারে আসনসংখ্যার বিবরণ: **গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল: ১০টি, ইলেক্ট্রিক্যাল: ১২টি, কেমিক্যাল: ১৫টি, ইনস্ট্রুমেন্টেশন: ৫টি, টেলিকম: ৩টি, কম্পিউটার সায়েন্স: ৩টি, সিভিল: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল: ৫টি, ইলেক্ট্রিক্যাল: ৫টি, কেমিক্যাল: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**বয়স:** ৩০-৪-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৭,৫০০ টাকা এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৫,০০০ টাকা।

উভয় ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকলে অগ্রাধিকার। ২০১৬, ২০১৭ অথবা ২০১৮-য় যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে তবেই আবেদন করবেন। আগে কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে কাজের অভিজ্ঞতা থাকলে বা কোনও প্রশিক্ষণ নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bcpl

এরপর পনেরোর পাতায়

## অ্যাটমিক রিসার্চ সেন্টারে ১৩০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

১৩০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে তামিলনাড়ুর কলপক্কমের ইন্দিরা গান্ধি সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯১ অনুসারে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019.

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: ফিটার: ৩০টি, টার্নার: ৫টি, মেশিনিস্ট: ৫টি, ইলেক্ট্রিশিয়ান: ২৫টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৭টি, ইলেক্ট্রনিক মেকানিক: ১০টি, ইনস্ট্রুমেন্ট মেকানিক: ১২টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ৮টি, ড্রাফটসম্যান (সিভিল): ২টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৮টি, কার্পেন্টার: ৪টি, মেকানিক্যাল মেশিন টুল মেইন্টেন্যান্স: ২টি, প্লাম্বার: ২টি, মেসন/সিভিল মিস্ত্রি: ২টি, বুক বাইন্ডার: ১টি, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট: ৭টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মেসন এবং বুক বাইন্ডার ট্রেডের ক্ষেত্রে ক্লাস এইট পাশ, সঙ্গে অন্তত ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। অন্যান্য ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছরের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), কার্পেন্টার এবং প্লাম্বার ট্রেডের ক্ষেত্রে অন্তত ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**বয়স:** ২৪-৪-২০১৯ তারিখে ১৬ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in রেজিস্ট্রেশনের সময় পাওয়া অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন নম্বরটি টুকে রাখবেন। পরে কাজে লাগবে। এরপর প্রশিক্ষণের জন্য অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.igcar. gov.in আবেদন করা যাবে ১০ এপ্রিল থেকে ২৪ এপ্রিল পর্যন্ত। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে। আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ফুরোবার আগেই সংগ্রহ করুন




Scanned by CamScanner

# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

*বর্ষ ৩৯ সংখ্যা ৩৬ □ ১০ এপ্রিল ২০১৯*

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

### সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি

**গভঃ রেজিঃ নং: 254/01,** কোনও ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং পে-রোলে উঃ বঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/-. পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্চেন্ট নেভিতে) OT, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুন্ডাদের) ST, SC, OBC-দের সুবিধা। G.C.A, B.B. N 24 Pgs, 99335-27495, 80136-07954.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই।** হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**SBI / HDFC / ICICI / PAN CARD / PAYTM** ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 327 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,237/- – 35,850/- (PF + ESI ) W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, হাওড়া / ধর্মতলা: 62892-51870,

□

### Urgent Job Vacancy

বেসরকারি সংস্থায় যোগ্যতার ওপর ATM শপিং মল, BANK (DSA), টাওয়ার, Dish TV, প্রাইভেট Co.-তে (13,700/- – 29,200/-. বেতনে টার্গেট ছাড়া Official বিভিন্ন পদে প্রতিটি জেলায় PF + ESI-সহ স্থায়ী কাজে M/F চাই। ND, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7. Website: www .gcagroup.co.in (M): 95640-30192.

□

### দমদম এয়ারপোর্ট ও মেট্রোতে 135 জন কর্মী চাই

**সরাসরি কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 5 দিনে স্পট জয়েনিং,** যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 17,600/- – 48,900/-, PF + ESI, OT-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। S.J.S., Kol-110. M: 74070-36062,

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৩ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৪ এপ্রিল কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২০ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### এয়ারপোর্টে বিভিন্ন পদে চাকরির সহায়তা

**কলকাতা, দিল্লি ও গোয়া, বেঙ্গালুরু মুম্বই** এয়ারপোর্টে এয়ার হস্টেস, গ্রাউন্ড স্টাফ (CSA, PSA, Tag Boy, Loader) ও টিকিটিং ইত্যাদি পদে ২০১৬ সাল থেকে চাকরির সহায়তা করে আসছে AIROSHINE AVIATION PVT LTD. ওইসব পদে চাকরি করতে ইচ্ছুক প্রার্থীরা ভারতের ১ নং প্লেসমেন্ট অ্যাসিস্ট সার্টিফায়েড ইনস্টিটিউটে সরাসরি ইন্টারভিউয়ের জন্য আসুন। উচ্চমাধ্যমিক এবং গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। শুরুতে কিছুদিনের ট্রেনিং (T & C Apply). সরাসরি ইন্টারভিউ হবে ১২ এপ্রিল ২০১৯ থেকে ২০ এপ্রিল ২০১৯। আসন সংখ্যা: ১৮। যোগাযোগ: AIROSHINE AVIATION PVT LTD, New Town, Chiner Park, Pinnacle Tower (5th Floor), Kolkata-700136. Mob: 83369-60939, 83369-60982 Web: airoshineaviation.com বিঃ দ্রঃ- বিশদ জানতে চোখ রাখুন প্রতি শনিবার রাত ০৯.০০ থেকে CTVN Channel-এ।

□

### বাংলা ভাষায় SBI /JIO / VODA কাস্টমার কেয়ারে

**বাংলাভাষী M.P-Graduate (18-35)** অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388. IIFA, Kol-28.

□

### বিবিধ শূন্যপদ
### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.: 3791
### M: 7407036725

**শূন্যপদ: 184, বয়স: 18-38 পুরুষ ও মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন।** যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: 17,400/- – 48,600/-. এছাড়া PF + ESI + OT -সহ অন্যান্য সুবিধা। S. J. S, R. N. A. Kol-110.

□

### Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব, Govt - R/L No.: 0349

**সম্পূর্ণ বিনা ডোনেশনে গ্যারান্টি** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,500/- – 48,700. সত্বর যোগাযোগ করুন: A. J, C.I.T. Rd, Kol-54. M: 89678-57516.

□

### এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে স্থায়ী জব
### M: 81168-55613

**গভঃ লাইসেন্সপ্রাপ্ত Airport মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে গ্রুপ D-এর** ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,400/- – 48,900/-. এছাড়া অন্যান্য সুবিধা। এক্স আর্মীরা যোগাযোগ করুন। S. C. Pvt. Ltd, C.I.T. Rd, Kol-54.

□

**Back Office-এ C.C.E পিওন পদে** স্পট নিয়োগ। বেতন: 10,800/- –, (M. P-M.A), S. P. BWN-0.1, বাঁকুড়া / বীরভূম / বর্ধমান: 70449-87955.

□

## কর্মখালি

### URGENT VACANCY
### Govt. Regd. No. : WB07D0004754
### ISO 9001 : 2015

**ক্লার্ক, অফিসবয়, পিওন, S. V, A.S.V,** ট্রলিবয়, টেলিকলার, BANK (DSA), Back Office, Data Entry Operator, Pvt. Company-তে পে-রোলে Agriculture-এ স্থায়ী কাজ। বেতন: ১৪,৫০০/- থেকে শুরু। যোগ্যতা: ৮ম-স্নাতক। বয়স: ১৮-৪৫। দিশা কর্পোরেট, রিষড়া, হুগলি। 90516-80952.

□

### শিক্ষক/শিক্ষিকা চাই

**কামাল হোসেনের ইনস্টিটিউটে চাকরির** পরীক্ষার ইংরাজি গ্রামার, বাংলা ব্যাকরণ ও Educational Assessment and Evaluation (Child Psychology), জেনারেল ইন্টেলিজেন্স, বায়ো সায়েন্স (জি. কে.) বিষয় পার্টটাইম পড়ানোর জন্য সংশ্লিষ্ট বিষয়ের মাস্টার ডিগ্রিধারীরা আসুন। অবশ্যই কোনও শিক্ষা প্রতিষ্ঠানে (সঃ /বেসঃ) পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে। কেবল বাড়িতে টিউশন পড়ান এমন কেউ আসবেন না। বয়স: 30 থেকে 45 বছরের মধ্যে। প্রতি 3 ঘণ্টার ক্লাস 700 টাকা। ফটো ও বায়োডাটা-সহ সাক্ষাৎ: 13 এপ্রিল, 12টা থেকে 2-টোর মধ্যে। কামাল হোসেন কোচিং, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

□

### বিজনেস ডেভলপার/শিক্ষক চাই

**(১) ইন্টিরিয়র ডেকরেশন, (২) ফ্যাশান** ডিজাইনিং, (৩) ইলেক্ট্রিক্যাল, (৪) মোবাইল রিপেয়ারিং, (৫) টেলারিং, (৬) ফ্রিজ, এ সি, (৭) বিউটিশিয়ান, (৮) নার্সিং, (৯) প্লাম্বিং, (১০) CITA & DTP, (১১) LCD/LED, (১২) সিভিল ড্রাফটসম্যান, (১৩) কম্পিউটার হার্ডওয়্যার। ইয়ুথ ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট, অফিস: ৬৪, জেমস লং সরণি, জোকা, কলকাতা-১০৪। 86972-61085/93318-58230 বারুইপুর: 90078-70999.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা + খাওয়া + টিপস। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**হাওড়া আলমপুরে অবস্থিত একটি** পোশাক শিল্পের কারখানার জন্য বিভিন্ন পদে মহিলা কর্মচারী প্রয়োজন। যোগ্যতার ভিত্তিতে নিযুক্ত করা হবে। Bonie Enclave Pvt Ltd., ১৪, মনসাতলা, দাগা কমপ্লেক্স, আলমপুর, হাওড়া-৭১১ ৩০২। যোগাযোগ: ৯৮৩৬৭-৮২৮৭০।

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে/** টাওয়ার Co-তে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 74773-12519.

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ।** থাকা-খাওয়া Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□


**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬



**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

**Jio/ Vodafone/ Naptol কাস্টমার** কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন যোগ্যতানুসারে। INC + OT সহ 11,800/-. Z.M.GROUP, Salt Lake Sec-V, Kol-91. হাওড়া: 90880-93059, কলকাতা: 96747-95345, উঃ ও দঃ ২৪ পরগণা: 98301-20692.

□

**Career Launcher Singur Hooghly** Centre requires Teachers for CBSE / ICSE for class VIII-XII, Maths, English, Biology, Physics, Chemistry. Also requires Teacher for Quants (Competitive Examination). Mail your CV: hooghly@careerlauncher.com

□

**AROHAN ENGLISH ACADEMY** (ICSE), BOSO, SIBAICHANDI, HOOGHLY (Near Sibaichandi Rly Station), Urgently required teacher for English, Hindi, Computer. Walk-in-interview on 14th April (Sunday), Contact No.: (03213) 233424, Mob: 93826-44745.

## স্কুল-কলেজ শিক্ষা

### হোটেল ম্যানেজমেন্ট

**BSHM (কেন্দ্র, রাজ্য সরকার অনুমোদিত,** ISO স্বীকৃত ও University Affiliated) কেন BSHM-এ ভর্তি হবেন? (1) ভর্তির সময় Life time job গ্যারান্টি পেপার (2) কোর্স চলাকালীন কোর্স ফি ফেরৎ, তাই No Bank Loan (3) ইনস্টলমেন্ট ফেসিলিটি (4) হোস্টেল ফেসিলিটি (5) সবচেয়ে কম কোর্স ফি তাই, ফ্রি ল্যাপটপ, AC ক্লাসরুম, বড় Campus-এর সুবিধা নেই (6) চমক ও চাকচিক্য নয়, ভবিষ্যৎ গড়ুন বাস্তবতায়। www.bshm.co.in গড়িয়া: 92316-80651.

□

**Railway NTPC, PSC Clerk, ICDS** Supervisor, CHSL, WBCS (Prel. + Mains), Bank ইত্যাদিতে সঠিক প্রস্তুতি ও সুনিশ্চিত সাফল্যের জন্য Call: Jayanta Roy (18 yrs. exp.), Shortcut Math, Mock test, Online Exam, Huge Success. 97480-32827, 87772-17803.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-, চন্দ্রস্যার: 99035-00682.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### 100% সাফল্যের গ্যারান্টি

**'RACE' Coaching Centre. চাকরির** নিশ্চয়তা দেওয়া হয়। Short-Cut পদ্ধতিতে Math শেখানো হয়। Free-তে Class করে ভর্তি হন। সামনেই PSC এবং Rail Exam. তাই আর দেরি নয়, সময় ও সুযোগ দুটোকেই কাজে লাগান। Rail (Spl. Class), PSC, Group-D, K.P, Tet etc. সপ্তাহে 3 days class হয়। Monthly Fees Rs. 250/-. Thakurpukur (Behala), Howrah. (M): 72781-83085, 62893-18120.

□

**ভর্তি চলছে ডন বস্কো টেকনিক্যাল স্কুল,** লিলুয়া (I.T.I) হাওড়া- 711 204-তে BASIC WELDING (ARC/MIG/TIG), CNC, ADVANCE CNC। বয়স: ১৮ থেকে ২৫ বছর, যোগ্যতা: ন্যূনতম অষ্টম, দশম, দ্বাদশ শ্রেণি/I.T.I/DIPLOMA পাশ। ট্রেনিং পরে চাকরির সুযোগ আছে। মো: 98318-15440, 86170-04712/ 033-2655 5431.

□

### ENGLISH

**By S. Muhury For: WBCS (Preli & Main) SSC (CGL & CHSL) PSC** (descriptive) etc. নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য। At: বেলঘরিয়া, মানিকতলা, ব্যারাকপুর, বারাসাত ও বারুইপুর। 98305-38588 / 91233-28993.

□

### নার্সিং ট্রেনিং (100% Job)

**Shree Jain Hospital (Howrah),** ANM (1 yr) Approved by: BSS, GNM, P.P.B.Sc, B. Sc, Approved by INC / K.N.C / R.G.U.H.S. Bangalore. (Science/Commerce/Arts) 10TH/ 12TH Passed. Call: 75968-74245 / 75968-74246.

□

### PSC Clerkship 2019 PREPARATION

**Highly Experienced Teacher Above** 80% Success Record. Mrs. Maity. Ph: 98741-21627, Dum Dum B. G. Road, Kol-30.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**Combined, WBCS JEXPO JEE** NEET JELET, VOCLET AITMT, SSC, ITH, Garia, Kol-84. (M): 90381-66545 / 90078-56890.

□

**WBCS (Prelims, Main, Interview)** পড়াই। গ্রুপ-C -তে ৮ জন সফল হল 3 বছরের প্রস্তুতিতে। সাগর রায়: 94772-19086, হাওড়া ময়দান।

## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

**প্রথম ভারতীয় ভূপর্যটক**
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Subscribe to Bongtimes18

Scanned by CamScanner

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# ক্যান তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** জ্যাম-জেলি, মাছ-মাংস, রসগোল্লা বা অন্যান্য খাদ্যদ্রব্য ক্যানে ভরে দেশে-বিদেশে বিক্রি করা হয়। এই মেশিনের সাহায্যে ছোট-বড়, সরু-মোটা বিভিন্ন ধরনের ক্যান তৈরি করা যায়।

**কীভাবে করবেন:** বাজার থেকে প্রথমে ল্যামিনেটেড টিনের শিট কিনে আনতে হবে। এই শিট সস্তায় পাওয়া যায় মানিকতলা ও বড়বাজার অঞ্চলে। অ্যাডজাস্টিং ডাইসের সাহায্যে পছন্দ-মতো বিভিন্ন মাপের ক্যান তৈরি সম্ভব। প্রথমে যেরকম সাইজের ক্যান তৈরি করতে চান, সেই মাপ অনুযায়ী টিনের শিট কেটে নিতে হবে। এবার সেই শিট মেশিনের নির্দিষ্ট জায়গায় দিয়ে মেশিন চালু করলে সেই শিট গোল আকার নেবে। এরপর ওই গোল আকারের শিটটিকে অপর একটি জায়গায় দিয়ে মেশিন চালু করলেই নির্দিষ্ট আকারের ক্যান তৈরি হয়ে বেরিয়ে আসবে। মেশিনটি চালাতে ২ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর সমেত ক্যান তৈরির এই মেশিনটির দাম পড়বে ৮০,০০০ টাকা। অ্যাডজাস্টিং ডাইসের দাম পড়বে ৫,০০০ থেকে ৭,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: M/s. S Bhanco, 35, Sarat Chandra Dhar Road, Kolkata-90. Ph: 98312 26009, 98319 15043.


# নিশ্চিত চাকুরীমুখী কোর্স

যোগ্যতা মাধ্যমিক (এ বছরের পরীক্ষার্থীরাও eligible)

| | | |
|---|---|---|
| ☆ MOBILE REPAIRING (Android / I-Phone) | 3 MONTHS | 3000/- |
| ☆ COMPUTER H/W + NETWORKING (Laptop / printer) | 3 MONTHS | 4000/- |
| ☆ OFFICE MANAGEMENT (FA / DTP / IT / Web / Animation) | 3 MONTHS | 3000/- |
| ☆ INTERIOR DECORATION | 4 MONTHS | 4000/- |
| ☆ RETAIL & ONLINE MARKETING | 4 MONTHS | 4000/- |
| ☆ TRAVEL & TOURISM MANAGEMENT | 4 MONTHS | 4000/- |

☆ 1 year & 2 years courses available with 100% job opportunity

FREE Spoken English

☆ Free Educational Kit
☆ স্বল্প খরচে হোস্টেলের সুবিধা
☆ কোর্সের শেষে দেশে ও বিদেশে চাকরির সুযোগ
☆ ভারত সরকারের UGC/MHRD দ্বারা স্বীকৃত কোর্স



Mindmine
Institute For Skill Training (MIST)
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
✦ মৌলালী (Taltala) ✦ ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656



VISWA BHARATHI TRUST

# GNM, BSC, নার্সিং এ ভর্তি (ব্যাঙ্গালোর)

SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)
VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)



কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?

১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% রেজাল্ট।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও কারেন্টের ব্যবস্থা আছে।
৪. সমস্ত ছাত্র-ছাত্রীদের ইংরাজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।

সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

100% LOAN ও PLACEMENT HELPING, MINORITY SCHOLARSHIP

বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃদ্রঃ- মাত্র ১০০০০ টাকায় ভর্তি/ Booking করে ৬ ঘন্টার মধ্যে Admission / Booking Letter হাতে পাবেন।

# ঘোষ এডুকেশন সেন্টার

An ISO 9001:2015 certified

দমদম রেল স্টেশন, কলকাতা - 700030, H.O. : 7797314385

কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207 (C.O) কামারপুকুর (আরামবাগ) : 7047093097, মুর্শিদাবাদ : 8001883094, মালদা : 9735022549, দঃ ২৪ পরগণা : 8001946942, দুর্গাপুর : 8001883094, মেদিনীপুর : 8001967916, ওন্দা (বাঁকুড়া) : 6297535731

GNM-2,20,000
BSC-3,30,000

শিক্ষক এবং সম্মানীয় ব্যাক্তিরা ফ্রাঞ্চাইজির জন্য যোগাযোগ করুন 7797314385



# ALP-PSYCHO/APTI

Class-এর শেষ সুযোগ (পরীক্ষা 16th April)

রোজ নতুন নতুন ব্যাচে ভর্তি চলছে।

Projector/Online Practice

ভর্তি চলছে ভর্তি চলছে

Rly. Gr. D & NTPC New Batch

RLY JE SPL. ব্যাচে ভর্তি চলছে

Tech Combined New Batch

তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল® Govt. Regd.

ভদ্রেশ্বর, জেলা : হুগলি — আমাদের কোনো শাখা নেই

M. : 8820022385, 9681026768

(8 am-5 pm), প্রতিদিন খোলা, মাসিক মাইনে, হোস্টেল আছে।

প্রয়োজনে আমাদের Youtube channel & Facebook page search করতে পারেন Tapoban "Study Centre For Technical"


Subscribe to Bongtimes76

Scanned by CamScanner

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*তোমাকে কথা বলতে বলতে কথা বলতে শিখতে হয়, দৌড়তে দৌড়তে দৌড়ানো শিখতে হয়, পড়াশোনা করতে করতে পড়াশোনার গভীরে ঢুকতে হয়, তেমনই কাজ করতে করতে কাজ শিখতে হয়।*
*— আনাতোলে ফ্রাঁসে*
*(ফরাসি সাহিত্যিক)*

*✓ ফিজিক্সের অনার্স গ্র্যাজুয়েট। অনার্সে ৬৪ শতাংশ নম্বর আছে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করছি। সরকারি চাকরির জন্য পড়াশোনা করছি। চাকরির খোঁজ দেবেন।*
*অনির্বাণ গোস্বামী, কৃষ্ণনগর, নদিয়া।*

□ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। চাকরির পরীক্ষার জন্য নিজেকে ভালো করে প্রস্তুত করে তুলুন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু অ্যাসিস্ট্যান্ট নেবে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়া। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩ এপ্রিল সংখ্যায় 'ফুড সেফটিতে ২৪০' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fssai.gov.in

কিছু অ্যাসিস্ট্যান্ট নেবে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়া। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩ এপ্রিল সংখ্যায় 'ফুড সেফটিতে ২৪০' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fssai.gov.in

স্নাতকে প্রথম শ্রেণির নম্বর থাকায় আই ডি বি আই ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে আবেদন করতে পারেন। চাইলে এক্সিকিউটিভ পদেও আপনি আবেদন করতে পারবেন। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে আবেদনের জন্য স্নাতকে মোট অন্তত ৬০ শতাংশ এবং এক্সিকিউটিভ পদে আবেদনের জন্য মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। তপসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ শতাংশ নম্বরের ছাড় পাবেন। 'কর্মক্ষেত্র'-র ৩ এপ্রিল সংখ্যায় 'আই ডি বি আই ব্যাঙ্কে ৮০০ এক্সিকিউটিভ ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbi.com

১৩৫জন আপার ডিভিশন ক্লার্ক নেবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন। এম এস অফিস এবং ডেটা বেস ব্যবহার করে কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। ৬ মার্চ সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'রাজ্য ই এস আইয়ে ১৪৫ ক্লার্ক ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esic.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। স্নাতকে ৬০ শতাংশ নম্বর থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। ব্যাঙ্কের ক্লার্ক বা প্রবেশনারি অফিসারের যোগ্যতা নির্ধারণের পরীক্ষায় বসতে পারেন। সেক্ষেত্রে আপনাকে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদে আবেদন করলে যোগ্যতা নির্ধারক এই পরীক্ষায় বসার দরকার হবে না। সেক্ষেত্রে স্টেট ব্যাঙ্ক আয়োজিত পরীক্ষার মাধ্যমেই প্রার্থী বাছাই হবে। রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতেও অফিসার এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদে চাকরির সুযোগ আছে। একটু সময় নিয়ে প্রস্তুত হওয়ার সুযোগ থাকলে ডব্লু বি সি এস বা সেন্ট্রাল সিভিল সার্ভিসের পরীক্ষায় বসতে পারেন।

*✓ বি এ পড়ছি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করছি। চাকরির প্রয়োজন খুব। চাকরির খোঁজ পেতে চাই।*
*সন্দীপন রায়, শেওড়াফুলি, হুগলি।*

□ স্নাতক কোর্স সম্পূর্ণ হওয়ার আগে পর্যন্ত আপনি উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা করে প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ার জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-ওয়ান) পদে আবেদন করতে পারেন। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরাই এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ৩ এপ্রিল সংখ্যায় 'ফুড সেফটিতে ২৪০' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fssai.gov.in

দেশজুড়ে বিভিন্ন রেলে ১,০৩,৭৬৯ জন লেভেল-ওয়ান (পূর্বতন গ্রুপ 'ডি') কর্মী নিয়োগ করবে রেল। মাধ্যমিক বা আই টি আই অথবা অ্যাক্ট অ্যাপ্রেন্টিস যোগ্যতায় আবেদন করা যাচ্ছে। নিয়োগ হবে লেভেল-ওয়ানের বিভিন্ন পদে। ২০ মার্চ সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'রেলে ১০৩৭৬৯ গ্রুপ 'ডি'' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। যে রেল-সংশ্লিষ্ট আর আর বি-র আওতাধীন শূন্যপদে আবেদন করবেন, তার ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে ১২ এপ্রিলের মধ্যে। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডগুলির ওয়েবসাইটের তালিকা পাবেন 'কর্মক্ষেত্র'-র উল্লিখিত সংবাদে। কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট www.rrbkolkata.gov.in এই ওয়েবসাইটের মাধ্যমে বিভিন্ন রেলের শূন্যপদেই আবেদন করার সুযোগ আছে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদেও চাকরির সুযোগ আছে। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট এক্সামিনার পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, পাবেন আরও চাকরির খবর।

*✓ আমি মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করছি। বর্তমানে দ্বিতীয় বর্ষে পড়ছি। আমি দূরপাল্লার ট্রেনের চালক হতে চাই। আমি কি ট্রেনচালক পদে আবেদন করতে পারব? কী যোগ্যতার দরকার হয়? ডিপ্লোমার সঙ্গে অন্য কোনও বিষয় পড়লে কি চাকরি পেতে সুবিধা হবে? নির্দিষ্ট উচ্চতা থাকার দরকার হয় কি? পরীক্ষা কেমন হয়? বিশদে জানালে উপকৃত হব।*
*সঞ্জীব রাহা, গোবরডাঙা, উত্তর ২৪ পরগনা।*

□ সরাসরি ট্রেনচালক তথা লোকো পাইলট পদে আবেদন করা যায় না। আপনি অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন ডিপ্লোমা সম্পূর্ণ হওয়ার পরে। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে অভিজ্ঞতা অর্জনের পরে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট এবং তারপরে লোকো পাইলট পদে উন্নীত হওয়া যায়। উচ্চতা-সম্পর্কিত বিশেষ কিছু বিধিনিষেধ নেই। তবে দৃষ্টিশক্তি সম্পর্কে আগে থেকে ওয়াকিবহাল থাকা দরকার। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের ক্ষেত্রে এ-ওয়ান মানের দৃষ্টিশক্তি থাকতে হয়। অর্থাৎ চশমা ছাড়া দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৬ মানের দৃষ্টিশক্তি থাকতে হবে। কাছের ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া উভয় চোখে এস এন-০.৬। বর্ণান্ধতা থাকলে চলবে না। বরং রং চেনার উচ্চ ক্ষমতা থাকতে হবে। এই পদে আবেদনের জন্য অন্য কোনও কোর্স করার দরকার নেই। ডিপ্লোমার রেজাল্ট যত ভালো হবে, ততই আপনার সুবিধা। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে পরীক্ষার জন্য সময় নিয়ে প্রস্তুতি নিতে পারেন। প্রার্থী বাছাই হয় দুই পর্বের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে। সঙ্গে থাকবে মেডিক্যাল টেস্ট। প্রথম পর্বের পরীক্ষায় মোট ৭৫টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয় এইসব বিষয়ে: অঙ্ক, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়ারনেস ও কারেন্ট অ্যাফেয়ার্স। দ্বিতীয় পর্বের পরীক্ষার দুটি অংশ। প্রথম অংশে প্রথম পর্বের বিষয়গুলি থেকেই মোট ১০০টি প্রশ্ন হবে। দ্বিতীয়াংশে ৭৫টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে প্রার্থীর নিজস্ব টেকনিক্যাল ট্রেড থেকে।

লিখিত পরীক্ষায় সফল হলে অ্যাপ্টিটিউড টেস্ট। এক্ষেত্রে একজন ট্রেনচালকের উপযুক্ত চটজলদি সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা, উপস্থিত বুদ্ধি, কারিগরি সমস্যা সমাধানের দক্ষতা ইত্যাদি যাচাই করা হয়।

বিশেষ জোর দেওয়া হবে প্রার্থীর দৃষ্টিশক্তি যাচাইয়ের ব্যাপারে। কেননা একজন ট্রেনচালকের উচ্চমানের দৃষ্টিশক্তি থাকার দরকার হয় স্বাভাবিকভাবেই। ফলে এই পদেই চাকরি করবেন বলে সিদ্ধান্ত নিয়ে থাকলে আগেই কোনও চক্ষু চিকিৎসকের কাছ থেকে দৃষ্টিশক্তি যাচাই করিয়ে নেবেন।



## ভালোবেসে কোনও বিষয় পড়লে সেই বিষয়ই আপনাকে পথ দেখাবে

**ডঃ কুণাল মুখোপাধ্যায়**
লেকচারার— পলিটিক্স, ফিলোজফি ও রিলিজিয়ন বিভাগ, ল্যাঙ্কাস্টার বিশ্ববিদ্যালয়
ল্যাঙ্কাস্টার, ইংল্যান্ড

উচ্চমাধ্যমিক পড়তে ভর্তি হয়েছিলাম সেন্ট জেমস স্কুলে। ওখানে সায়েন্স, কমার্স পড়া যেত তখন। আমার বিষয় ছিল কমার্স। কিন্তু আমার প্রাণের বিষয় ছিল সোশ্যাল সায়েন্স, বিশেষ করে ইতিহাস। ইতিহাস নিয়ে পড়াশোনায় বাড়ির সায় ছিল না। অগত্যা বিদ্রোহ। সেন্ট জেমস ছেড়ে ভর্তি হলাম স্কটিশ চার্চ কলেজে। ইতিহাস পড়ার পথ খুলল। গ্র্যাজুয়েশন প্রেসিডেন্সি কলেজে। ইতিহাস অনার্স। প্রথম শ্রেণির নম্বর ছিল। এরপর কলকাতা বিশ্ববিদ্যালয়। তখন আমার প্রতিটি নিঃশ্বাস-প্রশ্বাসে ইতিহাস। জানতাম অনেকটা পথ পেরোতে হবে। এম এ পড়তে পড়তে বিদেশী স্কলারশিপের খোঁজখবর নিতে শুরু করেছিলাম। অবশেষে এম এ সম্পূর্ণ করার আগেই ইংল্যান্ডের ম্যাঞ্চেস্টার বিশ্ববিদ্যালয় থেকে স্কলারশিপ পেলাম। এম এ সম্পূর্ণ হল এই বিশ্ববিদ্যালয় থেকেই।

শুরু হল পরবর্তী পর্বের পড়াশোনা। পি এইচ ডি-র পড়াশোনা। স্কলারশিপের অর্থ দিয়ে শুধু পড়াশোনার খরচ মেটানো যেত। থাকা-খাওয়ার জন্য ইউনিভার্সিটিতেই ক্লিনারের কাজ করতাম। খাটুনি প্রচুর। পারিশ্রমিক কম। কিন্তু এ ছাড়া উপায় ছিল না। থাকতাম আরও চার-পাঁচজন ছাত্রের সঙ্গে। খাওয়াদাওয়ার খরচ খুব। তাই খাদ্যের জন্য বেশি খরচের সামর্থ্য ছিল না। চুল ছাঁটার খরচ অনেক বলে নেড়া হয়ে থাকতাম। সেই অভ্যাস এখনও রয়ে গেছে।

ওখানে পি এইচ ডি করার সময়সীমা চার বছর। আমার গবেষণার কাজ দু'বছরেই সম্পূর্ণ হয়ে গিয়েছিল। কিন্তু চার বছরের আগে প্রোগ্রাম থেকে বেরিয়ে আসা যাবে না। তবে একটু বাড়তি সময় পেলাম। পার্ট টাইম লেকচারশিপের জন্য পরীক্ষা দিলাম, স্নাতক স্তরের পরীক্ষার্থীদের খাতা পরীক্ষা করার যোগ্যতা নির্ধারণের পরীক্ষা দিলাম। অতঃপর ক্লিনারের কাজটা ছেড়ে দিলাম। পার্ট টাইম লেকচারের কাজ শুরু করলাম। পরীক্ষার খাতা দেখা শুরু করলাম। একটু আর্থিক স্বাচ্ছন্দ্যের মুখ দেখা গেল। সঙ্গে চলতে লাগল জোরকদমে পড়াশোনাও। ইংল্যান্ডে শিক্ষকতা করার একটা বড় মাপকাঠি হল গবেষণাপত্র প্রকাশ। মনোযোগ দিলাম সেদিকে।

অতঃপর ২০১১ সালে ইংল্যান্ডের ল্যাঙ্কাস্টার বিশ্ববিদ্যালয়ে লেকচারারের চাকরি হল। ততদিনে নামী কিছু জার্নালে আমার কিছু গবেষণাপত্র প্রকাশিত হয়ে গেছে। পরে আন্তর্জাতিক সম্পর্ক হয়ে উঠেছিল আমার গবেষণার বিষয়।

প্রসঙ্গত জানাই, আমি জন্মসূত্রে ইংল্যান্ডের নাগরিক। সাহেব না হওয়ায় নানাভাবে বৈষম্যের শিকার হতে হয়। আমার হাতিয়ার কিন্তু আমার বিষয়, পড়াশোনা, গবেষণা। সে-সবের মাধ্যমেই আমি ছাত্রছাত্রীদের ভালোবাসা পাই। আমার শিক্ষকতা নিয়ে তাঁদের ভালো রেটিং আমাকে উৎসাহিত করে। এবছর রাউটলেজ প্রকাশনা সংস্থা থেকে 'কনফ্লিক্ট ইন ইন্ডিয়া অ্যান্ড চায়নাস কনটেস্টেড বর্ডারল্যান্ডস: এ কমপারেটিভ স্টাডি' শিরোনামে বই প্রকাশিত হয়েছে। কিছুদিন আগে ম্যানচেস্টারে একটি ফ্ল্যাট কিনতে পেরেছি।

নিজের জীবন-সম্পর্কিত এতগুলো কথা বলার কারণ এই যে, আমি বলতে চাই, কোনও বিষয় যদি আপনার প্রাণের বিষয় হয়ে থাকে, সেই বিষয়টিকে যদি আপনি জীবনভর আঁকড়ে রাখতে চান, তাহলে সেই বিষয়ই আপনার পথ-প্রদর্শক হয়ে উঠবে, আপনাকে প্রতিষ্ঠা দেবে। পরিশ্রম করে বিষয়টির গভীরে ঢুকে পড়াশোনা করতে হবে। বিষয়টির মণিমুক্তোগুলোর হদিশ পেতে হবে। আর আপনার গোটা যাত্রাপথটাই হয়ে উঠবে আনন্দঘন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Scanned by CamScanner

## কী পড়বেন, কোথায় পড়বেন

# হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা ১৩ জুলাই

পশ্চিমবঙ্গের তিনটি শিক্ষাপ্রতিষ্ঠানে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেহোম-২০১৯' আয়োজিত হবে ১৩ জুলাই (শনিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

**শিক্ষাপ্রতিষ্ঠান অনুসারে আসনসংখ্যা:** এন এস এইচ এম স্কুল অব হোটেল ম্যানেজমেন্ট: ১২০টি। গুরু নানক ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট: ৬০টি। শিলিগুড়ি ইনস্টিটিউট অব টেকনোলজি: ৪০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। **বয়স:** ৩১-১২-২০১৯ তারিখে ১৭ বছরের উর্ধ্বে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে 'জেহোম-২০১৯' প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), জেনারেল নলেজ (৩০ নম্বর), লজিক্যাল রিজনিং (২০ নম্বর) এবং এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর) বিষয়ে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত।

পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সেন্টার কোড): কলকাতা-উত্তর বা সল্ট লেক (৮১২), দুর্গাপুর (৭০২), শিলিগুড়ি (৭৩২)। আবেদনের সময় প্রার্থীর পছন্দের যে-কোনও দু'টি কেন্দ্রের উল্লেখ করতে হবে। ৪ জুলাই (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.wbjeeb.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ১৬ এপ্রিল পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (৩ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনের ফর্ম সংশোধন করা যাবে ১৭ এপ্রিল থেকে ১৯ এপ্রিল পর্যন্ত।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



# স্কলারশিপের খোঁজখবর

## তেল আভিভ ইউনিভার্সিটি সামার প্রোগ্রাম স্কলারশিপ ২০১৯, ইজরায়েল

সাইবার সিকিউরিটি, বিজনেস অ্যান্ড অন্ত্রেপ্রেনরশিপ ইন দ্য স্টার্ট আপ নেশন, মিডল ইস্ট অ্যান্ড কনফ্লিক্ট স্টাডিজ, সায়েন্স, স্মার্ট সিটিজ অ্যান্ড ফুড সেফটি অ্যান্ড সিকিউরিটি বিষয়ে সামার রিসার্চ প্রোগ্রাম, ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশ নিতে ইচ্ছুক স্নাতক ও স্নাতকোত্তর পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ইজরায়েলের তেল আভিভ ইউনিভার্সিটি। স্কলারশিপ বাবদ টিউশন ফি, মেডিক্যাল ইনসিওরেন্স ও থাকার খরচের ৬৫ শতাংশ বহন করবে বিশ্ববিদ্যালয়।

**আবেদনের যোগ্যতা:** শেষতম পরীক্ষায় মোট অন্তত ৮০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/TAU7 আবেদনের শেষ তারিখ ১০ এপ্রিল।

## মাস্টার্স প্রোগ্রাম ২০১৯, ফ্রান্স

ফ্রান্সে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ফ্রান্সের ক্যাম্পাস ফ্রান্স সংস্থা।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক। কর্মরতদের ক্ষেত্রে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করা যাবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

**স্কলারশিপের পরিমাণ:** টিউশন ফিয়ের খরচ বাবদ দেওয়া হবে সর্বাধিক ৫০০০ ইউরো, মেডিক্যাল ইনশিওরেন্স বাবদ দেওয়া হবে প্রতি বছরে ৩০০ ইউরো এবং থাকা-খাওয়ার খরচ বাবদ দিতে হবে ৭০০ ইউরো। ভিসা খরচ এবং একবার ভারত থেকে ফ্রান্সে যাতায়াতের খরচ দেওয়া হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/CMP5 আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

## এম পাওয়ার গ্লোবাল সিটিজেন স্কলারশিপ প্রোগ্রাম ২০১৯

আমেরিকা ও কানাডার তালিকাভুক্ত দ্বিশতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে যে-কোনও বিষয়ে পূর্ণ সময়ের কোর্স করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এম পাওয়ার ফিনান্সিং। স্কলারশিপ বাবদ দেওয়া হবে বার্ষিক ৫,০০০ আমেরিকান ডলার।

**আবেদনের যোগ্যতা:** আমেরিকা বা কানাডার নির্দিষ্ট তালিকাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। বয়স অন্তত ১৮ বছরের হতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/MGC1 আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল। শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

## তফসিলি ছাত্রছাত্রীদের জন্য সামার ফেলোশিপ ইন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ২০১৯

সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং পাঠরত তফসিলি ছাত্রছাত্রীদের সামার ফেলোশিপ দিচ্ছে ব্যাঙ্গালোরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এবং ইন্ডিয়ান অ্যাকাডেমি অব সায়েন্সেস। ছাত্রছাত্রীরা অভিজ্ঞ অধ্যাপকদের তত্ত্বাবধানে রিসার্চের সুযোগ পাবেন।

**আবেদনের যোগ্যতা:** এম এসসি-র প্রথম বর্ষ অথবা বি ই বা বি টেকের তৃতীয় বা চতুর্থ বর্ষে পাঠরতরা আবেদনের যোগ্য।

**ফেলোশিপের পরিমাণ:** ৫,০০০ টাকা এবং বইয়ের খরচ বাবদ দেওয়া হবে ১,৫০০ টাকা। প্রতিষ্ঠানের তরফে যাতায়াতের খরচ এবং ক্যাম্পাসে থাকার খরচ বহন করা হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/SFI3 আবেদনের শেষ তারিখ ২০ এপ্রিল।

## গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট, এগ্রিকালচার অ্যান্ড ইকনমিক্স ইন্টারন্যাশনাল স্কলারশিপ, ২০১৯

ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট, এগ্রিকালচার এবং অ্যাপ্লায়েড ইকনমিক্সে পোস্ট-গ্র্যাজুয়েশন করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইংল্যান্ডের ইউনিভার্সিটি অব রিডিংয়ের অধীনস্থ গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট, এগ্রিকালচার অ্যান্ড ইকনমিক্স ইন্টারন্যাশনাল।

**আবেদনের যোগ্যতা:** সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে।

**ফেলোশিপের পরিমাণ:** স্কলারশিপ বাবদ দেওয়া হবে ৩০০০ ব্রিটিশ পাউন্ড।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/SE/GIS1 আবেদনের শেষ তারিখ ২৩ এপ্রিল।

## ইনলাকস স্কলারশিপস ২০১৯

আমেরিকা, ইউরোপ ও ইংল্যান্ডের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে পোস্ট-গ্র্যাজুয়েশন করতে ইচ্ছুক স্নাতক পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইনলাকস শিবদাসানি ফাউন্ডেশন। স্কলারশিপ বাবদ টিউশন ফি, থাকা ও যাতায়াতের খরচ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা:** সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/IS71 আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

*(তথ্য সহায়তা: buddy4study)*

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও কলেজের পরীক্ষা প্রায় শেষ–
সরকারি চাকরির প্রস্তুতি শুরু করুন এখন থেকেই

সরকারি চাকরির পরীক্ষা হল সাফল্যের অদম্য ইচ্ছা, সিলেবাস ভিত্তিক নিয়মিত অনুশীলন, প্রতিযোগীতার স্বচ্ছ ধারণা নিয়ে প্রতিযোগীদের থেকে নিজেকে এগিয়ে রাখা-এসব কিছুই সঠিক প্রশিক্ষণ ছাড়া অসম্ভব। সরকারি চাকরি পাওয়ার জন্য ছাত্রছাত্রীদের মানসিক প্রস্তুতি ও প্রতিযোগীতামূলক পড়াশোনা স্নাতক, উচ্চমাধ্যমিক ও এমনকি মাধ্যমিকের পরেই শুরু করা উচিত, যাতে তারা যোগ্যতা ও বয়স অনুযায়ী জীবনে প্রতিষ্ঠিত হতে পারে। চাকরির প্রতিটি পরীক্ষার জন্যই যেহেতু বয়স একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় সেহেতু অযথা সময় নষ্ট করা উচিত নয়। জিএসসিই-তে সব ধরনের ছাত্রছাত্রীর জন্য রয়েছে চাকরির পরীক্ষার উপযোগী পড়াশোনার সুযোগ। প্রতি বছর লক্ষাধিক ছাত্রছাত্রী মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েশন, বি.টেক, এম.টেক., এম.এ., এম.এস.সি. প্রভৃতি পাশ করে এই আশা নিয়ে যে পছন্দের সরকারি চাকরি পেয়ে জীবনে প্রতিষ্ঠা ও সামাজিক সম্মান পাবে, অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য আসবে, পরিবারের পাশে দাঁড়াবে এবং নিজের সুনিশ্চিত ভবিষ্যত গড়ে তুলবে। এক্ষেত্রে সুদীর্ঘ ৯৯ বছরের প্রতিষ্ঠান জর্জ টেলিগ্রাফের জিএসসিই পশ্চিমবঙ্গ তথা উত্তরপূর্ব ভারতের ছাত্রছাত্রীদের কাছে এক সুনিশ্চিত ভরসাস্থল যেখানে প্রয়োজন অনুযায়ী ডব্লুবিসিএস, কম্বাইন্ড প্রভৃতি কোর্সের মধ্য দিয়ে পছন্দের চাকরি পাওয়া পর্যন্ত পড়াশোনা করার সুযোগ পাওয়া যায়। তাছাড়া কোন একটি পরীক্ষার উপর শর্টটার্ম কোর্স করার সুবিধাও আছে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক সহ যে কোনো যোগ্যতার ছাত্র-ছাত্রীরা বাড়ির কাছের যে কোনো জিএসসিই কেন্দ্রে যোগাযোগ কব্যে ফ্রি কেরিযার কাউন্সেলিং-এর মাধ্যমে জানতে পারে যে তার বয়স ও যোগ্যতায় কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দিতে পারবে এবং কীভাবে পড়াশোনা করলে এমনকি ২-৩ মাসের প্রস্তুতিতেও সরকারি চাকরি পাওয়া সম্ভব। জিএসসিই সবার প্রথমে ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগীতামূলক মানসিকতা তৈরি করে তাছাড়া নিয়মিত স্টাডি মেটিরিয়ালস্ ধরে ক্লাসের সঙ্গে আছে এখানকার নিজস্ব বাংলা মাসিক পত্রিকা 'অ্যাচিভার্স', ইংরেজি মাসিক পত্রিকা 'অ্যাচিভার্স-ইন-ফোকাস' ও সাপ্তাহিক বাংলা ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা', অনলাইন এবং অফলাইন মক টেস্ট, ফর্ম ফিল-আপ, নিজস্ব কম্পিউটার ল্যাবে পরীক্ষার দেওয়ার সুবিধা, লাইব্রেরি, ডাউট ক্লিয়ারিং ক্লাস, ইন্ডিভিজুয়াল কেয়ার, পার্সোনালিটি গ্রুমিং, ইন্টারভিউ দেবার প্রকৌশল ও অন্যান্য সুযোগ সুবিধা। বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের চাকরির পরীক্ষায় জিএসসিই-র ছাত্রছাত্রীদের সাফল্যের হার ঈর্ষনীয়। কোর্স ফিও সামর্থ্যের মধ্যে।

একসঙ্গে এতগুলি সরকারি চাকরি পাওয়ার সুযোগকে কাজে লাগান, পরীক্ষার সমস্ত রকম প্রস্তুতির জন্য GSCE সহযোগীতা করতে সদা তৎপর।

SBI P.O. — শূন্যপদ: ২০০০ — শিক্ষাগত যোগ্যতা: স্নাতক — বয়স: ২১-৩০ বছর — ফর্ম ফিল-আপ (অনলাইন): ২/৪/১৯ থেকে ২২/৪/১৯ পর্যন্ত

ভারতীয় রেল — শূন্যপদ: ১৩৯০৪৬ (প্রায়) — শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক থেকে স্নাতক — বয়স: ১৮-৩৩ বছর — ফর্ম ফিল-আপ (অনলাইন): ১২/৪/১৯ পর্যন্ত

পিএসসি ICDS — শূন্যপদ: ২৯৫৪ — শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট — বয়স: সর্বোচ্চ ৩৯ বছর — ফর্ম ফিল-আপ: ১৬/৪/১৯ পর্যন্ত

পশ্চিমবঙ্গ পুলিশ — কনস্টেবল (Excise) — শূন্যপদ: ৩০০০ — শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক — বয়স: ১৮-২৭ বছর — ফর্ম ফিল-আপ: ১০/৪/১৯ পর্যন্ত

GSCE
পড়লেই সরকারি চাকরি

ভর্তি চলছে
✓ WBCS — GSCE-র WBCS কোর্সে পড়লে WBCS সহ একাধিক সরকারি চাকরিতে নিশ্চিত সাফল্য
✓ Regular Combined Course (CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc.)
✓ Interview & Personality Grooming

Helpline : 9830277100/200/300

জিএসসিই-তে স্পেশাল ক্র্যাশ কোর্স

সমস্ত ছাত্রছাত্রীদের সুবিধার্থে GSCE এনেছে ভারতীয় রেল, এসবিআই পিও, পিএসসি ক্লার্কশিপ, এসএসসি সিএইচএসএল, পিএসসি আইসিডিএস, পশ্চিমবঙ্গ পুলিশ, ফুড কর্পোরেশন ও অন্যান্য সরকারি চাকরির পরীক্ষার ওপর স্পেশাল ক্র্যাশ কোর্স। প্রতিটি কোর্সের মেয়াদ ৬ মাস। যেখানে ভর্তি হলে একজন প্রার্থী জানতে পারবে - (১) পরীক্ষায় কী কী প্রশ্ন আসবে সেই সমস্ত প্রশ্ন উত্তরের আলোচনা। (২) প্রতিটি প্রশ্নের জন্য কত সময় বরাদ্দ ও কীভাবে শর্টকার্ট টেকনিক প্রয়োগ করে সময়ের মধ্যে শেষ করা যায়। (৩) বিগত ১০ বছরের প্রশ্ন উত্তরের খুঁটিনাটি। (৪) কীভাবে প্রতিযোগী ছাত্রছাত্রীদের থেকে নিজেকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাওয়া যায়। (৫) মহড়া পরীক্ষার মাধ্যমে নিজেকে যাচাই করা সহ আরো অনেক কিছু। ভারতীয় রেল, এসবিআই পিও, পিএসসি ক্লার্কশিপ, এসএসসি সিএইচএসএল, পিএসসি আইসিডিএস, পশ্চিমবঙ্গ পুলিশ, ফুড কর্পোরেশন, আইডিবিআই ও অন্যান্য সরকারি চাকরিতে প্রচুর শূন্যপদ। GSCE-র গাইডলাইন মেনে পড়াশোনা করলে সরকারি চাকরি নিশ্চিত। তাই আজই আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে আসুন ও সমস্ত বিষয়ে বিস্তারিত ভাবে জেনে নিন।

রেল, পিএসসি ক্লার্কশিপ, রাজ্য পুলিশ, SSC CHSL, ব্যাঙ্ক প্রভৃতি পরীক্ষার উপর ভর্তি চলছে

সর্বমোট কোর্স ফি ১০২৪০ টাকা (আসন সীমিত)

ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত কিছু জানতে- ✆ 9231036500

(হেড অফিস) শিয়ালদহ
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
✆9674087465
✆9051040306
✆9230056675
✆9830277761
উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

কলকাতা জোন
ডানলপ(C.O.) : ✆9230056673
বারাসাত : ✆9674087467
ব্যারাকপুর : ✆9230056668
গড়িয়াহাট : ✆9230056665
বেহালা : ✆9051040318
হাওড়া ময়দান : ✆9230056677
নেতাজীনগর : ✆9674087860
রানাঘাট : ✆9674083508
কৃষ্ণনগর : ✆9674087470
কল্যানী : ✆9674087469
ডায়মন্ডহারবার : ✆9230056662
সোনারপুর : ✆9674087466
বনগাঁ : ✆8697984953

ইস্টার্ন জোন
বর্ধমান : ✆ 9674025700
রামপুরহাট : ✆ 9674061397
কোন্নগর : ✆ 9230056667
বোলপুর : ✆ 9674012025
সিউড়ী : ✆ 9674087835
দুর্গাপুর : ✆ 9674025500
আসানসোল : ✆ 9674087475
ব্যান্ডেল : ✆ 9230056669
তারকেশ্বর : ✆ 9830277743
কাটোয়া : ✆ 9830277230

ওয়েস্টার্ন জোন
পঃমেদিনীপুর : ✆9230056671
বাঁকুড়া : ✆8017491727
পুরুলিয়া : ✆9830277820
বাগনান : ✆9674087468
কাঁথি : ✆9674140376
খড়গপুর : ✆9230016054
তমলুক : ✆8697984951
ঝাড়গ্রাম : ✆9674087874

ইস্টার্ন ইন্ডিয়া
পাটনা (বিহার) : ✆09674053678

নর্দার্ন জোন
শিলিগুড়ি : ✆9674087473
জলপাইগুড়ি : ✆9674025600
কালিম্পং : ✆9830277171
কোচবিহার : ✆9830277023
মালদা : ✆9674087472
বালুরঘাট : ✆9230056676
বহরমপুর : ✆9674087471
রায়গঞ্জ : ✆8017491728
আলিপুরদুয়ার : ✆9674033336
ইসলামপুর : ✆9830277597
ধুপগুড়ি : ✆9830277257
দিনহাটা : ✆9830277698

Website : www.gsceindia.org
George Telegraph • Since 1920
www.facebook.com/George-School-of-Competitive-Exams

Subscribe to Bongtimes78

Scanned by CamScanner

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষায় কোন পদ্ধতিতে প্রার্থী বাছাই করা হবে? —তপতী সেনশর্মা, কালীগঞ্জ, নদিয়া।*

□□ 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৯'-এ লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইংলিশ-সহ সংশ্লিষ্ট বিষয়ে। জেনারেল ইংলিশের পত্রে প্রশ্ন হবে ১০০ নম্বরের। সংশ্লিষ্ট বিষয়ের তিনটি পত্রের প্রতিটিতে প্রশ্ন হবে ২০০ নম্বরের, সময় ৩ ঘণ্টা করে। জুনিয়র হাইড্রো-জিওলজিস্ট পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের প্রথম দু'টি পত্রে জিওলজি এবং তৃতীয় পত্রে হাইড্রোজিওলজি-সংক্রান্ত প্রশ্ন হবে। এরপর হবে ২০০ নম্বরের ইন্টারভিউ বা পার্সোন্যালিটি টেস্ট। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস' পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন আসে? —মাধব পৈতণ্ডি, তারাপীঠ, বীরভূম।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস/ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন, ২০১৯' প্রার্থী বাছাই করা হবে ১,০০০ নম্বরের লিখিত পরীক্ষা ও ২০০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্ডিয়ান ইকনমিক সার্ভিসের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে নম্বর): জেনারেল ইংলিশ (১০০), জেনারেল স্টাডিজ (১০০), জেনারেল ইকনমিক্স (তিনটি পার্ট ২০০ নম্বর করে), ইন্ডিয়ান ইকনমিক্স (২০০ নম্বর)। অবজেক্টিভ ও ডেস্ক্রিপ্টিভ, দু'ধরনেরই প্রশ্ন হবে। প্রতিটি পেপারের জন্য সময় ৩ ঘণ্টা। স্ট্যাটিস্টিক্স-ওয়ান এবং টু-র ক্ষেত্রে সময়সীমা ২ ঘণ্টা। শুধুমাত্র অবজেক্টিভের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## নার্সিং

□ *রাঁচির রাজেন্দ্র ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শ্রেয়সী জানা, চন্দননগর, হুগলি।*

□□ রাঁচির রাজেন্দ্র ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৪ বছরের বি এসসি নার্সিং অথবা ২ বছরের পোস্ট বেসিক বা পোস্ট-সার্টিফিকেট বি এসসি নার্সিং। ইন্ডিয়ান বা স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম অবশ্যই নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.rimsranchi.org ফি বাবদ দিতে হবে ৬০০ টাকার (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'Director, Rajendra Institute of Medical Sciences, Ranchi'-র অনুকূলে রাঁচিতে প্রদেয় হতে হবে। ৩০ এপ্রিলের মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Rajendra Institute of Medical Sciences, Ranchi-834 009.

## ব্যাঙ্ক

□ *আই ডি বি আই ব্যাঙ্কে এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবব্রত মণ্ডল, অম্বিকানগর, বাঁকুড়া।*

□□ আই ডি বি আই ব্যাঙ্কে এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ গ্র্যাজুয়েট। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে রিজনিং, ওয়ার্কিং ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। প্রতি বিষয়ে নম্বর ৫০। সময়সীমা দেড় ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.idbi.com

□ *সিন্ডিকেট ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার শাখায় রিস্ক ম্যানেজমেন্ট ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই পদ্ধতি সম্পর্কে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ দিন কবে? —শুভম দাস, সিরাজবাটি, হাওড়া।*

□□ সিন্ডিকেট ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার শাখায় রিস্ক ম্যানেজমেন্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স-সহ স্নাতক, সঙ্গে ব্যাঙ্কিং বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি। অথবা সি এ বা আই সি ডব্লু এ। এফ আর এম বা পি আর এম বা সি এফ এ বা রিস্ক ম্যানেজমেন্টের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। উপরোক্ত যোগ্যতার পাশাপাশি কোনও ব্যাঙ্কে রিস্ক ম্যানেজমেন্ট বা ক্রেডিট বা ট্রেজারি বিভাগে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। রিস্ক ম্যানেজমেন্ট-সংক্রান্ত সফটওয়্যারের ব্যবহার জানলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে রিজনিং (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২৫ নম্বর), ইংলিশ (৫০ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ে (৭৫ নম্বর)। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা ৩০ মিনিট। ১৮ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.syndicatebank.in

## কোর্স, ট্রেনিং

□ *সাই (স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া)-এ অ্যাথলেটিক্সে স্পোর্টস কোচিংয়ে ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —মনোজিৎ ভট্টাচার্য, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

□□ স্পোর্টস কোচিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পাতিয়ালার নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্সটি করানো হবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার কলকাতা কেন্দ্রে। কোর্স চলবে ১৪ মে থেকে ২৫ জুন পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। খেলাধুলার যোগ্যতা: সেই সঙ্গে ব্যক্তিগত বা দলগত ইভেন্টে রাজ্য স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে অথবা স্টেট চ্যাম্পিয়নশিপ বা ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে ব্যক্তিগত বা দলগত ইভেন্টে অংশগ্রহণ করে থাকতে হবে। বয়স ২০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। কোর্স ফি ১৮,৫৫০ টাকা। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsnis.org ফর্মটি কোনও রেজিস্টার্ড মেডিকেল প্র্যাক্টিশনারকে দিয়ে প্রত্যয়িত করিয়ে নেবেন। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক কালেক্টের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.onlinesbi.com প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১০ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Office of the Incharge (Academics), Sports Authority of India, Netaji Subhas National Institute of Sports, Old Moti Bagh, Patiala-147001 (Punjab).

□ *অ্যাপারেল ট্রেনিং অ্যান্ড ডিজাইন সেন্টার (এ টি ডি সি) ভোকেশনাল ইনস্টিটিউটে মাধ্যমিক যোগ্যতায় পোশাক তৈরির কী কী কোর্স করানো হয়? —অনু সাউ, অভিরামপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ এ টি ডি সি-তে মাধ্যমিক যোগ্যতায় মোট ছ'টি সার্টিফিকেট কোর্স পড়ানো হয়। কোর্সগুলি হল: (১) অ্যাপারেল প্যাটার্ন মেকিং (বেসিক) (২) অ্যাপারেল প্রোডাকশন সুপারভিশন অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল (৩) অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, (৪) সফটওয়্যার অ্যাপ্লিকেশন ইন প্যাটার্ন মেকিং, (৫) সফটওয়্যার অ্যাপ্লিকেশন ইন ফ্যাশন ডিজাইন, (৬) সফটওয়্যার অ্যাপ্লিকেশন ইন টেক্সটাইল ডিজাইন। উপরোক্ত কোর্সগুলির মধ্যে প্রথম তিনটির মেয়াদ ৬ মাস এবং পরের তিনটির মেয়াদ ২ মাস। এছাড়া ক্লাস এইট যোগ্যতায় আছে চার মাসের গারমেন্ট কনস্ট্রাকশন টেকনিক্স কোর্স। এগুলি ছাড়া এখানে বেশ কিছু অল্পদিনের কোর্সও করানো হয়— (১) ইন্ডাস্ট্রিয়াল সিউয়িং মেশিন অপারেশন (বেসিক): শিক্ষাগত যোগ্যতা পঞ্চম শ্রেণি পাশ। মেয়াদ ৪৫ দিন (২) ইন্ডাস্ট্রিয়াল সিউয়িং মেশিন অপারেশন (অ্যাডভান্স): শিক্ষাগত যোগ্যতা পঞ্চম শ্রেণি পাশ। মেয়াদ ১৫ দিন। (৩) অ্যাপারেল ফিনিশার অ্যান্ড চেকার: শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ। মেয়াদ ৩০ দিন। (৪) ইন্ডাস্ট্রিয়াল সিউয়িং মেকানিক টেকনিশিয়ান: শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ। মেয়াদ ৪৫ দিন। (৫) সারফেস অর্নামেন্টেশন টেকনিক্স: শিক্ষাগত যোগ্যতা পঞ্চম শ্রেণি পাশ। মেয়াদ ১৫ দিন। (৬) অ্যাপারেল প্রোডাক্ট স্পেশ্যালিস্ট: শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। মেয়াদ ৬০ দিন। খুঁটিনাটি জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.atdcindia.co.in

## অন্যান্য চাকরি

□ *ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিকেল রিসার্চে টেকনিশিয়ান পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অক্ষয় আচার্য, সন্তিপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিকেল রিসার্চে টেকনিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিংয়ে অন্তত এক বছর মেয়াদের ডিপ্লোমা। দেখুন এই ওয়েবসাইট: www.vcrc.res.in

□ *ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মৃদুলা ব্যানার্জি, ডিহিমণ্ডলঘাট, হাওড়া।*

□□ ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জার্নালিজম বা মাস কমিউনিকেশন বা পাবলিক রিলেশনে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা অথবা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। অথবা সোশ্যাল ওয়ার্ক বা সাইকোলজি বা লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ারে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা লাইব্রেরি সায়েন্সেস বা লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। পার্ট এ-তে প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার লিটারেসি ও ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ার কার্যকলাপ বিষয়ে। পার্ট বি-তে নেওয়া হবে ফাংশনাল নলেজ টেস্ট, প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। সব ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের ১০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। ২৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fssai.gov.in

□ *শিলচরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে টেকনিশিয়ান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মানব বর্মণ, কোচবিহার।*

□□ শিলচরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে টেকনিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত এক বছর মেয়াদের আই টি আই ট্রেড কোর্স পাশ। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে ২ বছর মেয়াদের আই টি আই ট্রেড কোর্স পাশ। অথবা ইঞ্জিনিয়ারিং শাখায় তিন বছর মেয়াদের ডিপ্লোমা। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.nits.ac.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## আধিকারিকদের অপদার্থতাতেই মামলায় জেরবার এস এস সি-র শিক্ষক নিয়োগ

'চাই সুবিচার' বিভাগে গত ৩ এপ্রিল সংখ্যায় প্রকাশিত 'স্কুল সার্ভিস কমিশনের অস্বচ্ছতার কারণেই যাবতীয় জটিলতার সূত্রপাত' প্রসঙ্গে আমার এই চিঠি। স্কুল সার্ভিস কমিশন (এস এস সি) আয়োজিত সহ-শিক্ষক নিয়োগের পরীক্ষার এই দশা অত্যন্ত হতাশাজনক। শুরুর সময় থেকে এস এস সি পরীক্ষার অন্তত একটা ধারাবাহিকতা ছিল। পরীক্ষা তখন নিয়মিত হত এবং পরীক্ষায় একটা স্বচ্ছতা বজায় ছিল। বর্তমানে এস এস সি পরীক্ষা নিয়ে বিতর্কের মূলে যেমন আছে কমিশনের তরফে স্বচ্ছতার অভাব, তেমনই আছে এন সি টি -ই-র গাইডলাইন না মেনে ভুলে ভরা বিজ্ঞপ্তির প্রকাশ। স্কুল সার্ভিস কমিশন এবং রাজ্য শিক্ষা দপ্তরের আধিকারিকদের অপদার্থতাই এর একমাত্র কারণ। এর ফলেই একের পর এক মামলায় ক্রমশ নিয়োগ পিছিয়ে যাওয়া এবং শেষমেশ পরীক্ষাটাই বন্ধ হয়ে যাওয়া। শিক্ষামন্ত্রী বার বার মামলা ঝুলে থাকার কথা বলে নিজেদের ব্যর্থতা ঢাকতে চেয়েছেন। কিন্তু এই মামলাগুলি হওয়ার দায়িত্বও কমিশন ও তাঁর দপ্তর এড়াতে পারে না। কমিশন যদি প্রথম থেকে এন সি টি ই-র গাইডলাইন অনুসারে বিজ্ঞপ্তি দিত, পরীক্ষা নিত, তাহলে এত মামলা কখনওই হত না। এই মামলাগুলির জন্য শিক্ষাদপ্তরই দায়ী এবং তার ফল ভুগতে হচ্ছে বেকার প্রার্থীদের। কেবলমাত্র একটা শিক্ষকতার চাকরির আশায় শত কষ্টের মধ্যেও সঞ্চিত অর্থে বি এড করে ঘরে বসে রয়েছে হাজার হাজার প্রার্থী। কারও বয়সের গণ্ডি পরীক্ষায় বসার যোগ্যতা পেরিয়েছে, কারও বা পেরোবে। অথচ পরীক্ষা নিয়ে কোনও উচ্চবাচ্য নেই। এই সমস্ত প্রার্থীর অমূল্য সময়ের অপচয় ও স্বপ্নভঙ্গের দায় কে নেবে?

নামপ্রকাশে অনিচ্ছুক, আমতা, হাওড়া।

> বর্তমানে এস এস সি পরীক্ষা নিয়ে বিতর্কের মূলে যেমন আছে কমিশনের তরফে স্বচ্ছতার অভাব, তেমনই আছে এন সি টি -ই-র গাইডলাইন না মেনে ভুলে ভরা বিজ্ঞপ্তির প্রকাশ। স্কুল সার্ভিস কমিশন এবং রাজ্য শিক্ষা দপ্তরের আধিকারিকদের অপদার্থতাই এর একমাত্র কারণ। এর ফলেই একের পর এক মামলার জেরে ক্রমশ নিয়োগ পিছিয়ে যাওয়া এবং শেষমেশ পরীক্ষাটাই বন্ধ হয়ে যাওয়া।

### এস এস সি পরীক্ষা কবে হবে?

এম এ, বি এড পাশ করে বসে আছি। শিক্ষকতার ট্রেনিং নিতে আমাদের যথেষ্ট সময় ও অর্থ ব্যয় হয়েছে। সবথেকে বড় কথা জীবনের একটি মাত্র লক্ষ্যে, একটা শিক্ষকতার চাকরির জন্য অসহায় চাতকের মতো বসে আছি। অথচ বিগত কয়েক বছর ধরে কোনও নিয়োগ নেই। আমাদের কথা কি শিক্ষাদপ্তর একবারও ভাববে না? আগামী এস এল এস টি পরীক্ষা কবে হবে তারও কোনও নিশ্চয়তা দেখতে পাচ্ছি না। নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকা সত্ত্বেও আমরা নিয়োগ পাচ্ছি না। আমাদের অপরাধটা কোথায়? মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন, যত দ্রুত সম্ভব স্কুল সার্ভিসের এস এল এস টি পরীক্ষার দিন নির্দিষ্ট করে নিয়োগ প্রক্রিয়া শুরু করুন।

পিন্টু ঘোষ, বলাগড়, হুগলি।

Scanned by CamScanner

**কী পড়বেন, কোথায় পড়বেন**

# রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষণ ও লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্সে ভর্তি

বি এড, ভিস্যুয়াল ইম্পেয়ারমেন্ট অ্যান্ড ইনক্লুসিভ এডুকেশনে স্পেশ্যালাইজেশন-সহ স্পেশ্যাল এডুকেশনে বি এড, লাইব্রেরি সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ দু'বছর। এই কোর্সের অ্যাডমিশন নোটিস নম্বর: FC/B.Ed.-01/19.

**কোর্সের বিবরণ: শিক্ষাগত যোগ্যতা: বি এড ও স্পেশ্যাল এডুকেশনে বি এড:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ সায়েন্স বা সোশ্যাল সায়েন্স বা হিউম্যানিটি শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর এবং সায়েন্স ও ম্যাথমেটিক্সে স্পেশ্যালাইজেশন-সহ বি ই বা বি টেক বা সমতুল ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। সব ক্ষেত্রেই তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন।

বি এডে মেথড সাবজেক্ট হিসেবে নেওয়া যাবে এই সব বিষয়: বাংলা, ইংরেজি, সংস্কৃত, ইতিহাস, অঙ্ক, ভোকাল মিউজিক ও এডুকেশন। সরকারি নিয়মানুসারে কর্মরত শিক্ষক-শিক্ষিকা, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**কোর্স ফি:** বি এড কোর্সের ক্ষেত্রে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ২৬,৩৩০ টাকা এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের বাইরের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ২৬,৪৩০ টাকা। স্পেশ্যাল এডুকেশনে বি এড কোর্সের ক্ষেত্রে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৪৩,২৩০ টাকা এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের বাইরের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৪৩,৩৩০ টাকা।

**ব্যাচেলর অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স:** যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ফার্মাসি, ল-এর মতো কোনও পেশাদারি যোগ্যতা থাকলেও আবেদন করতে পারেন। এ ছাড়া অনার্স-সহ স্নাতক ডিগ্রিধারীরা লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স করে থাকলেও আবেদনের যোগ্য।

কোর্স ফি রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৫,১১৫ টাকা এবং রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের বাইরের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৫,২১৫ টাকা। সব ক্ষেত্রেই ২০১৬ সালের আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর পাসওয়ার্ড পাওয়া যাবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর অ্যাপ্লিকেশন আইডেন্টিফিকেশন নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে বি এড ও লাইব্রেরি সায়েন্সের ক্ষেত্রে ৩০০ টাকা (দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮০ টাকা) এবং স্পেশ্যাল এডুকেশনে বি এড কোর্সের ক্ষেত্রে ২০০ টাকা (দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১২০ টাকা)। সব ক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ব্যবস্থাতেই। অনলাইনে ফি জমা দিতে পারেন ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অথবা চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন এলাহাবাদ ব্যাঙ্কের যে-কোনও শাখায়। সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে চালান ডাউনলোড করার ২৪ ঘণ্টা পর ব্যাঙ্কে ফি জমা দিতে হবে। চালানের প্রিন্ট আউট পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৭ এপ্রিল। ফি জমা দেওয়ার পর রসিদ বা ই-রিসিপ্ট নিয়ে নেবেন। ফি জমা দেওয়ার রসিদ, প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট সরাসরি ২৪ এপ্রিলের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Secretary, Faculty Councils, Rabindra Bharati University, E. B. Campus,, 56A, B.T. Road, Kolkata-700 050. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে একাধিক স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

বিভিন্ন বিষয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অ্যাডাল্ট, কন্টিনিউয়িং এডুকেশন, এক্সটেনশন ওয়ার্ক অ্যান্ড ফিল্ড আউটরিচ ডিপার্টমেন্ট। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। কোর্স শুরু হবে মে মাসে। বিষয়গুলি হল: সোশ্যাল ওয়ার্ক, এন জি ও ম্যানেজমেন্ট, অ্যাক্টিং ইন ডিফারেন্ট মিডিয়া, সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট এবং আর্ট অ্যান্ড ক্রাফটস। আর্ট অ্যান্ড ক্রাফটস কোর্সটির মেয়াদ ২ বছর, অন্যান্য সবক'টি বিষয়ের কোর্সের মেয়াদ ১ বছর। এই কোর্সের অ্যাডমিশন নোটিশ নম্বর: SFC/PG-Diploma/02/19.

**আসনসংখ্যা:** বিষয় প্রতি ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক।

**কোর্স ফি:** সোশ্যাল ওয়ার্ক, এন জি ও ম্যানেজমেন্ট এবং অ্যাক্টিং ইন ডিফারেন্ট মিডিয়ার ক্ষেত্রে ৮,১০০ টাকা। সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্টের ক্ষেত্রে ১০,১০০ টাকা। আর্ট অ্যান্ড ক্রাফটস কোর্সের ক্ষেত্রে প্রথম বছরে ৬,১০০ টাকা ও দ্বিতীয় বছরে ৬,০০০ টাকা। সব ক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbu.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৫ এপ্রিল। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর অ্যাপ্লিকেশন আইডেন্টিফিকেশন নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দিতে পারেন নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমে। পে-ইন-স্লিপের মাধ্যমে এন ই এফ টি পদ্ধতিতেও ফি জমা দেওয়া যাবে। এ ছাড়া চালানের মাধ্যমে অফলাইনে ফি জমা দেওয়া যাবে এলাহাবাদ ব্যাঙ্কের যে-কোনও শাখায়। চালান ডাউনলোড করতে পারবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালান ডাউনলোড করার ২৪ ঘণ্টা পর ফি জমা দেওয়া যাবে।

আবেদনের ফি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চের অধীনস্থ বিশ্ববিদ্যালয়ে কৃষি-সংক্রান্ত স্নাতক কোর্স

ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চের অধীনস্থ বিভিন্ন এগ্রিকালচারাল ইউনিভার্সিটিতে এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি-সহ একাধিক বিষয়ের স্নাতক কোর্সে ভর্তির পরীক্ষা 'অল ইন্ডিয়া এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৯' ১ জুলাই। পরীক্ষাটি পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

বি এসসি (অনার্স) কোর্স পড়া যাবে এই সব বিষয়ে: এগ্রিকালচার, হর্টিকালচার, ফিশারিজ সায়েন্স, ফরেস্ট্রি, কমিউনিটি সায়েন্স, সেরিকালচার। বি টেক কোর্স পড়া যাবে এই সব বিষয়ে: এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, ডেয়ারি টেকনোলজি, ফুড টেকনোলজি এবং বায়োটেকনোলজি। এ ছাড়া পড়া যাবে ফুড নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিক্স বিষয়ও।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি পড়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১ জুলাই। পরীক্ষায় ১৫০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ৪। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৩৫) পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা, আসানসোল এবং শিলিগুড়ি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৫ জুন থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntaicar.nic.in আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৩৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আই (ইউনাইটেড পেমেন্ট ইন্টারফেস)-এর মাধ্যমে। এ ছাড়া অফলাইনে ই-চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া বা সিন্ডিকেট ব্যাঙ্কের যে-কোনও শাখায়। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১ মে। অনলাইনে ফি জমা দিয়ে থাকলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পাওয়া কনফার্মেশন পেজের অন্তত তিন কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

ফর্ম সংশোধন করা যাবে ৭ থেকে ১৪ মে পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট মেডিকেল এডুকেশনে এম বি বি এস কোর্স

এম বি বি এস কোর্সে ভর্তি নেবে জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট মেডিকেল এডুকেশন অ্যান্ড রিসার্চ (জিপমার)। পরীক্ষা ২ জুন। কোর্সের মেয়াদ ৪ বছর ৬ মাস। সেই সঙ্গে এক বছরের রোটেটরি ইন্টার্নশিপ। কোর্স শুরু হবে জুলাইয়ে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

**আসনসংখ্যা:** পন্ডিচেরি: ১৫০টি, করাইকল: ৫০টি। সরকারি নিয়মানুসারে আর্থিকভাবে অনগ্রসর, তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। প্রার্থীকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা বায়োটেকনোলজিতে সম্মিলিতভাবে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী-তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী-ও বি সিদের ক্ষেত্রে ৪০ শতাংশ এবং দৈহিক প্রতিবন্ধী-সাধারণের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। **বয়স:** ৩১-১২-২০১৯ তারিখে ১৭ বছরের হতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২ জুন। রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী এবং শিলিগুড়ি। পরীক্ষায় প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবং লজিক্যাল অ্যান্ড কোয়ান্টিটেটিভ রিজনিং বিষয়ে। পরীক্ষা নেওয়া হবে দু'টি শিফটে। প্রথম শিফট সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা এবং দ্বিতীয় শিফট দুপুর ৩টে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২০ মে থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jipmer.edu.in অনলাইন আবেদন করা যাবে ১২ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে) এবং সই (উভয়ই ২০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ফটোটি যে তারিখে তোলা হবে সেই তারিখ একটি প্ল্যাকার্ডে লিখে তা সামনে ধরে ফটো তুলতে হবে। ফটোটি ৩১-১-২০১৯-এর পর তোলা হতে হবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে জেপেগ বা জে পি জি বা পি ডি এফ ফর্ম্যাটে ৮০০ কেবি সাইজের মধ্যে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেট এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে হবে অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এম সি এ কোর্সে ভর্তির প্রবেশিকা ১৩ জুলাই

পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার অ্যাপ্লিকেশনসের স্নাতকোত্তর ডিগ্রি (এম সি এ) কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেকা-২০১৯' আয়োজিত হবে ১৩ জুলাই (শনিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

**শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকেও মোট অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) পেয়ে থাকতে হবে। সব স্তরেই অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে ও ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

অথবা ৫০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। স্নাতক স্তরে বা উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকরা আবেদন করবেন না।

অথবা ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক বা বি সি এ ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পাওয়া বাধ্যতামূলক।

অথবা ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি এসসি (অনার্স) স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্সে ৬০ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক।

প্রার্থী বাছাই করা হবে 'জেকা-২০১৯' প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) বিষয়ে। ম্যাথমেটিক্স বিষয়ের পরীক্ষা সকাল ১১টা থেকে ১টা এবং অ্যাপ্টিটিউড বিষয়ের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৩টে পর্যন্ত। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সেন্টার কোড): কলকাতা-মধ্য (৮১১), কলকাতা-উত্তর/সল্ট লেক (৮১২), কলকাতা-দক্ষিণ (৮১৩), মালদা (৮২১), খড়্গপুর (৮৩২), হলদিয়া (৮৪২), বহরমপুর (৮৫১), কল্যাণী (৮৬১), বাঁকুড়া (৬৮১), দুর্গাপুর (৭০২), আসানসোল (৭০১), বর্ধমান (৭১১), কোচবিহার (৭২১), শিলিগুড়ি (৭৩২), শ্রীরামপুর (৭৬৩) এবং হাওড়া (৭৭০)। আবেদনের সময় প্রার্থীর পছন্দের যে-কোনও দু'টি কেন্দ্রের উল্লেখ করতে হবে। ৪ জুলাই (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.wbjeeb.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ১৬ এপ্রিল পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (৩ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনের ফর্ম সংশোধন করা যাবে ১৭ এপ্রিল থেকে ১৯ এপ্রিল পর্যন্ত।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড, এ কিউ-১৩/১, সেক্টর ফাইভ, সল্ট লেক সিটি, কলকাতা-৭০০ ০৯১।

# নৌবাহিনীতে ১৭২ চার্জম্যান

*প্রথম পাতার পর*

ডিপ্লোমা, সঙ্গে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা প্রসেসিংয়ে কোয়ালিটি কন্ট্রোল বা কোয়ালিটি অ্যাশিওরেন্স বা টেস্টিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ২৮-৪-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। উভয় শাখার ক্ষেত্রেই প্রশ্ন হবে জেনারেল নলেজ/অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড/লজিক্যাল রিজনিং, অ্যাপ্লায়েড সায়েন্স অ্যান্ড স্পেশ্যালাইজেশন এবং জেনারেল ইংলিশ বিষয়ে। পরীক্ষাকেন্দ্রের তালিকা ও সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.indiannavy.nic.in, www.joinindian navy.gov.in

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ এপ্রিল থেকে ২৮ এপ্রিল পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।

ফি হিসেবে দিতে হবে ২০৫ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি দিতে হবে অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউ পি আইয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এককপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

**অনলাইন দরখাস্তের সময় আপলোড করতে হবে:** ✓প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)। ✓কালো কালির সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে)। ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট। ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা বার্থ সার্টিফিকেট। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট। ✓প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: INCETCM.NAVY@onlineregistrationform.org

Scanned by CamScanner

# কারেন্ট অ্যাফেয়ার্স

**২৭ মার্চ-৪ এপ্রিল**

**২৮ মার্চ** ঢাকার অভিজাত বনানী অঞ্চলের বহুতলে আগুন লেগে ২৫ জনের মৃত্যু হল। আশপাশে জলাশয়ের অভাবে হেলিকপ্টার থেকে জল ঢালা হল বহুতলটির উপর। মৃতদের মধ্যে শ্রীলঙ্কার এক নাগরিকও রয়েছেন। জখম অন্তত ৩৯ জনকে ভর্তি করা হয়েছে ঢাকার বিভিন্ন হাসপাতালে। তাঁদের মধ্যে অনেকেরই অবস্থা গুরুতর হওয়ায় মৃতের সংখ্যা বাড়বার আশঙ্কা রয়েছে বলে জানিয়েছে প্রশাসন।

## স্লোভাকিয়ার প্রথম মহিলা প্রেসিডেন্ট কাপুতোভা



৩১ মার্চ: স্লোভাকিয়ার প্রথম মহিলা হিসেবে সে দেশের রাষ্ট্রপতি নির্বাচনে জিতলেন জুজানা কাপুতোভা। শাসক দলের মনোনীত হাই-প্রোফাইল প্রার্থী মারোস সেফকেভিচকে হারিয়ে সে দেশের প্রথম মহিলা প্রেসিডেন্ট হতে চলেছেন তিনি। শাসক দলের প্রার্থী পেয়েছেন ৪২ শতাংশ ভোট, কাপুতোভা পেয়েছেন ৫৮ শতাংশ ভোট। ৪৫ বছর বয়সি কাপুতোভা উদারপন্থী প্রোগ্রেসিভ স্লোভাকিয়া পার্টির সদস্য। স্লোভাকিয়ার সংবিধান অনুযায়ী সে দেশের প্রেসিডেন্টের ভূমিকা 'আনুষ্ঠানিক' হলেও প্রধানমন্ত্রীর নিয়োগ রয়েছে তাঁর হাতে। এছাড়া প্রধান আইনজীবী ও বিচারপতিদের নিয়োগ সংক্রান্ত প্রক্রিয়ায় ভেটো দেওয়ার ক্ষমতাও আছে প্রেসিডেন্টের।

**২৯ মার্চ** পাকিস্তানের জঙ্গি নেতা মাসুদ আজহার প্রসঙ্গে পরস্পরকে দোষারোপ করল চিন ও আমেরিকা। জইশ প্রধানকে যাতে আন্তজাতিক জঙ্গি তালিকায় অন্তর্ভুক্ত করা না হয়, তার জন্য বরাবরই চেষ্টা চালিয়ে যাচ্ছে চিন। যদিও এ দিন তারা দাবি করেছে, জঙ্গিগোষ্ঠীকে নিষেধাজ্ঞা থেকে রক্ষা করতে তারা সক্রিয় বলে যে অভিযোগ আমেরিকা এনেছে, তার কোনও ভিত্তি নেই। উল্লেখ্য, কয়েকদিন আগেই মার্কিন বিদেশসচিব মাইক পম্পেয়ো মুসলিমদের প্রতি চিনের 'লজ্জাজনক ভণ্ডামি'-র সমালোচনায় মুখর হন। পম্পেয়ো জানান, চিন নিজের দেশে লক্ষ লক্ষ মুসলিমকে নিগ্রহ করে অথচ রাষ্ট্রপুঞ্জের জঙ্গি তালিকায় নাম ওঠা থেকে বাঁচাতে চায় ইসলামি জঙ্গিগোষ্ঠীগুলিকে।

**৩১ মার্চ** পাকিস্তানের নতুন বিদেশ সচিব হলেন ভারতে নিযুক্ত পাক হাই কমিশনার সোহেল মাহমুদ। পাকিস্তানের বিদেশমন্ত্রী শাহ মাহমুদ কুরেশি এ দিন এ কথা ঘোষণা করেন। ২০১৭ সাল থেকেই হাই কমিশনার হিসেবে ভারতে নিযুক্ত রয়েছেন সোহেল। তবে পুলওয়ামা হামলার পর আলোচনার জন্য পাকিস্তান তাঁকে দেশে ডেকে পাঠিয়েছিল।

**জার্মানির ফ্রাঙ্কফুর্টের কাছে** বিমান দুর্ঘটনায় নিহত হলেন রাশিয়ার দ্বিতীয় বৃহত্তম বিমানসংস্থা এস-৭-এর চেয়ারম্যান এবং অন্যতম মালিক নাটালিয়া ফিলেভার (৫৫)। রাশিয়ার ধনী মহিলাদের মধ্যে অন্যতম ছিলেন এই নাটালিয়া। ৬ আসনের ব্যক্তিগত বিমানটিতে নাটালিয়ার সঙ্গে মারা যান বিমানচালক ও আর এক সহযাত্রী।

**১ এপ্রিল** জাপানের সম্রাট আকিহিতো-র অবসরের সঙ্গে সঙ্গে শেষ হচ্ছে সে দেশের 'হেইসে' যুগের। আগেই ঘোষণা হয়ে গিয়েছিল, আগামী ৩০ এপ্রিল দায়িত্ব থেকে অবসর নিচ্ছেন জাপানের সম্রাট। দু'শো বছরের ইতিহাসে এই প্রথম সে দেশের কোনও সম্রাট 'অবসর' নিচ্ছেন। ১ মে থেকে জাপানে শুরু হচ্ছে নতুন যুগ 'রেইওয়া'। এ দিন জাপানের মুখ্য ক্যাবিনেট সচিব সংবাদমাধ্যমের সামনে এ কথা ঘোষণা করেছেন।



"বিজেপি যে-ভাবে ভারতীয় জাতীয়তাবাদকে দেখে, তাতে রাজনৈতিক বিরোধীদের দেশদ্রোহী হিসেবে দেখা হয় না।"

লালকৃষ্ণ আডবাণী, *প্রবীণ বিজেপি নেতা*

কেউ রাজনৈতিক মতের বিরোধী হলেই তাঁকে 'দেশদ্রোহী' বলে চিহ্নিত করে দেওয়া বিজেপির জাতীয়তাবাদ নয় বলে স্মরণ করিয়ে দিয়ে

## কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি রাধাকৃষ্ণন



৪ এপ্রিল: কলকাতা হাইকোর্টের ৪১তম প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন থোট্টাথিল ভাস্করন নায়ার রাধাকৃষ্ণন। এর আগে তিনি তেলেঙ্গানা হাইকোর্টের প্রধান বিচারপতি ছিলেন। রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী এ দিন তাঁকে শপথবাক্য পাঠ করান। কলকাতা হাইকোর্টে শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাইকোর্টের কর্মরত বিচারপতিরা এবং বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, আইনমন্ত্রী মলয় ঘটক, হাইকোর্ট ও সুপ্রিম কোর্টের কয়েকজন অবসরপ্রাপ্ত বিচারপতি, মুখ্যসচিব, ডিজি, কলকাতার পুলিশ কমিশনার-সহ বিশিষ্টরা।

**২ এপ্রিল** সাংবাদিক জামাল খাশোগি হত্যার ক্ষতিপূরণ হিসেবে তাঁর চার ছেলেমেয়েকে বহুমূল্য বাড়ি ও মোটা অঙ্কের মাসোহারার বন্দোবস্ত করা হয়েছে বলে এক মার্কিন সংবাদপত্র সূত্রে দাবি করা হল। তাদের আরও দাবি, বাবার হত্যা নিয়ে মুখ না খোলার জন্য খাশোগির ছেলেমেয়েদের প্রত্যেককে এককালীন দশ লক্ষ ডলারেরও বেশি অর্থ দেওয়ার প্রস্তাব চলেছে। উল্লেখ্য, এই সংবাদপত্রের হয়েই কাজ করতেন খাশোগি। গত বছর অক্টোবরে তুরস্কে সৌদির কনসুলেটে খুন হন তিনি। সৌদি রাজ পরিবারের কট্টর সমালোচক বলে পরিচিত খাশোগি হত্যায় বিশ্ব জুড়ে তোলপাড় শুরু হলেও আশ্চর্যজনক ভাবে চুপ ছিল তাঁর পরিবার।

**মহাকাশে ভারতের সাম্প্রতিক শক্তি** প্রদর্শনকে বিপজ্জনক বলে সমালোচনা করল নাসা। ২৭ মার্চ দেশেরই মাটি থেকে ক্ষেপণাস্ত্র ছুড়ে নিজেদেরই একটি কৃত্রিম উপগ্রহ ধ্বংস করেছিল ভারত। নাসা বলছে, তাতেই যা ক্ষতি হওয়ার হয়ে গিয়েছে। নাসার প্রধান জিম ব্রাইডেনস্টাইন দাবি করেছেন, ধ্বংস হওয়া ওই উপগ্রহের অন্তত ৪০০টি ছোট-বড় টুকরো ভেসে বেড়াচ্ছে মহাকাশে। আন্তজাতিক মহাকাশ কেন্দ্র এবং বিভিন্ন দেশের মহাকাশচারীদের পক্ষে যে কোনও মুহূর্তে বিপজ্জনক হয়ে উঠতে পারে এ সব ধ্বংসাবশেষ।

**৩ এপ্রিল** জম্মু-কাশ্মীরে নিরাপদে সেনাবাহিনীর কনভয় চলার বন্দোবস্ত করতে সাধারণ গাড়ি নিয়ন্ত্রণের নিয়ম আনল জম্মু-কাশ্মীর সরকার। প্রতি সপ্তাহের বুধ ও রবিবার ভোর ৪টে থেকে বিকেল ৫টা পর্যন্ত জম্মু-শ্রীনগর সড়কে নিরাপত্তা বাহিনীর গাড়ি ছাড়া অন্য কোনও গাড়ি চলতে দেওয়া হবে না। আগামী ৩১ মে পর্যন্ত এই নিয়ম জারি থাকবে। সরকারি বিবৃতিতে এ দিন স্পষ্ট করা হয়েছে যে, জঙ্গি হামলার সম্ভাবনা এড়াতেই এই পদক্ষেপ করা হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, 'বারামুলা থেকে শ্রীনগর, কাজিগুন্দ, জওহর সুড়ঙ্গ, বানিহাল, রামবান হয়ে উধমপুর পর্যন্ত এই বিধিনিষেধ কার্যকর থাকবে। এই সময়ে জরুরি প্রয়োজনে অসামরিক গাড়ি চলাচলের দরকার হলে কার্ফুর সময়ে যেমন বন্দোবস্ত করা হয়, তেমনই কোনও ব্যবস্থা করবে স্থানীয়-প্রশাসন।'

## মহাকাশে উপগ্রহ ধ্বংস করার কৃতিত্ব দেখাল ভারত



২৭ মার্চ: ওড়িশা লাগোয়া বঙ্গোপসাগরের দ্বীপ থেকে ক্ষেপণাস্ত্র ছুড়ে পৃথিবীর কক্ষপথে থাকা নিজেদেরই উপগ্রহকে ধ্বংস করল ভারত। আমেরিকা, রাশিয়া ও চিনের পর চতুর্থ দেশ হিসেবে ভারত এই কৃতিত্ব দেখাল। এ দিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথম ঘোষণা করেন, অ্যান্টি-স্যাটেলাইট মিসাইল ছুড়ে পৃথিবীর কাছাকাছি কক্ষপথে থাকা ভারতেরই একটি উপগ্রহকে ধ্বংস করা হয়েছে। ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (ডিআরডিও) বিজ্ঞানীরা সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে এই সাফল্য তুলে এনেছেন। এই সাফল্যের পরে ভবিষ্যতে ভারত চাইলে শত্রুপক্ষের উপগ্রহে আঘাত হানতে পারে। বিদেশমন্ত্রক এক বিবৃতি দিয়ে জানিয়েছে, কোনও দেশকে লক্ষ্য করে পরীক্ষা করা হয়নি। ভারতের মহাকাশ সক্ষমতা কোনও দেশকে আতঙ্কিত করতে বা কারও বিরুদ্ধে নয়। ভারত মহাকাশে অস্ত্রায়ণের বিরোধী। মহাকাশে থাকা সম্পদের নিরাপত্তার খাতিরেই এই পরীক্ষা বলে জানানো হয়েছে।

## শিকাগোর মেয়র ডেমোক্র্যাট লাইটফুট



৩ এপ্রিল: আমেরিকার শিকাগোয় এই প্রথম মেয়র হলেন এক জন ঘোষিত সমকামী এবং আফ্রো-আমেরিকান মহিলা লরি লাইটফুট। প্রতিদ্বন্দ্বী মহিলা প্রার্থী টনি প্রেকউইঙ্কল-কে হারালেন প্রায় ৭৪-২৬ শতাংশ ভোটে। আইনজীবী হিসেবে নিজের দীর্ঘ কেরিয়ারে কৃতিত্বের ছাপ রেখেছেন শহরের নতুন মেয়র। সম্প্রতি ভোটের প্রচারে গিয়ে প্রশাসনিক কার্যকলাপে বদল আনার পাশাপাশি দৈনন্দিন জীবনযাপনের মানোন্নয়ন, গৃহহীনদের পাশে দাঁড়ানোর ইঙ্গিত দেন লরি। শিকাগোর দু'বারের মেয়র রহম ইমানুয়েলের জায়গায় আসছেন তিনি।

## মহাকাশে এ বার ভারতের গোয়েন্দা উপগ্রহ



১ এপ্রিল: মহাকাশে গোয়েন্দা উপগ্রহ পাঠাল ভারত। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো) সূত্রে জানানো হয়েছে, এ দিন সকাল ৯টা ২৭ মিনিটে অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধবন মহাকাশ গবেষণা কেন্দ্র থেকে উৎক্ষেপণ করা হয় পিএসএলভি-সি-৪৫রকেট। উৎক্ষেপণের মূল লক্ষ্যই ছিল একটি ভারতীয় গোয়েন্দা-উপগ্রহকে মহাকাশে স্থাপন করা। একই যাত্রায় ২৮টি বিদেশি উপগ্রহকেও মহাকাশে পাঠানো হয়েছে। ইসরোর চেয়ারম্যান কে শিবন বলেছেন, 'এই প্রথম পিএসএলভি রকেটের সাহায্যে তিনটি ভিন্ন কক্ষপথে ২৯টি উপগ্রহ স্থাপন করা হল।' মাটি থেকে ৭৪৮ কিলোমিটার উচ্চতার কক্ষপথে 'এমিস্যাট' নামে যে উপগ্রহকে স্থাপন করা হয়েছে তার কাজ হবে শত্রুপক্ষের রেডারের তথ্য সংগ্রহ করে ভারতীয় নিরাপত্তা ও গোয়েন্দা বাহিনীকে সরবরাহ করা। এতদিন পর্যন্ত বিমানে বসানো রেডার দিয়েই নজরদারি চলত। ছবি: পি টি আই

**ভেনেজুয়েলার বিরোধী নেতা** এবং স্বঘোষিত অন্তর্বর্তী প্রেসিডেন্ট হুয়ান গুয়াইদোর সাংবিধানিক রক্ষাকবচ কেড়ে নেওয়া হল। সংবিধান লঙ্ঘন করে গুয়াইদো নিজেকে অন্তর্বর্তী প্রেসিডেন্ট ঘোষণা করেছিলেন। এর ফলে তাঁকে গ্রেপ্তার ও তাঁর বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু করতে আর কোনও বাধা রইল না। ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো অবশ্য এত দিন গুয়াইদোকে গ্রেপ্তারের চেষ্টা করেননি, কারণ আমেরিকা-সহ ৫০টি দেশ ওই বিরোধী নেতাকে স্বীকৃতি দিতে চেয়েছে। মাদুরো প্রশাসনকে ট্রাম্প রীতিমতো হুমকি দিয়ে বলেছেন, গুয়াইদোর কোনও ক্ষতি হলে আমেরিকা ছেড়ে দেবে না।

**৪ এপ্রিল** সৌদি আরব তাদের প্রথম পরমাণু চুল্লি তৈরির কাজ প্রায় শেষ করে ফেলেছে বলে ধরা পড়ল উপগ্রহ চিত্রে। যদিও অভিযোগ, এখনও পর্যন্ত পরমাণু গবেষণা সংক্রান্ত কোনও নিয়ম মানেনি তারা। কোনও আন্তজাতিক সংগঠনকে সরকারি ভাবে তথ্যও দেয়নি সৌদি আরব। রাজধানী রিয়াধের শহরতলিতে 'কিং আব্দুলাজিজ সিটি ফর সায়েন্স অ্যান্ড টেকনোলজি'-তে পরমাণু চুল্লিটি তৈরি হয়েছে। 'গুগল আর্থ'-এ ধরা পড়েছে তার ছবি। সৌদি সরকার অবশ্য দাবি করেছে, অস্ত্র তৈরি নয়, শান্তিপূর্ণ গবেষণা হবে সেখানে।

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে দেশের সর্বোচ্চ** সম্মানে ভূষিত করল সংযুক্ত আরব আমিরশাহি। আবু ধাবির রাজকুমার মহম্মদ বিন জায়েদ আল নায়হান পুরস্কার প্রদানের কথা ঘোষণা করে টুইটারে লিখেছেন, 'ভারতের সঙ্গে আমাদের ঐতিহাসিক সম্পর্ককে আরও মজবুত করেছেন আমার বন্ধু নরেন্দ্র মোদী। তাঁর এই কাজকে সম্মান জানিয়ে তাঁকে জায়েদ মেডেল দেওয়ার ঘোষণা করেছেন সংযুক্ত আরব আমিরশাহির প্রেসিডেন্ট।' এরপর রাজকুমারকে ধন্যবাদ জানিয়ে দু'দেশের শান্তি ও সমৃদ্ধির পক্ষে সওয়াল করেছেন মোদী। সংযুক্ত আরব আমিরশাহির এই সর্বোচ্চ সম্মান দেশের রাজা, প্রেসিডেন্ট এবং বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানদের দেওয়া হয়। এর আগে ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, চিনা প্রেসিডেন্ট শি চিনফিং এই সম্মান পেয়েছেন। বিদেশ মন্ত্রক সূত্রের খবর, ২০১৫ সালে মোদীর সফরের পর থেকেই দু'দেশের সম্পর্ক উন্নত হয়।

## কাশ্মীরে ৩৭০ বাতিল নিয়ে সরব পিডিপি



৩০ মার্চ: জম্মু-কাশ্মীরের ৩৭০ ধারা বাতিল করার প্রস্তাবের কড়া বিরোধিতা করলেন পিডিপি নেত্রী মেহবুবা মুফতি। ৩৭০ ধারা বাতিল হলে জম্মু-কাশ্মীরের সঙ্গে ভারতের সম্পর্ক শেষ হয়ে যাবে বলে মন্তব্য করেন তিনি। কাশ্মীরকে বিশেষ অধিকার দেওয়া ৩৭০ ধারা এবং ৩৫এ অনুচ্ছেদের বিরুদ্ধে সম্প্রতি সওয়াল করেছিলেন অর্থমন্ত্রী অরুণ জেটলি। এ দিন দলীয় কর্মীদের মেহবুবা বলেন, 'জেটলিকে বুঝতে হবে, এ কথা বলা সহজ নয়। সংবিধান যে অধিকার দিয়েছে, তা ভাঙা হলে আমাদেরও ভাবতে হবে, নিঃশর্তে আপনাদের সঙ্গে থাকব কি না। সে ক্ষেত্রে দিল্লিকেও নতুন করে বিষয়টি নিয়ে কথা বলতে হবে।'

Scanned by CamScanner

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# ইন্টারভিউয়ারকে বোঝাতে হবে, তুমি শিখতে এসেছ এবং পরিশ্রম করতে চাও



প্রবাল গুহ
জেনারেল ম্যানেজার
হিমালয়া ড্রাগ কোম্পানি

## পারিবারিক পেশার বাইরে

বাবা ছিলেন চা-বাগানের ডাক্তার। দাদু এবং তাঁর বাবাও ছিলেন ডাক্তার। আমি কিন্তু সাধারণ স্নাতক। আমি আর দাদা দুজনেই ডাক্তারি না পড়ে সেলসের পেশাকে বেছে নিয়েছিলাম। বাবার কাছে প্রতিদিন মেডিকেল রিপ্রেজেন্টেটিভরা আসতেন। আমার জানি না কেন, এঁদের কাজটা খুব ভালো লাগত। সত্যি কথা বলতে ডাক্তারিকে পেশা হিসেবে নিতে চাইনি কখনও এবং আমার বাড়িতে কেউ কোনওদিন জোর করেনি আমাকে ডাক্তারি পড়ার জন্য। পারিবারিক পেশায় থাকার জন্য একটা সামগ্রিক চাপ নিশ্চয়ই থাকে। কিন্তু বাড়ির পরিবেশ অত্যন্ত উদার হওয়ায় সে চাপ মাথায় চেপে বসেনি। ফলে নিজের পছন্দের কাজ নিয়ে নিজের মতো করে এগিয়েছি। উৎসাহ নিয়ে কাজ করে গেছি। নিজেকে সময়োপযোগী করে রাখতে পেরেছি। সময়ের সঙ্গে সাফল্যও এসেছে। দ্বিতীয় ইন্টারভিউতে প্রথম চাকরি হয় আমার। তারপরে চাকরি ক্যাডবেরিজ সংস্থায়। এখন তো ছেলেমেয়েরা দু'তিন বছরেই প্রমোশন পায়। আমার এগারো বছর কাজ করার পর প্রথম প্রমোশন। পরে হিমালয়াতে রিজিওনাল ম্যানেজার হয়ে যোগ দিই। এখন সর্বভারতীয় স্তরে সংস্থার কাজকর্ম দেখি।

## খোলা রাখো চাকরির পথ

চাকরি করবে সিদ্ধান্তটি নেওয়া মাত্র সবার আগে বিভিন্ন জব পোর্টালে নিজের নাম নথিভুক্ত করতে শুরু করো। এখান থেকে অনেকেই চাকরির খোঁজ পায়। সেইসঙ্গে কাগজে চাকরির বিজ্ঞাপনে চোখ রাখো। এছাড়াও পরিচয়সূত্রে চাকরির জন্য দরখাস্ত করে অনেক সময়ই ইন্টারভিউ স্তর পর্যন্ত পৌঁছনো যায়।

তবে, একটা বিষয় খেয়াল রেখো, একমাত্র দরখাস্তের সময় বরাদ্দ ফি ছাড়া, চাকরি পাওয়ার জন্য কোথাওই কোনও টাকা দিতে হয় না। চাকরির প্রলোভন দেখিয়ে বাজারে অনেক অসাধু লোকজন ঘুরছে। তাদের ফাঁদে অনেক ছেলেমেয়েই পা দেয়। কিন্তু বাস্তবে, সংস্থা তোমার পরিশ্রম দাম দিয়ে কিনবে। তুমি পরিশ্রম করবে বলে তোমায় দাম দিতে হবে না কোনও ভাবেই।

## কেমন হবে সিভি

নতুন চাকরির জন্য সিভি তৈরির সময় ছেলেমেয়েরা একটু চিন্তায় থাকে। অনেক সময় পাতা ভরানোর মতো বিষয় খুঁজে পাওয়া যায় না। আমরা যারা ইন্টারভিউ নিই, তারাও এই সত্যিটা ভালোভাবেই জানি। তাই সিভি এক পাতায় শেষ হয়ে যাচ্ছে বলে দোনামনা করার কোনও কারণ নেই। নির্দিষ্ট করে নীচের এই তথ্যগুলো সিভি-তে থাকলেই যথেষ্ট—

✓ নাম, জন্মতারিখ, ঠিকানা ইত্যাদি তথ্য।
✓ তুমি জীবনে কী করতে চাও সে বিষয়ে দু'-এক লাইন।
✓ শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা।
✓ এর সঙ্গে প্রতিষ্ঠিত দু'-এক জন ব্যক্তির রেফারেন্স। রেফারেন্স থাকাটা দরকারি এই কারণে যে, ভুয়ো তথ্য, ভুয়ো ডিগ্রি পেশ করে চাকরিতে ঢুকে পড়েছে, এমন বেশ কিছু নিদর্শন সাম্প্রতিক কালে সামনে আসছে। ফলে চাকরিদাতারাও আগের তুলনায় বেশি মাত্রায় সতর্ক হয়ে গিয়েছেন। সংস্থার তরফে প্রার্থীর সম্পর্কে খোঁজ নিয়ে সত্যতা যাচাই করা হচ্ছে। সেখানে তুমি যদি আগে থেকেই নির্ভরযোগ্য যোগাযোগের হদিস দিয়ে রাখো, তোমার সম্পর্কে ইতিবাচক ধারণা তৈরি হবে।
✓ সিভি লেখা হবে ইংরেজিতে, তাই খেয়াল রাখবে ইংরেজি ভাষায় এবং ব্যাকরণে যেন একটুও ভুল না থাকে।

পয়েন্ট বেশি না থাকলেও সিভি-র মৌলিকত্ব অনেকটাই নির্ভর করে উপস্থাপনার গুণে। অনেকে খাতার মধ্যে করে সিভির কাগজটি নিয়ে আসে, আবার অনেকে দেখি ডায়েরির মধ্যে করে নিয়ে আসে, এমনকী কেউ কেউ দেখেছি কাগজটা ভাঁজ করে পকেটে ভরে নিয়ে আসে। ব্যাপারটা দৃষ্টিকটু। সিভি সবসময় একটা ফোল্ডারে নিয়ে যাওয়া উচিত। সিভিতে কখনও ভাঁজ পড়বে না।

## ইন্টারভিউয়ে 'সব জানি' ভাব নয়

কিছু ছেলেমেয়েকে দেখেছি, নার্ভাসনেস থেকেই, ইন্টারভিউ দিতে এসে ওভার স্মার্টনেস দেখানোর চেষ্টা করে। এই ব্যাপারটি একেবারেই অনুচিত। নতুন চাকরি পুরোপুরি শেখার সময়। কেউ সব কিছু শিখে আসে না। যেহেতু তোমাকে শিখতে হবে, ঊর্ধ্বতনদের উপর নির্ভর করতে হবে, তাই 'সব জানি' ভাব না দেখিয়ে 'ধীরে ধীরে সব শিখে নেব', এমন নম্রতা নিয়ে কথা বলাটাই ঠিক হবে। ইন্টারভিউয়ারকে বোঝাতে হবে, তুমি শিখতে এসেছ, শিখতে চাও এবং অবশ্যই পরিশ্রম করতে চাও।

ইন্টারভিউয়ে আর-একটি বিষয়ের উপর নজর দিতে হবে। সেটি হল, কোনও প্রশ্নের উত্তরেই নেগেটিভিটি যেন না প্রকাশ পায়। এদিকে খেয়াল রাখার একটা কৌশল হল, কোনও প্রশ্নের উত্তরেই 'না' শব্দটি ব্যবহার না করা অভ্যাস করা। যে- প্রশ্নের উত্তর সত্যিই জানো না, সেক্ষেত্রেও 'আচ্ছা' বা এই ধরনের কথা বলে শুরু করে 'এ প্রশ্নের উত্তরটা ঠিক জানা নেই'— এইভাবে বলতে পারো।

## সাবলীল ইংরেজি আর বাইরে যাওয়া

কর্মসূত্রে দেশের বিভিন্ন রাজ্যের ছেলেমেয়েদের দেখি বলেই পশ্চিমবঙ্গের মূল সমস্যাগুলো বেশি চোখে পড়ে। এখানে মেধার মান উঁচু। কিন্তু বড় সমস্যা দুটো— সাবলীল ইংরেজি বলতে না পারা এবং কলকাতা ছেড়ে না যেতে চাওয়া। যখনই প্রশ্ন করি, কলকাতার বাইরে পাঠানো হলে যাবে? উত্তর আসে, হয় মা অসুস্থ, বা বাড়িতে কোনও অসুবিধা। পশ্চিমবঙ্গের বহু মেধাবী ছেলেমেয়ের কেরিয়ারই নষ্ট করে দেয় বাড়ির প্রতি এই টান। খুব ব্রাইট ছেলে, ইন্টারভিউ নিয়ে খুবই পছন্দ হয়েছে, কলকাতায় শূন্যপদ নেই বলে তাকে আমি সংস্থারই অন্য কোনও অঞ্চলের শাখায় কাজ করাতে চাই, কিন্তু সে ছেলে গোড়া থেকেই রাজ্যের বাইরে যেতে নারাজ, এরকম কত দেখেছি! এই রকম পরিস্থিতিতে আমাদেরও কিছু করার থাকে না।

ইংরেজিতে কথা বলা নিয়েও সমস্যা রয়েছে। আজকাল চিঠিপত্র চালাচালি থেকে অফিশিয়াল প্রেজেন্টেশন সব কাজই হয় অনলাইন। ফলে কাজ চালানোর মতো ইংরেজি জানতেই হবে। নিউজ চ্যানেল দেখা, খবরের কাগজ পড়া, স্পোকেন ইংলিশ কোর্সে ভর্তি হওয়া, ইংরেজি গান শোনা, যেভাবেই হোক না কেন ইংরেজি রপ্ত করতে হবে। ইংরেজিতে অসাধারণ দক্ষতার দরকার নেই, কিন্তু শিখতে হবেই।

> যখনই প্রশ্ন করি, কলকাতার বাইরে পাঠানো হলে যাবে? উত্তর আসে, হয় মা অসুস্থ, বা বাড়িতে কোনও অসুবিধা। পশ্চিমবঙ্গের বহু মেধাবী ছেলেমেয়ের কেরিয়ারই নষ্ট করে দেয় বাড়ির প্রতি এই টান। খুব ব্রাইট ছেলে, ইন্টারভিউ নিয়ে খুবই পছন্দ হয়েছে, কলকাতায় শূন্যপদ নেই বলে তাকে আমি সংস্থারই অন্য কোনও অঞ্চলের শাখায় কাজ করাতে চাই, কিন্তু সে ছেলে গোড়া থেকেই রাজ্যের বাইরে যেতে নারাজ, এরকম কত দেখেছি! এই রকম পরিস্থিতিতে আমাদেরও কিছু করার থাকে না।

SBI PO 2000 Posts
Salary: ₹8.2 to ₹13.08 Lakhs CTC**
Attend a FREE SEMINAR on
Know more about SBI PO Exam
on 12th April (Fri) @ 4pm | Venue: T.I.M.E. Howrah Centre
Register online @ www.time4education.com
T.I.M.E. • Park Street • Saltlake • Jadavpur • New Alipore • Sealdah • Howrah
Triumphant Institute of Management Education Pvt. Ltd. Tel: 40510046 kolkata@time4education.com
Attend the seminar & get upto ₹2500/- Discount*
*Conditions apply

কর্মক্ষেত্র
shine.com Great careers start here

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher ,Kolkata, Delhi, Vizag
Profile: Join aviation to secure your future PS Aviation academy offers different courses for the elegable students, Qualification minimum 12th Pass. Age limit -18 to 28. Male female both can apply. After completion of the course we provide them 100% placement in aviation sector. Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword.

Company: ABC HOME PAINTS
Position Title: Agency Manager
Experience, Location: Any Experience, Kolkata
Profile: ABC HOME PAINTS company is hiring "Agency Manager" for entire West Bengal ( District Wise). Qualification - Min 12 th Pass & above. Basic knowledge about mathematic Calculation. Income opportunity Up to Rs. 60,000/- per Month . For more details Contact us - www.abchomepaints.com or, Call us @ 9874440217/ 8637898843 or Drop Your Application @ info.abchomepaintsofficial@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Company: Narayan Industries
Position Title: Factory Manager/ Production Manager & Shop Floor Supervisor
Experience, Location: 10-15 years, Kolkata
Profile: We are a steel fabrication company, urgently looking for 2 position. Production Manager & Shop Floor Supervisor. Interested Candidates should have good managerial capability & technical back ground. Salary as per industry experience & market standard. Please send CV's at adtibmitra@gmail.com or call 9433044453 (between 11 AM-5PM)
To apply for this job, log on to www.shine.com

Company: MET Technologies Pvt Ltd
Position Title: Customer Care Executive
Experience, Location: Both Fresher & Experienced, Kolkata
Profile: We are looking for Fresher & Experienced candidate for the International Voice Process. Edu- Any 12th Pass or Graduate. Benefits- Night shift allowance + Cab facility + Incentives + Fixed salary. Package : 10k-11k /PM for fresher & for experienced 20% hike on their last drawn. Address- Godrej Waterside, Sector V, Salt Lake, Kolkata, Contact HR's numbers: 9073930246 / 8617211828 / 9037927808 / 9073930247.
Email-id: carmel.derosario@met-technologies.com
To apply for this job, log on to www.shine.com

Company: GLOBAL INDIA CONSULTANTS
Position Title: Female Telecaller-Cum-Computer Operator (HR)
Experience, Location: Fresher & Experienced (0-2 years), Kolkata
Profile: Urgently wanted Female Telecaller-Cum-Computer Operator (HR) near Baguiati. Fixed Salary. No Target. Job Profile: Telecalling, HR Recruitment with Computer Operation Skill for our own Job Placement Office. Fresher, Experienced both Welcome. Walk-In - Global India Consultants, GA. R.G.Tower,Phase-III, VIP Enclave, Raghunathpur, Kol-700059 (Opp to VIP Bigbazaar). Email: gic525@hotmail.com, Call : Tikam Jain : 9331160542
To apply for this job, log on to www.shine.com

Company: Adidev Herbals Pvt Ltd
Position Title: Sales Executive/Sales Manager
Experience, Location: 1 year - 6 year, Kolkata
Profile: Required Sales Executive/ Sales Manager to market Herbal, Beauty & Personal care products/Health care products, Ayurvedic products through channel sales with Market Rapport and Team of Staff. Product line. Herbal Beauty & Personal care products / Ayurvedic Potions for tropical application, through Retail Stockiest Operations
To apply for this job, log on to www.shine.com and search using 9730236 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com Great careers start here

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোনটির ওপর কেবলমাত্র অ্যাভোগাড্রোর সূত্র প্রযোজ্য?
(a) কঠিন পদার্থ (b) বায়বীয় পদার্থ (c) কঠিন ও তরল পদার্থ (d) তরল পদার্থ
2. একটি ফিউজ তার:
(a) নিম্নরোধ ও উচ্চ গলনাঙ্কবিশিষ্ট (b) উচ্চরোধ ও নিম্ন গলনাঙ্কবিশিষ্ট (c) নিম্নরোধ ও উচ্চ ই এম এফ বিশিষ্ট (d) উচ্চরোধ ও নিম্ন ই এম এফ বিশিষ্ট
3. 'কমিউনিস্ট ম্যানিফেস্টো' কত সালে প্রকাশিত হয়?
(a) 1889 সালে (b) 1848 সালে (c) 1805 সালে (d) 1817 সালে
4. নীচের কোনটি কেন্দ্রীয় তালিকার অন্তর্ভুক্ত নয়?
(a) কপিরাইট (b) গ্যাস ও গ্যাসসংক্রান্ত কাজ (c) লাইট হাউসেস (d) সংবাদপত্র সমূহের ওপর কর
5. সংবিধানের তারকা চিহ্নযুক্ত প্রশ্ন কথাটির অর্থ কী?
(a) প্রশ্নটির দ্রুত উত্তর দিতে হবে (b) প্রশ্নটির লিখিত উত্তর দিতে হবে (c) প্রশ্নটির মৌখিক উত্তর দিতে হবে (d) এগুলির কোনওটিই নয়
6. পাকিস্তানের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
(a) মহম্মদ আয়ুব খান (b) লিয়াকত আলি খান (c) মহম্মদ আলি জিন্নাহ (d) ইসকন্দর মির্জা
7. পরাশ্রয়ী কিন্তু পরভোজী নয়:
(a) অর্কিড (b) ছত্রাক (c) ব্যাক্টেরিয়া (d) ভাইরাস
8. ভারতের অহিংস অসহযোগ আন্দোলনের সূত্রপাত হয়:
(a) 1920 সালের 1 অগস্ট (b) 1919 সালের 6 এপ্রিল (c) 1915 সালের 9 সেপ্টেম্বর (d) 1922 সালের 25 ফেব্রুয়ারি
9. ভারতের কোন স্থানে রকেট উৎক্ষেপণ কেন্দ্র অবস্থিত?
(a) থুম্বা (b) তারাপুর (c) পোখরান (d) পুনে
10. নীচের ভিটামিনগুলির কোনটি প্রজনন প্রক্রিয়াকে সহায়তা করে?
(a) ভিটামিন $B_1$ (b) ভিটামিন $B_2$ (c) ভিটামিন E (d) ভিটামিন K
11. রিকিয়াভিক (Reykjavik) কোন দেশের রাজধানী?
(a) আইসল্যান্ড (b) এস্তোনিয়া (c) সোভানিয়া (d) সার্বিয়া
12. দৃষ্টিহীনদের পঠন পদ্ধতির আবিষ্কর্তা কে?
(a) টমাস আলভা এডিসন (b) লুই ব্রেল (c) বার্ট্রান্ড রাসেল (d) পিয়েরি কুরি
13. এক অণু সালফারে কত সংখ্যক পরমাণু আছে?
(a) আট (b) ছয় (c) চার (d) দুই
14. 'ইবাদতখানা' প্রতিষ্ঠা করেছিলেন:
(a) বাবর (b) হুমায়ুন (c) আকবর (d) শাহজাহান
15. 'জেমস বন্ড' চরিত্রটি কে সৃষ্টি করেছিলেন?
(a) চার্লস ডিকেন্স (b) গ্যেটে (c) আগাথা ক্রিস্টি (d) ইয়ান ফ্লেমিং
16. মুদ্রাস্ফীতি হওয়ার কারণ কী?
(a) মুদ্রার দ্রুত মূল্যবৃদ্ধি (b) মুদ্রার মানের দ্রুত অবনতি (c) জিনিসপত্রের মূল্যবৃদ্ধি (d) বাজারে মুদ্রার অতিমাত্রায় প্রচলন
17. যে তড়িৎ পরিবাহীর রোধ উষ্ণতা বৃদ্ধি এবং অশুদ্ধির জন্য কমে তা হল:
(a) স্বাভাবিক পরিবাহী (b) অর্ধপরিবাহী (c) উচ্চপরিবাহী (d) বিপরীত পরিবাহী
18. অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের সদর দপ্তর:
(a) জেনিভা (b) নিউ ইয়র্ক (c) মস্কো (d) লন্ডন
19. সালোকসংশ্লেষ কী?
(a) একটি সংযোজন প্রক্রিয়া (b) কার্বোহাইড্রেট প্রস্তুতি প্রক্রিয়া (c) একটি বিশেষ ধরনের গমন প্রক্রিয়া (d) একটি পরিপাক ক্রিয়া
20. ফ্যাটে দ্রবীভূত ভিটামিন কোনটি?
(a) টোকোফেরল (b) সায়ানিন (c) অ্যাসকরবিক অ্যাসিড (d) কায়োনিন
21. দক্ষিণ ভারতে আধিপত্য প্রতিষ্ঠার ক্ষেত্রে ইঙ্গ-ফরাসি যুদ্ধ ভারত ইতিহাসে কোন যুদ্ধ নামে খ্যাত?
(a) কর্নাটকের যুদ্ধ (b) মাইলাপুরের যুদ্ধ (c) আম্বুরের যুদ্ধ (d) তরাইনের যুদ্ধ
22. লাক্ষাদ্বীপ নীচের কোনটিতে অবস্থিত?
(a) ভারত মহাসাগর (b) বঙ্গোপসাগর (c) আরবসাগর (d) পক প্রণালী
23. ভারতের প্রথম উপগ্রহ কোনটি?
(a) ভাস্কর (b) অ্যাপোলো (c) রোহিণী-1(d) আর্যভট্ট
24. কোন যন্ত্রের সাহায্যে বৈদ্যুতিক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়?
(a) জেনারেটর (b) ডায়নামো (c) ইনকাক্রান (d) বৈদ্যুতিক মোটর
25. নীচের কোন নদীটি বঙ্গোপসাগরে পড়েছে?
(a) মহানদী (b) সবরমতী (c) নর্মদা (d) তাপ্তি
26. ভারতে ওয়াহাবি আন্দোলনের প্রকৃত প্রবর্তক কাকে বলা হয়?
(a) সৈয়দ আহমেদকে (b) মৈনুদ্দিনকে (c) শরিয়ৎউল্লাকে (d) মির নিশার আলিকে
27. খাদ্যে প্রোটিনের অভাবে কোন রোগের সৃষ্টি হয়?
(a) অ্যামিবায়োসিস (b) ক্যান্সার (c) ডায়াবেটিস (d) কোয়াশিওরকর
28. কে রাষ্ট্রবিজ্ঞানকে 'সর্বোত্তম বিজ্ঞান' বলেছেন?
(a) গার্নার (b) অ্যারিস্টটল (c) ব্রাইট (d) প্লেটো
29. নীচের কোনটি আলো ছড়ায় না?
(a) সূর্য (b) তারা (c) চাঁদ (d) মোমবাতির শিখা
30. দূরের জিনিস দেখার জন্য কোন লেন্স ব্যবহার করা হয়?
(a) উত্তল লেন্স (b) অবতল লেন্স (c) অবতলোত্তল লেন্স (d) এগুলির কোনওটিই নয়
31. বাস্তুতন্ত্রের প্রাথমিক উপাদান নীচের কোনটি?
(a) কেঁচো (b) আলো (c) কৃষক (d) সবুজ উদ্ভিদ
32. উত্তর অয়নান্ত কী?
(a) গ্রীষ্মের প্রথমদিন (b) গ্রীষ্মের শেষদিন (c) যে দিনটিতে সূর্য কর্কটক্রান্তিরেখার ঠিক ওপরে অবস্থান করে (d) যে দিনটিতে সূর্য মকরক্রান্তিরেখার ঠিক ওপরে অবস্থান করে
33. বহিঃশুল্ক কী ধরনের কর?
(a) এটি রাজ্যের অধিকারভুক্ত কর (b) এটি কেন্দ্রের অধিকারভুক্ত কর (c) এটি কেন্দ্র কর্তৃক আরোপিত কিন্তু রাজ্য দ্বারা সংগৃহীত কর (d) কেন্দ্র কর্তৃক আরোপিত ও সংগৃহীত কিন্তু রাজ্যসমূহের জন্য নির্দিষ্ট কর

এরপর এগারোর পাতায়

## পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন ব্রিটিশ গভর্নর জেনারেল ভারতে ডাকটিকিটের প্রবর্তন ঘটান?
(a) ডালহৌসি (b) ওয়েলেসলি (c) ক্যানিং (d) বেন্টিঙ্ক
2. 1905 সালের স্বদেশি আন্দোলন নীচের কোন গোষ্ঠীকে কার্যত প্রভাবিত করেনি?
(a) নারী (b) কৃষক (c) মুসলিম (d) বুদ্ধিজীবী
3. স্বাধীনতা আন্দোলনে কোন বাঙালি সবচেয়ে বেশিদিন কারারুদ্ধ ছিলেন?
(a) গণেশ ঘোষ (b) অশ্বিনীকুমার দত্ত (c) অরবিন্দ ঘোষ (d) যতীন্দ্রনাথ সেনগুপ্ত
4. লখনউ চুক্তি কাদের মধ্যে হয়?
(a) কংগ্রেস ও মুসলিম লিগের মধ্যে (b) ইংরেজ ও মুসলিম লিগের মধ্যে (c) কংগ্রেস ও ইংরেজদের মধ্যে (d) অনুন্নত সম্প্রদায় ও ইংরেজদের মধ্যে
5. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে'— কবিতার রচয়িতা কে?
(a) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (b) কাজী নজরুল ইসলাম (c) সত্যেন্দ্রনাথ দত্ত (d) নবীনচন্দ্র সেন
6. ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে নেতাজি সুভাষচন্দ্র বসু প্রথম সভাপতিত্ব করেন?
(a) কলকাতা অধিবেশনে (b) মুম্বই অধিবেশনে (c) হরিপুরা অধিবেশনে (d) ত্রিপুরা অধিবেশনে
7. নেতাজি সুভাষচন্দ্র বসু ভারত থেকে পালিয়ে বিদেশে চলে যান কবে?
(a) 1939 সালে (b) 1940 সালে (c) 1941 সালে (d) 1942 সালে
8. রবীন্দ্রনাথের মৃত্যু কত সালে হয়েছিল?
(a) 1939 সালে (b) 1941 সালে (c) 1942 সালে (d) 1944 সালে
9. রাওলাট আইন কোন ভাইসরয় পাশ করেছিলেন?
(a) লর্ড আরউইন (b) লর্ড ওয়াবেল (c) লর্ড চেমসফোর্ড (d) লর্ড কার্জন
10. 'বন্দেমাতরম' গানটি বঙ্কিমচন্দ্র কবে রচনা করেন?
(a) 1865 সালে (b) 1872 সালে (c) 1875 সালে (d) 1885 সালে
11. 'পভার্টি অ্যান্ড আনব্রিটিশ রুল ইন ইন্ডিয়া' নামক গ্রন্থটির রচয়িতা কে?
(a) ডঃ রাজেন্দ্র প্রসাদ (b) আলি মহম্মদ জিন্না (c) দাদাভাই নৌরজি (d) মদনমোহন মালব্য
12. 'ইনকিলাব জিন্দাবাদ' এই স্লোগান ধ্বনি দেওয়ার জন্য নীচের কে বিখ্যাত ছিলেন?
(a) লালা লাজপত রায় (b) কানাইলাল দত্ত (c) ভগত সিং (d) বাল গঙ্গাধর তিলক
13. তালচের তাপবিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
(a) ওড়িশা (b) মহারাষ্ট্র (c) মেঘালয় (d) ত্রিপুরা
14. অসমে নীচের কোনটি সবচেয়ে বেশি উৎপন্ন হয়?
(a) গম (b) ধান (c) চা (d) পাট
15. ভারতের সবচেয়ে কম বৃষ্টি হয় কোথায়?
(a) যোধপুর (b) শ্রীনগর (c) লে (d) বিকানির
16. 'চুখা উপত্যকা প্রকল্প' কোন দেশে করা হয়েছে?
(a) শ্রীলঙ্কা (b) বাংলাদেশ (c) ভুটান (d) নেপাল
17. ভারতের ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করেছে, সেটি নিরক্ষরেখার:
(a) $23\frac{1}{2}^{\circ}$ দক্ষিণে (b) $23\frac{1}{2}^{\circ}$ উত্তরে (c) $90^{\circ}$ দক্ষিণে (d) $66\frac{1}{2}^{\circ}$ উত্তরে
18. ব্রহ্মপুত্র: গুয়াহাটি : সবরমতী : ?
(a) ইন্দোর (b) রাজকোট (c) আমেদাবাদ (d) ভোপাল
19. 'যোগ' জলপ্রপাত ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) কর্নাটক (b) তামিলনাড়ু (c) মণিপুর (d) ঝাড়খণ্ড
20. কোন নদীর তীরে ডিব্রুগড় শহরটি অবস্থিত?
(a) তিস্তা (b) ব্রহ্মপুত্র (c) রামগঙ্গা (d) মহানন্দা
21. রাজ্যসভার কার্যকালের মেয়াদ কত বছর?
(a) 4 বছর (b) 5 বছর (c) 6 বছর (d) এটি একটি স্থায়ী সংস্থা
22. প্রথম জীবন সৃষ্টি হয়েছিল:
(a) জলে (b) স্থলে (c) বায়ুতে (d) কোনওটিতেই নয়
23. হরমোনের আধিক্য হলে কী হয়?
(a) হাইপার প্লাসিয়া (b) হাইপারট্রফি (c) সাদা দাগ (d) শ্বেতি
24. গাছের যে অংশ সূর্যালোক পায়:
(a) ক্লোরোপ্লাসটিড (b) ক্রোমোপ্লাসটিড (c) লিউকোপ্লাসটিড (d) কোনওটিই নয়
25. কোষের মস্তিষ্ক বলা হয়:
(a) নিউক্লিয়াস (b) রাইবোজোম (c) মাইটোকনড্রিয়া (d) প্লাস্টিড
26. RNA-এর একটি বেস হল:
(a) অ্যাডেনাইন (b) ইউরাসিল (c) গুয়ানিন (d) সাইটোসিন
27. জীবকোষে যে যৌগের মধ্যে শক্তি সঞ্চিত থাকে সেটি হল:

এরপর বারোর পাতায়

# রাজ্য পুলিশে ৮৪১৯ কনস্টেবল

## নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

53(b): মূল্যের অনুপাত = 15 : 10 : 3

মুদ্রার অনুপাত $= \frac{15}{1} : \frac{10}{1/2} : \frac{3}{1/4} = 15 : 20 : 12$

অনুপাতের একক x হলে, $15x + 20x + 12x = 470$

বা, $47x = 470$ বা, $x = 10$

∴ মুদ্রার সংখ্যা = 150, 200, 120

54(d): ধরি, x মিনিট পরে B নলটি বন্ধ করে দেওয়া হয়েছে

A নলটি 1 মিনিটে পূর্ণ করে $= \frac{1}{24}$ অংশ

A নলটি 18 মিনিটে পূর্ণ করে $= \frac{18}{24}$ অংশ

B নলটি x মিনিটে পূর্ণ করে $= \frac{x}{32}$ অংশ

শর্তানুসারে, $\left(\frac{18}{24} + \frac{x}{32}\right) = 1$ বা, $\frac{18 \times 32 + 24x}{24 \times 32} = 1$

বা, $24x = 32(24 - 18)$ বা, $24x = 32(6)$, $x = 8$ মিনিট।

55(c): $13 - (-7) = 20\%$

$20\% \rightarrow 80$, $1\% \rightarrow \frac{80}{20}$, $100\% \rightarrow \frac{80}{20} \times 100 = 400$ টাকা।

56(b): 95 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য 100 টাকা

1 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $\frac{100}{95}$ টাকা

760 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $\frac{100 \times 760}{95} = 800$ টাকা

100 টাকা ক্রয়মূল্য হলে বিক্রয়মূল্য হবে 105 টাকা

1 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $\frac{105}{100}$ টাকা

800 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $\frac{105}{100} \times 800 = 840$ টাকা

57(d): 10, 12, 16 ও 18-র ল.সা.গু. = 720

এখন $(5000 \div 720) = 6\frac{680}{720}$

∴ ক্ষুদ্রতম সংখ্যা = (720– 680) = 40.

58(b): (138 – 63) = 75, (228 – 138) = 90

```
75|90|1
  |75|
  ----
   15
```

∴ নির্ণেয় বৃহত্তম সংখ্যা = 15.

59(d): (A + B) একত্রে 1 দিনে করে $= \left(\frac{1}{10} + \frac{1}{15}\right) = \frac{25}{150} = \frac{1}{6}$ অংশ

3 দিনে করে $= \frac{3}{6} = \frac{1}{2}$ অংশ

$\frac{1}{2}$ অংশ কাজ বাকি থাকে

ওই $\frac{1}{2}$ অংশ কাজ $A = 10 \times \frac{1}{2} = 5$ দিন

কাজটি (5 + 3) = 8 দিনে শেষ হবে।

60(b): $V_1T_1 = V_2T_2$

বা, $45 \times 40 = 30 \times V_2$

বা, $\frac{45 \times 40}{30} = V_2$ বা, $V_2 = 60$ কিমি/ঘণ্টা।

61(c): $\frac{\sqrt{5}+\sqrt{3}}{\sqrt{5}-\sqrt{3}} - \frac{\sqrt{5}-\sqrt{3}}{\sqrt{5}+\sqrt{3}}$

$= \frac{(\sqrt{5}+\sqrt{3})(\sqrt{5}+\sqrt{3})}{(\sqrt{5}-\sqrt{3})(\sqrt{5}+\sqrt{3})} - \frac{(\sqrt{5}-\sqrt{3})(\sqrt{5}-\sqrt{3})}{(\sqrt{5}+\sqrt{3})(\sqrt{5}-\sqrt{3})}$

$= \frac{5+3+2\sqrt{5}.\sqrt{3}}{5-3} - \frac{5+3-2\sqrt{5}.\sqrt{3}}{5-3} = \frac{8-2\sqrt{15}-8+2\sqrt{5}}{2} = 2\sqrt{5}$.

62(a): পাঁচিলের ক্ষেত্রফল $= \left\{\pi\left(\frac{62}{2}+2\right) - \pi\left(\frac{62}{2}\right)\right\}$

$= \pi\,(33^2 - 31^2) = \frac{22}{7}(33+31)(33-31)$

$= \frac{22}{7} \times 64 \times 2 = 402\frac{2}{7}$ বর্গসেমি।

63(c): $\frac{4}{3}\pi R^3 = \frac{4}{3}\pi(3)^3 + \frac{4}{3}\pi(4)^3 + \frac{4}{3}\pi(5)^3$

$R^3 = 27 + 64 + 125$, $R^3 = 216 = (6)^3$, $R = 6$.

64(c): 1 বছরে ভাড়া 288 টাকা

1 মাসে ভাড়া $= \frac{288}{12} = 24$ টাকা

প্রথম 4 মাসের ভাড়া = (24 × 4) = 96 টাকা

A, B, C গড়ে দেয় $= \frac{96}{3} = 32$ টাকা

পরের 5 মাসের ভাড়া = (24 × 5) = 120 টাকা

C চলে গেছে তাই A, B প্রত্যেকে দেবে = 60 টাকা

∴ B-র মোট ভাড়া = (32 + 60) = 92 টাকা।

65(b): সুদ $= 350 \times \left(1 + \frac{4}{200}\right)^{2\times1} = 350 \times \left(\frac{204}{200}\right)^2$

এরপর চোদ্দোর পাতায়

Subscribe to Bongtimes18

Scanned by CamScanner

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

34. একটি পদার্থকণা সমগতিতে বৃত্তাকার পথে ঘুরছে— এর কোনটি ধ্রুবক হবে?
(a) বেগ (b) ত্বরণ (c) গতিশক্তি (d) সরণ

35. কোন বিদ্যার সঙ্গে রাষ্ট্রবিজ্ঞানকে তুলনা করা চলে?
(a) তর্কবিদ্যা (b) পদার্থবিদ্যা (c) আবহবিদ্যা (d) জীবনবিজ্ঞান

36. কোন অবস্থায় বাষ্পীভবনের হার সর্বোত্তম?
(a) ক্ষুদ্রক্ষেত্রে (b) নিম্নতাপ (c) বৃহৎক্ষেত্রে (d) আর্দ্র বায়ুমণ্ডল

37. সাবমেরিন পেরিস্কোপের প্রতিফলক:
(a) অবতল দর্পণ (b) উত্তল দর্পণ (c) প্রতিফলনকারী প্রিজম (d) সমতল দর্পণ

38. সাধারণত মানুষের 100 মিলিগ্রাম রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ কত?
(a)10.5 গ্রাম (b) 12.5 গ্রাম (c) 14.5 গ্রাম (d) 15 গ্রাম

39. যান্ত্রিক শক্তি তড়িৎশক্তিতে রূপান্তরের একটি উদাহরণ:
(a) স্টিম ইঞ্জিন (b) বৈদ্যুতিক হিটার (c) ডায়নামো (d) বৈদ্যুতিক ঘণ্টা

40. কোন ভিটামিনের অভাবে বেরিবেরি রোগ হয়?
(a) Vitamin-A (b) Vitamin-$B_1$ (c) Vitamin-C (d) Vitamin-D

41. ভাইরাস হল:
(a) জীব ও জড়ের মধ্যবর্তী পর্যায়ের বস্তু (b) একটি জীব (c) একটি জড়পদার্থ (d) একটি অতি ক্ষুদ্র প্রাণী

42. জল বরফে পরিণত হলে আয়তনের কী পরিবর্তন হয়?
(a) আয়তনে বাড়ে (b) আয়তনে কমে (c) আয়তনে প্রথমে কমে এবং তারপর বাড়ে (d) আয়তন অপরিবর্তিত থাকে

43. কীসের অভাবে গলগণ্ড রোগ হয়?
(a) ফসফরাস (b) ভিটামিন (c) আয়োডিন (d) ক্যালশিয়াম

44. বায়ুর আর্দ্রতা বাড়লে শব্দের বেগে কী পরিবর্তন দেখা যায়?
(a) শব্দের বেগ অপরিবর্তিত থাকে (b) শব্দের বেগ বৃদ্ধি পায় (c) শব্দের বেগ হ্রাস পায় (d) নিশ্চিত করে কিছু বলা যায় না

45. তামা ও টিনের মিশ্রণে কী উৎপন্ন হয়?
(a) পিতল (b) জার্মান সিলভার (c) কাঁসা (d) ম্যাগনেশিয়াম

46. 'হুতোম পেঁচার নকশা' গ্রন্থটি কার রচনা?
(a) প্যারীচাঁদ মিত্র (b) কালীপ্রসন্ন সিংহ (c) ঈশ্চরচন্দ্র বিদ্যাসাগর (d) অক্ষরকুমার দত্ত

47. 'ফরওয়ার্ড ব্লক' দল কে গঠন করেন?
(a) জওহরলাল নেহরু (b) চিত্তরঞ্জন দাশ (c) রাসবিহারী বসু (d) নেতাজি সুভাষচন্দ্র বসু

48. হাইড্রোলিক ব্রেক কোন কোন সূত্র অনুযায়ী কাজ করে?
(a) বার্নৌলির সূত্র (b) পাস্কালের সূত্র (c) আর্কিমিডিসের সূত্র (d) চার্লসের সূত্র

49. অ্যাসিটিলিন কী কাজে ব্যবহৃত হয়?
(a) বেকেলাইট প্রস্তুতিতে (b) ঘুমের ওষুধ প্রস্তুতিতে (c) কালাজ্বরের ওষুধ প্রস্তুতিতে (d) ঝালাইয়ের কাজে

50. নীচের কোনটি রাসায়নিক পরিবর্তনের উদাহরণ?
(a) মোমের গলন (b) মোমের দহন (c) কর্পূরের ঊর্ধ্বপাতন (d) এগুলির কোনওটিই নয়

51. ভারতের সাতপুরা পর্বত কীসের উদাহরণ?
(a) স্তূপ পর্বত (b) ক্ষয়জাত পর্বত (c) আগ্নেয় পর্বত (d) এগুলির কোনওটিই নয়

52. গোবর গ্যাসের প্রধান উপাদান হল:
(a) ইথিলিন (b) অ্যাসিটিলিন (c) মিথেন (d) ক্লোরোফর্ম

53. পেঁপে গাছ থেকে প্রাপ্ত প্যাপাইন উৎসেচক কোন প্রক্রিয়াকে সহায়তা করে?
(a) স্নেহপদার্থের পরিপাক (b) প্রোটিন পরিপাক (c) রক্ত তঞ্চন (d) রক্ত তৈরি

54. রক্তে কী থাকার ফলে রক্তবাহের রক্ত জমাট বাঁধে না?
(a) থ্রোমবিন (b) লোহিতকণিকা (c) শ্বেতকণিকা (d) হেপারিন

55. ঔরঙ্গজেবের মৃত্যু হয় কত সালে?
(a) 1690 (b) 1699 (c) 1700 (d) 1707

56. ভারতীয় সংবিধানের কোন ভাগে রাষ্ট্র শাসন প্রণালীর নির্দেশক নীতিগুলি সন্নিবিষ্ট করা হয়েছে?
(a) ভাগ-1 (b) ভাগ-2 (c) ভাগ-4 (d) ভাগ-5

57. কোন শহরে ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন বসে?
(a) কলকাতা (b) দিল্লি (c) চেন্নাই (d) মুম্বই

58. লোকসভায় পশ্চিমবঙ্গের জন্য ক'টি আসন বরাদ্দ রয়েছে?
(a) 30টি (b) 40টি (c) 42টি (d) 50টি

59. অধীনতামূলক মিত্রতা নীতি কে গ্রহণ করেন?
(a) লর্ড কর্নওয়ালিশ (b) লর্ড ওয়েলেসলি (c) লর্ড বেন্টিঙ্ক (d) লর্ড আমহার্স্ট

60. 'A Thousand Suns' কার রচনা?
(a) রবার্ট ওপেনহাইমার (b) আইনস্টাইন (c) অ্যাডলফ হিটলার (d) দোমিনিক লাপিয়ের

61. তড়িৎকোষের তড়িচ্চালক বল নির্ভর করে না:
(a) কোষের আকারে ওপর (b) ক্যাথোড পদার্থের ওপর (c) অ্যানোড পদার্থের ওপর (d) ব্যবহৃত তড়িৎবিশ্লেষ্যের ওপর

62. কোন সুলতান প্রথম জমি জরিপ করেন?
(a) ইলতুতমিস (b) আলাউদ্দিন খিলজি (c) মহম্মদ বিন তুঘলক (d) ফিরোজ তুঘলক

63. ইংরেজি শিক্ষাকে সরকারি নীতি হিসাবে ঘোষণা করেন কোন গভর্নর জেনারেল?
(a) লর্ড কর্নওয়ালিশ (b) লর্ড আমহার্স্ট (c) লর্ড বেন্টিঙ্ক (d) লর্ড হার্ডিঞ্জ

64. সবচেয়ে হালকা মৌল কোনটি?
(a) অক্সিজেন (b) হাইড্রোজেন (c) নাইট্রোজেন (d) অ্যামোনিয়া

65. মুঘল আমলে কোনটি বৃহত্তম বন্দর ছিল?
(a) বালাসোর (b) তাম্রলিপ্ত (c) সুরাট (d) চট্টগ্রাম

66. কম্পাঙ্কের একক কী?
(a) নিউটন (b) ভোল্ট (c) হার্ৎজ (d) কুলম্ব

67. রিহান্দ জলবিদ্যুৎকেন্দ্র কোন রাজ্যে অবস্থিত?
(a) গুজরাট (b) হিমাচল প্রদেশ (c) উত্তরপ্রদেশ (d) বিহার

68. নীচের কোন নদীটি পশ্চিমবাহিনী?
(a) মহানদী (b) গঙ্গা (c) নর্মদা (d) গোদাবরী

69. বিশ্ব এইডস দিবস কবে পালিত হয়?
(a) 6 মার্চ (b) 1 জুলাই (c) 12 অগস্ট (d) 1 ডিসেম্বর

70. মানবদেহে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র কোন আবরণ দ্বারা আবৃত থাকে?
(a) এপিডারমিস (b) মেনিনজেস (c) অ্যাকুয়সহিউমর (d) এগুলির কোনওটিই নয়

71. 'আর্মস অ্যান্ড দ্য ম্যান' গ্রন্থটি কার লেখা?
(a) সামারসেট মম (b) চার্লস ডিকেন্স (c) জর্জ বার্নার্ড শ (d) লিও টলস্টয়

72. হাইকোর্টের বিচারপতিদের অবসরগ্রহণের বয়স কত?
(a) 60 বছর (b) 62 বছর (c) 64 বছর (d) 65 বছর

73. বাংলার প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) লর্ড বেন্টিঙ্ক (b) লর্ড ডালহৌসি (c) ওয়ারেন হেস্টিংস (d) লর্ড ক্যানিং

74. লন্ডন অলিম্পিক 2012 পদক তালিকায় শীর্ষ স্থান পায় কোন দেশ?
(a) চিন (b) গ্রেট ব্রিটেন (c) আমেরিকা (d) রাশিয়া

75. লন্ডন অলিম্পিক 2012-এর উদ্বোধনীতে ভারতের পতাকা কে বহন করেন?
(a) বিজয় কুমার (b) সাইনা নেওয়াল (c) গগন নারাং (d) সুশীল কুমার

76. চালের দাম প্রতিবছর 10% বৃদ্ধি পায়, চালের বর্তমান মূল্য কুইন্টাল প্রতি 1,936 টাকা। 2 বছর আগে প্রতি কুইন্টাল চালের মূল্য কত ছিল?
(a) 1500 টাকা (b) 1580 টাকা (c) 1600 টাকা (d) 1640 টাকা

77. একটি নল দ্বারা একটি জলাধার 15 মিনিটে পূর্ণ হয় এবং অপর একটি নল দ্বারা ওই জলাধার 20 মিনিটে নিঃশেষ হয়। অর্ধজলপূর্ণ অবস্থায় দু'টি নল একসঙ্গে খোলা হলে জলাধারটি জলপূর্ণ হতে কত সময় নেবে?
(a) 30 মিনিট (b) 32 মিনিট (c) 36 মিনিট (d) 40 মিনিট

78. দু'টি ক্রমিক ধনাত্মক পূর্ণসংখ্যার বর্গের বিয়োগফল 81, বৃহত্তর সংখ্যাটি কত?
(a) 30 (b) 40 (c) 41 (d) 42

79. কিছু টাকা সরল সুদে বিনিয়োগ করলে 20 বছরে সুদে আসলে দ্বিগুণ হয়। বাৎসরিক সুদের হার কত?
(a) 10% (b) 8% (c) 6% (d) 5%

80. একটি ক্লাবের প্রতিটি সদস্য কোনও ত্রাণ তহবিলে ক্লাবের সদস্যসংখ্যার সমান সংখ্যক 5 টাকার নোট চাঁদা দেন, মোট চাঁদার পরিমাণ 12500 টাকা। ক্লাবের সদস্যসংখ্যা হল:
(a) 50 (b) 250 (c) 2500 (d) এগুলির কোনওটিই নয়

81. একটি সংখ্যার 80%-এর সঙ্গে 80 যোগ করলে যোগফল ওই সংখ্যাটিই হয়। সংখ্যাটি হল:
(a) 240 (b) 300 (c) 360 (d) 400

82. 228 টাকায় একটি দ্রব্য বিক্রি করে এক বিক্রেতার 5% ক্ষতি হল। 10% লাভ করতে হলে ওই দ্রব্যটির বিক্রয়মূল্য হওয়া উচিত:
(a) 248 টাকা (b) 252 টাকা (c) 260 টাকা (d) 264 টাকা

83. দুধ ও জলমিশ্রিত একটি পাত্রে দুধ ও জলের অনুপাত 7 : 3, ওই পাত্রে আরও 6 লিটার দুধ মেশালে অনুপাত হয় 3 : 1 পাত্রে জলের পরিমাণ:
(a) 15 লিটার (b) 12 লিটার (c) 6 লিটার (d) 9 লিটার

84. একটি শ্রেণির ছাত্রসংখ্যা 20% বৃদ্ধি পেয়ে 66 হল, পূর্বতন ছাত্রসংখ্যা কত ছিল?
(a) 45 (b) 50 (c) 55 (d) 60

85. 3 জন পুরুষ অথবা 5 জন মহিলা একটি কাজ 20 দিনে সম্পূর্ণ করতে পারে। তাহলে 9 জন পুরুষ এবং 10 জন মহিলা একত্রে কতদিনে ওই কাজ সম্পূর্ণ করবে?
(a) 8 দিনে (b) 6 দিনে (c) 5 দিনে (d) 4 দিনে

86. একটি সংখ্যার $\frac{5}{8}$ অংশ = অপর সংখ্যার $\frac{5}{12}$ অংশ। সংখ্যাদু'টির গুণফল 9600 হলে, বড় সংখ্যাটি হল:
(a) 80 (b) 120 (c) 90 (d) 130

87. এক কৃষক 30 দিনে একটি জলাধার নির্মাণের উদ্দেশ্যে 30 জন কর্মী নিযুক্ত করার পর 20 দিনে কাজটির $\frac{1}{2}$ অংশ সম্পূর্ণ হল। যথাসময়ে কাজ সম্পূর্ণ করতে হলে তাঁকে আরও কতজন কর্মী নিয়োগ করতে হবে?
(a) 20 (b) 24 (c) 25 (d) 30

88. কোনও পরীক্ষায় তিনটি বিষয় আছে এবং পাশ করার জন্য একজন পরীক্ষার্থীকে মোট নম্বরের 36% পেতে হয়। একজন পরীক্ষার্থী একটি বিষয়ে 120 নম্বরের মধ্যে 52 নম্বর এবং দ্বিতীয় একটি বিষয়ে 100 নম্বরের মধ্যে 38 নম্বর পেয়েছে। শুধুমাত্র পাশ করার জন্য তৃতীয় বিষয়ে 180 নম্বরের মধ্যে তাকে কত নম্বর পেতে হবে?
(a) 64 (b) 44 (c) 54 (d) 58

89. $\sqrt{0.09} \div \sqrt[3]{0.001}$ -এর 0.2-র সরলতম মান কত?
(a) 15 (b) 0.2 (c) 2 (d) 1.5

90. একটি বর্গাকার বাগানের পরিসীমা 240 মিটার। বাগানের ভেতরের চারদিকে একটি 5 মিটার চওড়া পথ রয়েছে। পথটির ক্ষেত্রফল কত (বর্গমিটারে)?
(a) 1100 (b) 1200 (c) 575 (d) 625

91. A-র আয় B-র আয়ের 20% বেশি। তাহলে B-র আয় A-র আয়ের চেয়ে কত শতাংশ কম হবে?
(a) 20% (b) $16\frac{2}{3}$ % (c) 15% (d) $17\frac{1}{3}$ %

92. একজন দুধবিক্রেতা 630 টাকায় 70 লিটার দুধ কিনে 5 লিটার জল মেশায়। জলমিশ্রিত সব দুধ লিটার প্রতি 9 টাকা দরে বিক্রি করায় তার লাভ হল:
(a) $8\frac{1}{5}$ % (b) 7% (c) $8\frac{2}{5}$ % (d) $7\frac{1}{7}$ %

93. ছ'টি সংখ্যাকে মানের অধঃক্রম অনুসারে সাজানো হল। প্রথম পাঁচটি সংখ্যার গড় 30 এবং শেষ পাঁচটি সংখ্যার গড় 25। প্রথম ও শেষ সংখ্যাটির পার্থক্য কত?
(a) 25 (b) 5 (c) 30 (d) 20

94. নীচের সংখ্যাগুলিকে বড় থেকে ছোট অনুসারে সাজান:
(a) $a = 0.\dot{3}\dot{2}$ (b) $b = \frac{1}{3}$ (c) $c = \sqrt{0.32}$ (d) $d = 0.32$
(a) cbda (b) cbad (c) bacd (d) abcd

95. বিপরীত দিক থেকে আসা দু'টি ট্রেনের বেগ যথাক্রমে 60 কিমি/ঘণ্টা এবং 45 কিমি/ঘণ্টা এবং তারা 6 সেকেন্ডে পরস্পরকে অতিক্রম করে। একটি ট্রেনের দৈর্ঘ্য 90 মিটার হলে, অপরটির দৈর্ঘ্য কত?
(a) 95 মিটার (b) 90 মিটার (c) 85 মিটার (d) 100 মিটার

96. ইংরিজি বর্ণমালার অক্ষরগুলিকে উল্টে দিয়ে 'O'-র ডানদিক থেকে '8'-তম অক্ষর কোনটি?
A B C D E F G H I J K L M N O P Q R S T U V W X Y Z
(a) V (b) F (c) W (d) G

97. যদি 'LOGIC'-কে 1215793 লেখা হয়, তাহলে 'FACTS'-কে কী লেখা হবে?
(a) 3132019 (b) 6132025 (c) 6132019 (d) 1961320

98. অমিত রঞ্জুর চেয়ে লম্বা শীতলের চেয়ে বেঁটে। শীতল দীনেশের চেয়ে বেঁটে কিন্তু রঞ্জুর চেয়ে লম্বা। অমিত দীনেশের চেয়ে বেঁটে। তবে চারজনের মধ্যে কে সবচেয়ে বেশি লম্বা?
(a) দীনেশ (b) অসিত (c) রঞ্জু (d) শীতল

99. যদি 2, 3, 8-কে বলা হয় 'How are you', '2, 7, 9'-কে 'Red White how, '2, 6, 3-কে বলা হয় 'How are green' তাহলে Red-এর কোড কত?
(a) 7 (b) 8 (c) 9 (d) কোনওটিই নয়

100. একটি ঘড়িতে যখন সাড়ে 4 টে বাজে, তখন মিনিটের কাঁটাটি পূর্বদিক নির্দেশ করে। ঘণ্টার কাঁটাটি তখন কোনদিক নির্দেশ করে?
(a) উত্তর-পূর্ব (b) উত্তর (c) দক্ষিণ (d) দক্ষিণ-পশ্চিম

### উত্তর

1(b), 2(b), 3(b), 4(c), 5(b), 6(c), 7(a), 8(a), 9(a), 10(c), 11(a), 12(b), 13(a), 14(c), 15(d), 16(b), 17(b), 18(d), 19(b), 20(a), 21(a), 22(c), 23(d), 24(d), 25(a), 26(a), 27(d), 28(b), 29(c), 30(a), 31(d), 32(c), 33(b), 34(c), 35(a), 36(c), 37(b), 38(c), 39(c), 40(b), 41(a), 42(a), 43(c), 44(b), 45(c), 46(b), 47(d), 48(a), 49(d), 50(b), 51(a), 52(c), 53(b), 54(d), 55(d), 56(c), 57(d), 58(c), 59(b), 60(d), 61(a), 62(b), 63(c), 64(b), 65(c), 66(c), 67(c), 68(c), 69(d), 70(b), 71(c), 72(b), 73(c), 74(c), 75(d), 76(c), 77(a), 78(c), 79(d), 80(a), 81(d), 82(d), 83(d), 84(c), 85(d), 86(b), 87(d), 88(c), 89(a), 90(a), 91(b), 92(d), 93(a), 94(b), 95(c), 96(d), 97(c), 98(a), 99(a), 100(a).

### সমাধান

76(c): 2 বছর আগে প্রতি কুইন্টাল চালের মূল্য
$= \left\{1936 \times \frac{100}{100+10} \times \frac{100}{100+10}\right\}$ টাকা
$= 1936 \times \frac{100}{10} \times \frac{100}{110} = 1600$ টাকা।

77(a): অর্ধপূর্ণ জলাধারটি পূর্ণ হতে সময় লাগে $= \frac{1}{2}\left\{\frac{15 \times 20}{20-15}\right\}$ মিনিট
= 30 মিনিট।

78(c): বৃহত্তম সংখ্যা $= \left(\frac{\text{বিয়োগফল} + 1}{2}\right)$
এবং ক্ষুদ্রতর সংখ্যা $= \left(\frac{\text{বিয়োগফল} - 1}{2}\right)$
∴ বৃহত্তর সংখ্যা $= \left(\frac{81+1}{2}\right) = 41.$

79(d): সুদের হার $= \left(\frac{200-100}{20}\right)\% = \frac{100}{20}\% = 5\%.$

80(a): 5 টাকার নোটের সংখ্যা $= (12500 \div 5) = 2500$
∴ ক্লাবের সদস্যসংখ্যা $= \sqrt{2500} = 50$।

81(d): $(100 - 80)\% = 20 \therefore 20\% = 80$
$100\% = \frac{80 \times 100}{20} = 400.$

82(d): 10% লাভে বিক্রয়মূল্য $= \left\{228 \times \frac{100}{(100-5)} \times \frac{(100+10)}{100}\right\}$ টাকা
$= \left(228 \times \frac{110}{95}\right) = (12 \times 22) = 264$ টাকা।

83(d):

| | দুধ | : | জল |
|---|---|---|---|
| নতুন মিশ্রণে ⇒ 3 : 1 ⇒ | 9 | : | 3 |
| পূর্বের মিশ্রণে ⇒ | 7 | : | 3 |
| | 2 | | |

∴ 2 অনুপাত = 6 লিটার
∴ জলের পরিমাণ $= \left(\frac{6}{2} \times 3\right) = 9$ লিটার।

84(c): পূর্বতন ছাত্রসংখ্যা $= \left(66 \times \frac{100}{100+20}\right) = 55.$

85(d): 3 জন পুরুষ = 5 জন মহিলা, 9 জন পুরুষ $= \left(\frac{5 \times 9}{3}\right) = 15$ জন মহিলা
∴ 9 জন পুরুষ + 10 জন মহিলা = (15 + 10) = 25 জন মহিলা
∴ কাজটি সম্পূর্ণ হবে $= \left(\frac{5 \times 20}{25}\right) = 4$ দিনে।

86(b): $\frac{5}{8}X = \frac{5}{12}Y$ $x : y = 2 : 3 = 2k : 3k$
$\therefore 2k \times 3k = 9600$
$\therefore k = 40$ ∴ বড় সংখ্যাটি $= 3k = (3 \times 40) = 120.$

87(d): বাকি দিন = (30 – 20) = 10 দিন
∴ মোট শ্রমিক $= \left(\frac{30 \times 20}{10}\right) = 60$ জন
∴ অতিরিক্ত শ্রমিক = (60 – 30) = 30 জন।

*এরপর বারোর পাতায়*

Subscribe to Bongtunes18

Scanned by CamScanner

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে
# রাজ্য সরকারে ক্লার্ক
## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) ADP (b) ATP (c) RUBP (d) NADP
28. কোন ধরনের কয়লার অন্তর্ধূম পাতনে কোক পাওয়া যায়?
(a) পিট (b) লিগনাইট (c) বিটুমিনাস (d) অ্যানথ্রাইট
29. প্রাকৃতিক ও কৃত্রিম বা সিন্থেটিক রবার আসলে কী?
(a) পলিমার (b) অ্যামিন (c) সালফোনেট (d) অ্যাসিটোন
30. নীচের কোন যৌগটি থার্মোপ্লাস্টিক?
(a) পিভিসি (b) নাইলন 6-6 (c) বেকেলাইট (d) রাবার
31. পিচব্লেন্ড কোন ধাতুর আকরিক?
(a) আয়রন (b) ইউরেনিয়াম (c) জিঙ্ক (d) অ্যালুমিনিয়াম
32. কাঁসাতে কোন কোন পদার্থ থাকে?
(a) Cu ও Sn (b) Cu ও Zn (c) Cu, Sn, Al (d) Cu, Sn, Mg
33. ধাতু হলেও সাধারণ উষ্ণতায় তরল কোনটি?
(a) Mg (b) Hg (c) $Cl_2$ (d) Al
34. সবচেয়ে ভারী অধাতু কোনটি?
(a) $Br_2$ (b) $Cl_2$ (c) $I_2$ (d) F
35. রক্ত কী ধরনের মিশ্রণ?
(a) প্রকৃত দ্রবণ (b) কলয়েড দ্রবণ (c) সাসপেনশন (d) কোনওটিই নয়
36. নীচের কোনটি সন্ধিগত মৌল?
(a) Fe (b) Np (c) He (d) Na
37. ভূমিধসের ঘটনা বেশি দেখা যায়:
(a) শীতকালে (b) গ্রীষ্মকালে (c) বর্ষাকালে (d) কোনওটিই নয়
38. গঙ্গার জলকে পরিশুদ্ধ করার নাম হল:
(a) গঙ্গা অ্যাকশন প্ল্যান (GAP) (b) গঙ্গা পিওর প্ল্যান (GPP) (c) গঙ্গা অ্যাকচুয়াল বেসিন (GAB) (d) কোনওটিই নয়
39. পিটের ভারত আইন কত সালে লিপিবদ্ধ হয়?
(a) 1784 সালে (b) 1884 সালে (c) 1885 সালে (d) 1785 সালে
40. ভূমিকম্পের কেন্দ্রস্থলকে বলা হয়:
(a) জোন (b) ফোকাস (c) কোর (d) কোনওটিই নয়

**Direction (41 to 45):** *Some of the sentences have errors and some have none. Find out which part (a), (b), (c) or (d) of sentence has an error.*
41. We doubted (a)/that (b)/she would win (c)/the case (d)
42. They are going (a)/to substitute (b)/old things (c)/by new ones (d)
43. Neither of the two boys (a)/were (b)/successful (c)/in the examination (d)
44. I have lived (a)in Hyderabad (b)/for (c)/three years (d)
45. He is the(a)/last but one boy (b)/in (c)/the class (d)

**Direction (46 to 50):** *Find out the correct word out of the four choices (a),(b), (c) and (d)*
46. (a) Mathematics (b) Mathematices (c) Methematics (d) Mathamatics
47. (a) Immediately (b) Immedeately (c) Immedetly (d) Immideately
48. (a) Libarty (b) Leberty (c) Liberty (d) Liberety
49. (a) Omited (b) Ommited (c) Ommitted (d) Omiytted
50. (a) Deliveri (b) Delivry (c) Delivary (d) Delivery

**Direction (51 to 55):** *Each of the following idioms has four responses/choices (a), (b), (c), (d). Tick the responses which gives the correct meaning of the idiom/phrases.*
51. Sack cloth and ashes
(a) To cremate (b) penitence (c) dirty clothes (d) cheap clothes
52. To have an edge on
(a) to cut with a knife (b) to threaten to wound (c) to be slightly better than (d) to be in a dangerous situation
53. To be on the carpet
(a) subject to criticism (b) under consideration (c) a heartfelt welcome (d) on the ground
54. To bite one's lips
(a) to feel sorry (b) to be angry (c) lenth at others (d) to have doubt
55. A bird of passage
(a) a flying bird (b) an unreliable person (c) one who stays for a short time (d) bad time

**Direction (56 to 65):** *In the passage given below there are blanks.Each of which has been numbered. These numbers are printed below the passage and against each, four words are suggested, one of which fits the blank appropriately. Find out the appropriate word.*

One of the greatest defects of our civilization is that it does not know what to do with its _56_. Science has given us _57_ fit for the gods, yet we use them like _58_ children. For example, we do not know how to _59_ our machines. _60_ were made to be man's servants; yet he has grown so _61_ on them that they, are in a fair way to become his _62_. Already most _63_ spend most of their times looking after and _64_ upon machine. And machines are very _65_ masters.

56. (a) papers (b) knowledge (c) nails (d) names
57. (a) nuclear bomb (b) everything (c) history (d) power
58. (a) small (b) frightened (c) our (d) big
59. (a) wash (b) repair (c) threw (d) manage
60. (a) Children (b) Gods (c) Machines (d) Science
61. (a) dependent (b) proud (c) lethargic (d) many plants
62. (a) parents (b) teachers (c) in-laws (d) masters
63. (a) kangaroos (b) army men (c) men (d) lawyers
64. (a) decorating (b) dressing (c) standing (d) waiting
65. (a) faithful (b) stem (c) loving (d) irritating

Direction (66 to 68): *Out of the four alternatives choose the one which best expresses the meaning of the given word.*
66. Reign
(a) to annex (b) to capture (c) to overthrow (d) to rule
67. Consensus
(a) Conference (b) Impression (c) Consequence (d) General agreement
68. Placate
(a) Silence (b) Smooth and pacify (c) Accommodate (d) Satisfy

**Direction (69 to 70):** *In questions 69 to 70 choose the word opposite in meaning to the given word.*
69. Significant
(a) Small (b) Inadequate (c) More (d) Short
70. Unruly
(a) Docile (b) Annoying (c) Singular (d) Savoury

71. একটি সংখ্যার সঙ্গে প্রথমে 16 যোগ করে যোগফলকে 6 দ্বারা গুণ করে গুণফলকে 4 দিয়ে ভাগ করা হল। ভাগফল থেকে 14 বিয়োগ করলে, সংখ্যাটি 100 হলে, মূল সংখ্যা কত?
(a) 60 (b) 58 (c) 42 (d) 67
72. একটি ট্রেন দু'জন ব্যক্তিকে, যাদের গতিবেগ 2 কিমি/ঘণ্টা ও 4 কিমি/ঘণ্টা যথাক্রমে 9 সেকেন্ডে ও 10 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
(a) 40 মিটার (b) 45 মিটার (c) 50 মিটার (d) 70 মিটার
73. একটি কারখানায় তিনজন শ্রমিক A, B, C যথাক্রমে 7 দিন, 8 দিন এবং 10 দিন কাজ করে মোট 1800 টাকা মজুরি পেল, যদি তাদের প্রতিদিনের কাজের অনুপাত $\frac{1}{3}:\frac{1}{4}:\frac{1}{6}$ হয়, তবে A কত টাকা মজুরি পাবে?
(a) 500 টাকা (b) 800 টাকা (c) 600 টাকা (d) 700 টাকা
74. একটি বর্গাকৃতি মাঠের ক্ষেত্রফল 4 হেক্টর, ঘণ্টায় 4 কিলোমিটার বেগে মাঠের চারদিকে একবার প্রদক্ষিণ করতে কোনও ব্যক্তির কত সময় লাগবে?
(a) 6 মিনিট (b) 8 মিনিট (c) 10 মিনিট (d) 12 মিনিট
75. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 20% বৃদ্ধি ও প্রস্থ 10% হ্রাস পেল। এর ফলে ক্ষেত্রফলের শতকরা বৃদ্ধি কত হবে?
(a) 4% (b) 6% (c) 8% (d) 10%
76. A ও B-এর আয়ের অনুপাত 8 : 5 এবং ব্যয়ের অনুপাত 18 : 7 প্রত্যেকের সঞ্চয় 1500 টাকা হলে, A-এর আয় কত?
(a) 6000 টাকা (b) 6500 টাকা (c) 7500 টাকা (d) 8000 টাকা
77. স্টপেজ বাদে একটি বাসের গড় গতিবেগ 54 কিমি/ঘণ্টা এবং স্টপেজ সহ 45 কিমি/ঘণ্টা। প্রতি ঘণ্টায় বাস কত মিনিট স্টপেজ দেয়?
(a) 9 (b) 10 (c) 12 (d) 15
78. একটি রেডিও 1920 টাকায় বিক্রয় করলে লাভের শতকরা হার এবং 1280 টাকায় বিক্রয় করলে ক্ষতির শতকরা হার সমান হয়। কত টাকায় রেডিওটি বিক্রয় করলে 25% লাভ হবে?
(a) 2000 টাকা (b) 2200 টাকা (c) 2400 টাকা (d) 2500 টাকা
79. একটি ট্রেন বিকাল 2.45 মিনিটে 50 কিলোমিটার/ঘণ্টা বেগে হাওড়া থেকে পাটনার উদ্দেশে রওনা হল এবং অপর একটি ট্রেন পাটনা থেকে দুপুর 1.35 মিনিটে 60 কিলোমিটার ঘণ্টা বেগে হাওড়ার উদ্দেশে রওনা হল। হাওড়া ও পাটনার দূরত্ব 510 কিলোমিটার হলে, হাওড়া থেকে কত দূরত্বে ট্রেনদু'টির সাক্ষাৎ হবে?
(a) 300 কিমি (b) 250 কিমি (c) 200 কিমি (d) 280 কিমি
80. 5700 টাকায় একটি ঘোড়া বিক্রয় করে 5% ক্ষতি হলে কী দামে বিক্রয় করলে 5% লাভ হবে?
(a) 6000 টাকা (b) 6100 টাকা (c) 6200 টাকা (d) 6300 টাকা
81. এক ব্যবসায়ী ক্রয়মূল্যের ওপর 44% বাড়িয়ে ধার্যমূল্য নির্ধারণ করেন এবং ক্রেতাকে 16% ছাড় দেন। লাভের শতকরা হার কত?
(a) $20\frac{2}{3}$ % (b) $10\frac{2}{3}$ % (c) 20% (d) 23%
82. $\dfrac{1}{2+\dfrac{1}{2+\dfrac{1}{2-\dfrac{1}{2}}}}$ -এর সরল মান কত?
(a) $\frac{8}{19}$ (b) $\frac{7}{19}$ (c) $\frac{6}{17}$ (d) $\frac{9}{17}$
83. হরিপদ বসাক 432 টাকায় একটি স্টোভ বিক্রি করায় তার 6% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে তার 8% লাভ হত?
(a) 500 টাকা (b) 486 টাকা (c) 400 টাকা (d) 475 টাকা
84. $695.95 \div 29.07 \times x + 40.25 = 399.99$
(a) 14 (b) 17 (c) 12 (d) 15
85. মোট 850 টাকা 9 জন পুরুষ, 8 জন স্ত্রীলোক এবং 4 জন বালকের মধ্যে এমনভাবে ভাগ করা হল যে, 1 জন পুরুষ, 1 জন স্ত্রীলোক এবং 1 জন বালকের প্রাপ্য অংশের অনুপাত 4 : 5 : 6 হয়। একজন বালকের প্রাপ্য অংশ কত?
(a) 45 টাকা (b) 48 টাকা (c) 51 টাকা (d) 54 টাকা
86. একজন সাইকেল বিক্রেতা একটি সাইকেল পরপর 10% এবং 15% বাটাতে ক্রয় করলেন। সাইকেলের লিখিত মূল্য 4000 টাকা এবং পরিবহণ ব্যয় 140 টাকা। সাইকেলটি 4160 টাকায় বিক্রয় করলে লাভের শতকরা হার কত?
(a) 25% (b) 30% (c) 35% (d) 5%
87. একটি কুকার 20% লাভে বিক্রয় করা হল, ক্রয় ও বিক্রয়মূল্য যথাক্রমে 50 ও 30 টাকা বৃদ্ধি হলে, লাভের শতকরা হার $3\frac{1}{3}$ % কমে যায়। কুকারের প্রকৃত ক্রয়মূল্য কত?
(a) 850 টাকা (b) 900 টাকা (c) 950 টাকা (d) 1000 টাকা
88. 100 মিটার দীর্ঘ একটি ট্রেন লাইনের ধারে দণ্ডায়মান একটি বাতিস্তম্ভকে 10 সেকেন্ডে এবং একই দৈর্ঘ্যের অপর একটি ট্রেন বিপরীত মুখে এসে ওই ট্রেনকে 8 সেকেন্ডে অতিক্রম করে। কিমি/ঘণ্টা এককে দ্বিতীয় ট্রেনের বেগ কত?
(a) 36 (b) 40 (c) 48 (d) 54
89. দু'জন ব্যক্তি A ও B একই সময়ে যথাক্রমে P ও Q থেকে বিপরীত দিকে সাইকেলে যাত্রা আরম্ভ করে। পরস্পর সাক্ষাতের $3\frac{1}{3}$ ঘণ্টা $4\frac{4}{5}$ ঘণ্টা পরে তারা গন্তব্যস্থলে পৌঁছয়। যদি দ্বিতীয় ব্যক্তি $6\frac{2}{3}$ কিলোমিটার/ঘণ্টা বেগে সাইকেল চালান তবে প্রথম ব্যক্তির সাইকেলের বেগ কত?
(a) 6 কিমি/ঘণ্টা (b) 8 কিমি/ঘণ্টা (c) $8\frac{2}{3}$ কিমি/ঘণ্টা (d) $8\frac{1}{3}$ কিমি/ঘণ্টা
90. এক ব্যক্তিকে কোনও নির্দিষ্ট সময়ে গন্তব্যস্থলে পৌঁছতে হবে। সে ঘণ্টায় 4 কিলোমিটার বেগে গেলে 10 মিনিট দেরিতে, কিন্তু ঘণ্টায় 5 কিলোমিটার বেগে গেলে 5 মিনিট আগে পৌঁছয়। আরম্ভ স্থল থেকে গন্তব্যস্থলের দূরত্ব কত?

*এরপর তেরোর পাতায়*

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি
## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

88(c): পরীক্ষার মোট নম্বর = (120 + 100 + 180) = 400
∴ পাশ নম্বর = $\left(36\times\frac{400}{100}\right) = 144$
তৃতীয় বিষয়ে পেতে হবে = 144 − (52 + 38) = 54.
89(a): $\sqrt{0.09}\div\sqrt[3]{0.001}$ এর 0.2 = (0.3 ÷ 0.1 এর (0.2) = (0.3 ÷ 0.02) = (30 ÷ 2) = 15.
90(a): বাহুর দৈর্ঘ্য = (240 ÷ 4) = 60 মিটার
∴ ভিতরের চারদিকে রাস্তার ক্ষেত্রফল
= (4 ×বাহু × রাস্তা চওড়া − 4 × (রাস্তা চওড়া)²
$= (4\times 60\times 5 - 4\times 5)^2 = (1200 - 100) = 1100$ বর্গমিটার।
91(b): B-র আয় = 100 টাকা হলে, A-র আয় = 120 টাকা
∴ B-র আয় কম = $\left(\frac{20}{120}\times 100\right)\% = \frac{50}{3}\% = 16\frac{2}{3}\%$.
92(d): মোট লাভ = 5 × 9 = 45 টাকা
∴ লাভের হার = $\left(\frac{45}{630}\times 100\right)\% = \frac{50}{7}\% = 7\frac{1}{7}\%$.
93(a): প্রথম ও শেষ সংখ্যার বিয়োগফল = 5(30 − 25) = 25.
94(b): $a = 0.\dot{3}\dot{2} = 0.3232\ldots\ b = \frac{1}{3} = 0.3333\ldots$
$c = \sqrt{0.32} = 0.5656,\ d = 0.32\ \therefore c > b > a > d$
95(c): আপেক্ষিক বেগ = (60 + 45) = 105 কিলোমিটার/ঘণ্টা
= $\left(105\times\frac{5}{18}\right)$ মিটার/সেকেন্ড
∴ 6 সেকেন্ড অতিক্রান্ত দৈর্ঘ্য = $\left(105\times\frac{5}{18}\times 6\right) = 175$ মিটার
অপরটির দৈর্ঘ্য = (175 − 90) = 85 মিটার।
96(d): Z Y X W V U T S R Q P O N M L K J I H [G] F E D C B A
আটতম

97(c):

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| L | O | G | I | C | F | A | C | T | S |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 12 | 15 | 7 | 9 | 3 | 6 | 1 | 3 | 20 | 9 |

98(a): শীতল > অমিত > রঞ্জু ... (I)
দীনেশ > শীতল > রঞ্জু ... (II)
দীনেশ > অমিত ... (III)
∴ (I), (II) এবং (III) থেকে, দীনেশ > শীতল > অমিত > রঞ্জু।
99(a): 2 3 8 ⇒ (How) are you
2 7 [9] ⇒ Red White (how)
2 6 [9] ⇒ (How) are [White]
∴ Red Code '7'.-
100(a):




*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

Subscribe to Bongtimes18

Scanned by CamScanner

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে
# রাজ্য সরকারে ক্লার্ক
## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

(a) 3 কিলোমিটার (b) 4 কিলোমিটার (c) 5 কিলোমিটার (d) 6 কিলোমিটার

91. এক ব্যক্তির বর্তমান বয়স তাঁর 10 বছর পূর্বের বয়সের 125% কিন্তু 10 বছর পরের বয়সের $83\frac{1}{3}$ % হবে। তাঁর বর্তমান বয়স কত?
(a) 40 বছর (b) 50 বছর (c) 45 বছর (d) 48 বছর

92. কোনও শহরের লোকসংখ্যা 10000। পুরুষ 5% এবং মহিলা 10% বৃদ্ধি হলে মোট লোকসংখ্যা 10800 হবে। মহিলার সংখ্যা কত?
(a) 5500 (b) 6000 (c) 6500 (d) 6800

93. তিন বছর পূর্বে পিতা, পুত্র ও মাতার গড় বয়স ছিল 27 বছর। 5 বছর পূর্বে মাতা ও পুত্রের গড় বয়স ছিল 20 বছর। পিতার বর্তমান বয়স কত?
(a) 40 বছর (b) 47 বছর (c) 51 বছর (d) 38 বছর

94. একটি যৌথ ব্যবসায়ে A-র মূলধন B-র তিনগুণ এবং B-র মূলধন C-র চারগুণ। বছরের শেষে মোট লাভ 3400 টাকা হলে, B-র লভ্যাংশ কত?
(a) 600 টাকা (b) 800 টাকা (c) 1000 টাকা (d) 500 টাকা

95. এক ব্যক্তি মৃত্যুকালে তাঁর 17 বছর বয়সের পুত্র এবং 12 বছর বয়সের কন্যার নামে 10% সরল সুদে ব্যাঙ্কে এমন পরিমাণ টাকা রাখলেন যে প্রত্যেকে তাদের 22 বছর বয়সে 12,000 টাকা পাবে। তিনি ব্যাঙ্কে মোট কত টাকা রাখলেন?
(a) 14000 টাকা (b) 12000 টাকা (c) 16000 টাকা (d) 20000 টাকা

96. কী অনুপাতে দুধের সঙ্গে জল মেশালে দুধের ওপর 20% লাভ হবে?
(a) 7 : 2 (b) 5 : 1 (c) 4 : 1 (d) 8 : 3

97. কোনও শহরের জনসংখ্যা 10000; যদি পুরুষ ও মহিলার শতকরা বৃদ্ধি যথাক্রমে 10% এবং 15% হয়, তবে জনসংখ্যা 11200 হয়। শহরে মহিলার সংখ্যা কত?
(a) 3000 (b) 4500 (c) 3500 (d) 4000

98. যান্ত্রিক ত্রুটির কারণে একটি ট্রেন তার প্রকৃত বেগের 75% বেগে চলে 20 মিনিট দেরিতে গন্তব্যে পৌঁছয়। ট্রেনের পৌঁছনোর প্রকৃত সময় কত?
(a) 40 মিনিট (b) 50 মিনিট (c) 60 মিনিট (d) 70 মিনিট

99. 60 লিটার ভেজাল দুধে, দুধ ও জলের অনুপাত 2 : 1; কত লিটার জল মিশ্রিত করলে মিশ্রণে দুধ ও জলের অনুপাত 1 : 2 হবে?
(a) 30 লিটার (b) 40 লিটার (c) 50 লিটার (d) 60 লিটার

100. এক ব্যক্তি 10% লাভে একটি চশমা বিক্রয় করলেন। 10% কম দামে ক্রয় করে 3 টাকা অধিক মূল্যে বিক্রয় করলে 25% লাভ হত। চশমার ক্রয়মূল্য কত?
(a) 80 টাকা (b) 100 টাকা (c) 120 টাকা (d) 150 টাকা

### উত্তর

1(a), 2(b), 3(a), 4(a), 5(a), 6(c), 7(c), 8(b), 9(c), 10(c), 11(c), 12(c), 13(a), 14(c), 15(c), 16(c), 17(b), 18(c), 19(a), 20(b), 21(d), 22(a), 23(a), 24(a), 25(a), 26(b), 27(b), 28(d), 29(a), 30(a), 31(b), 32(a), 33(b), 34(c), 35(b), 36(a), 37(c), 38(a), 39(a), 40(b), 41(b), 42(b), 43(b), 44(a), 45(b), 46(a), 47(a), 48(c), 49(d), 50d), 51(b), 52(c), 53(b), 54(b), 55(c), 56(b), 57(d), 58(b), 59(d), 60(c), 61(a), 62(d), 63(c), 64(d), 65(b), 66(d), 67(d), 68(b), 69(b), 70(a), 71(a), 72(c), 73(d), 74(b), 75(c), 76(d), 77(b), 78(a), 79(c), 80(d), 81(c), 82(a), 83(b), 84(d), 85(c), 86(b), 87(a), 88(d), 89(b), 90(c), 91(b), 92(b), 93(a), 94(b), 95(a), 96(b), 97(d), 98(c), 99(d), 100(c).

### সমাধান

41(b): that-এর স্থলে whether হবে।
কারণ বাক্যের মধ্যে case of doubt লেখা আছে।

42(b): Substitute-এর স্থলে replace হবে।
কারণ ব্যক্তি (Person)-র পরিবর্তে Substitute শব্দটি ব্যবহৃত হয়। কিন্তু জিনিস (Thing)-এর পরিবর্তে Replace শব্দটি ব্যবহৃত হয়।

43(b): Were-এর স্থলে was হবে।
কারণ Either, Neither, None-এর ক্ষেত্রে সর্বদা Singular verb ব্যবহৃত হয়।

44(a): have lived এর স্থলে lived হবে।

51(b): Sack cloth and ashes — প্রায়শ্চিত্ত/শোকপ্রকাশ— Penitence.

52(c): To have an edge on— কারও তুলনায় সুবিধা বা প্রাধান্য পাওয়া— to be slightly better than.

53(b): To be on the carpet— আলোচনাধীন— Under consideration.

54(b): To bite one's lips— বিরক্তি প্রকাশের জন্য ঠোঁট কামড়ানো— to be angry.

55(c): A bird of passage— ক্ষণিকের অতিথি— one who stays for a short time.

66(d): Reign— রাজত্ব করা— to rule.

67(d): Consensus— মিল/ঐক্য— general agreement.

68(b): Placate— নমনীয়— Smooth and pacify.

69(b): Significant— গুরুত্বপূর্ণ; Inadequate— অযোগ্য।

70(a): Unruly– অবাধ্য, Docile— বাধ্য।

71(a): ধরি সংখ্যাটি = x

প্রশ্নানুসারে, $\frac{(x+16)\times 6}{4} = 14 = 100 \Rightarrow \frac{(x+16)\times 3}{2} = 114$

$\Rightarrow x = 16 = \frac{114\times 2}{3} = 76 \Rightarrow x = 76 - 16 = 60.$

72(c): x প্রথম ব্যক্তির বেগ, y দ্বিতীয় ব্যক্তির বেগ
a = প্রথম ব্যক্তিকে অতিক্রম করার সময়, b = দ্বিতীয় ব্যক্তিকে অতিক্রম করার সময়

∴ ট্রেনের দৈর্ঘ্য $= \frac{(x-y)\times a\times b}{(a-b)} = \frac{\left(\frac{10}{9}-\frac{5}{9}\right)\times 10\times 9}{10-9} = 50$ মিটার।

73(d): A, B, C-র কাজের অনুপাত $= \left(7\times\frac{1}{3}\right) : \left(8\times\frac{1}{4}\right) : \left(10\times\frac{1}{6}\right)$
$= 28 : 24 : 20$
[3, 4, 6-এর ল.সা.গু. = 12 দ্বারা প্রত্যেকটি অনুপাতকে গুণ করে] = 7 : 6 : 5

A-র মজুরি $= \frac{7}{7+6+5}\times 1800 = \frac{7}{18}\times 1800 = 700$ টাকা।

74(b): 1 হেক্টর = 10000 বর্গমিটার, ক্ষেত্রফল = 4 × 10000 বর্গমিটার
বাহু $= \sqrt{4\times 10000} = 2\times 100 = 200$ মিটার
পরিসীমা = 4 × 200 = 800 মিটার

6 কিলোমিটার/ঘণ্টা $= 6\times\frac{5}{18}$ মিটার/সেকেন্ড $= \frac{5}{3}$ মিটার/সেকেন্ড

সময় = দূরত্ব/বেগ $= \frac{800}{5/3} = \frac{800\times 3}{5}$ সেকেন্ড $= \frac{800\times 3}{5\times 60}$ মিনিট = 8 মিনিট।

75(c): আগের সূত্রে x = 20, y = 10

বৃদ্ধি $= 20 - 10 + \frac{20\,(-20)}{100} = 10 - 2 = 8\%.$

76(d): আয় = 8 : 5 = a : b
ব্যয় = 13 : 7 = c : d, সঞ্চয় = 1500 = x

A-র আয় $= \frac{xa(d-c)}{ad-bc} = \frac{(1500\times 8)\,(13-7)}{13\times 5 - 8\times 7}$

$= \frac{1500\times 6\times 8}{9} = \frac{500\times 6\times 8}{3} = 8000$ টাকা।

77(b): স্টপেজের জন্য প্রতি ঘণ্টায় (54 – 45) = 9 কিলোমিটার কম যায়
9 কিলোমিটার যাওয়ার সময় $= \frac{9}{54} = \frac{1}{6}$ ঘণ্টা = 10 মিনিট।

78(a): ক্রয়মূল্য = x, $\frac{1920-x}{x} = \frac{x-1280}{x} \Rightarrow x = 1600$ টাকা

25% লাভে বিক্রয়মূল্য $= 1600\times\frac{125}{100} = 2000$ টাকা।

79(c): $S_1, S_2$ প্রথম ও দ্বিতীয় ট্রেনের বেগ $t_1, t_2$ দু'টি ট্রেনের যাত্রারম্ভের সময় হলে হাওড়া থেকে যে দূরত্বে সাক্ষাৎ হবে

$S_1\left[\frac{\text{মোট দূরত্ব} - S_2\,(T_1 - T_2)}{S_1 + S_2}\right]$

$T_1 - T_2 = 2 : 45 - 1 : 35 = 1 : 10$ মিনিট $= 1\frac{10}{60}$ ঘণ্টা $= \frac{7}{6}$ ঘণ্টা

$= 50\left[\frac{510 - 60\times\frac{7}{6}}{50+60}\right] = 50\times\frac{510-70}{110} = \frac{5}{11}\times 440 = 5\times 40$

= 200 কিলোমিটার।

80(d): ঘোড়ার ক্রয়মূল্য $= \frac{100}{100-5}\times 5700 = \left(\frac{100}{95}\right)\times 5700 = 6000$ টাকা

5% লাভে বিক্রয়মূল্য $= \left(\frac{100+5}{100}\right)\times 6000 = 105\times 60 = 6300$ টাকা।

81(c): শতকরা লাভের হার $= \left\{\left(44 - \frac{50}{3}\right) - \frac{44\times 50}{100\times 3}\right\}\%$

$\therefore \left\{16\frac{2}{3} = \frac{50}{3}\right\} = \left\{\frac{82}{3} - \frac{22}{3}\right\}\% = 20\%.$

82(a): $\frac{1}{2+\frac{1}{2+\frac{1}{2-\frac{1}{2}}}} = \frac{1}{2+\frac{1}{2+\frac{1}{\frac{3}{2}}}} = \frac{1}{2+\frac{1}{2+\frac{2}{3}}} = \frac{1}{2+\frac{3}{8}} = \frac{1}{\frac{19}{8}}$

$= \frac{8}{19}$

83(b): বিক্রয়মূল্য $= 423\times\frac{100}{(100-6)}\times\frac{(100+8)}{100}$

$= 423\times\frac{108}{94} = 9\times 54 = 486$ টাকা।

84(d): 695.95 ÷ 29.07 ×x + 40.25 = 399.99
or, 23.94 × x = 399.99 – 40.25

$\therefore x = \frac{359.74}{23.94} = 15.02 = 15.$

85(c): 9 জন পুরুষ, 8 জন স্ত্রীলোক এবং 4 জন বালকের প্রাপ্য অংশের অনুপাত
= 9 × 4 : 8 × 5 : 4 × 6 = 9 : 10 : 6

4 জন বালকের মোট প্রাপ্য $= \frac{6}{9+10+6}\times 850 = \frac{6}{25}\times 850 = 204$ টাকা

1 জন বালকের প্রাপ্য $= \frac{204}{4} = 51$ টাকা।

86(b): সাইকেলের ক্রয়মূল্য $= 4000\times\frac{90}{100}\times\frac{85}{100} = 36\times 85 = 3060$ টাকা
মোট খরচ = 3060 + 140 = 3200 টাকা

লাভের শতকরা হার $= \frac{\text{বিক্রয়মূল্য} - (\text{ক্রয়মূল্য} + \text{পরিবহণ ব্যয়})}{\text{মোট খরচ}}$

$= \frac{4160-3200}{3200}\times 100 = \frac{960\times 100}{3200}\times 30\%.$

87(a): দ্বিতীয় ক্ষেত্রে লাভের শতকরা হার দাঁড়ায় $\left(20 - 3\frac{1}{3}\right) = 16\frac{2}{3} = \frac{50}{3}\%$

যদি ক্রয়মূল্য = x টাকা হয়, তবে $\left(\frac{10}{3}\%\right)x = \left(100 + \frac{50}{3}\right)\%$

x ক্রয়মূল্যের বৃদ্ধি – বিক্রয়মূল্যের বৃদ্ধি $\Rightarrow \frac{10}{300}x = \frac{350}{300}\times 50 - 30$

$= \frac{350}{6} - 3 = \frac{170}{6} \Rightarrow x = \frac{170}{6}\times\frac{300}{10} = \frac{170}{6}\times 300 = 850$ টাকা।

88(d): প্রথম ট্রেনের বেগ $= \frac{100}{10} = 10$ মিটার/সেকেন্ড

প্রথম ট্রেনের সাপেক্ষে দ্বিতীয় ট্রেনের আপেক্ষিক বেগ $= \frac{100+100}{8} = \frac{200}{8}$
= 25 মিটার/সেকেন্ড
দ্বিতীয় ট্রেনের বেগ = 25 – 10 = 15 মিটার/সেকেন্ড

$= 15\times\frac{18}{5} = 54$ কিমি/ঘণ্টা [$1\,m/s = \frac{18}{5}\,km/h$]

89(b): $\frac{(\text{A-র বেগ})^2}{(\text{B-র বেগ})^2} = \frac{4\frac{4}{5}}{3\frac{1}{3}} = \frac{24}{5}\times\frac{3}{10} = \frac{36}{25}$

$\frac{\text{A-র বেগ}}{\text{B-র বেগ}} = \frac{6}{5} \Rightarrow$ A-র বেগ $= \frac{6}{5}\times 6\frac{2}{3} = \frac{6}{5}\times\frac{20}{3} = 8$ কিমি/ঘণ্টা।

90(c): দু'টি অবস্থায় 1 কিলোমিটার যাওয়ার সময় $\frac{1}{4}$ ঘণ্টা, $\frac{1}{5}$ ঘণ্টা = 15 মিনিট, 12 মিনিট
প্রতি কিলোমিটার দূরত্বের সময়ের অন্তর = 15 – 12 = 3 মিনিট
প্রদত্ত দু'টি সময়ের অন্তর = 10 + 5 = 15 মিনিট

দূরত্ব $= \frac{15}{3} = 5$ কিলোমিটার।

91(b): বর্তমান বয়স $= \frac{125\times\text{যত বছর পূর্বে} + 83\frac{1}{3}\times\text{যত বছর পরে}}{\text{শতকরার পার্থক্য}}$

$= \frac{125\times 10 + (250/3)\times 10}{125 - (250/3)}$ [$\because 83\frac{1}{3} = \frac{250}{3}$]

$= \frac{10(125 + 250/3)}{125 - 250/3} = 10\times\frac{625}{125} = 50$ বছর।

92(b): গড় বৃদ্ধির শতকরা হার $= \frac{10800-10000}{10000}\times 100 = \frac{800}{100} = 5\%$

পুরুষ 5% — মহিলা 10%
[8%]
10 – 8 = 2 — 8 – 5 = 3

পুরুষ : মহিলা = 2 : 3, মহিলা জনসংখ্যা $= 10000\times\frac{3}{2+3} = 6000.$

93(a): প্রশ্নানুসারে (F – 3) + (S – 3) + (M – 3) = 27 × 3 = 81
⇒ F + S + M = 81 + 9 = 90.
আবার (M – 5) + (S – 5) = 20 × 2 = 40 M +S = 40 + 10 = 50
∴ F = 90 – 50 = 40 ∴ পিতার বয়স = 40 বছর।

94(c): C →1, B →4, A →4 × 3 = 12
A, B, C-র মূলধনের অনুপাত = 12 : 4 : 1

B-র লভ্যাংশ $= \left(\frac{4}{12+4+1}\right)\times 3400 = \frac{4}{17}\times 3400 = 800$ টাকা।

95(a): পুত্রের ক্ষেত্রে 10% সরল সুদে 5 বছরে, সুদ + আসল = 12000

$P + \frac{P\times 5\times 10}{100} = 12000$

$P + \frac{P}{2} = \frac{3P}{2} = 12000, P = 8000$ টাকা

কন্যার ক্ষেত্রে 10% সরল সুদে 10 বছরে সুদ + আসল = 12000

$\Rightarrow P + \frac{P\times 10\times 10}{100} = 2P = 12000 \Rightarrow P + 6000$ টাকা

মোট বিনিয়োগ = 8000 + 6000 = 14000 টাকা।

96(b): 1 লিটার দুধের ক্রয়মূল্য = 100 টাকা
1 লিটার মিশ্রণের বিক্রয়মূল্য = 100 টাকা এবং লাভ = 20%

1 লিটার মিশ্রণের ক্রয়মূল্য $= \left(\frac{100}{100+20}\right)\times 100 = \frac{100}{120}\times 100$

$= \frac{5}{6}\times 100 = \frac{500}{6}$ টাকা

জলের দাম 0 — দুধের দাম 100
[মিশ্রণ $= \frac{500}{6}$]
$100 - \frac{500}{6} = \frac{100}{6}$ — $\frac{500}{6} - 0 = \frac{500}{6}$

জল : দুধ $= \frac{100}{6} : \frac{500}{6} = 1 : 5$, দুধ : জল = 5 : 1.

97(d): জনসংখ্যার শতকরা গড় বৃদ্ধি $= \frac{11200-10000}{10000}\times 100 = \frac{1200}{100}$
= 12%

পুরুষ 10% — মহিলা 15%
[12%]
15 – 12 = 3% — 12 – 10 = 2%

∴ মহিলার সংখ্যা $= \frac{2}{3+2}\times 10000 = 4000.$

98(c): দূরত্ব সমান হওয়ায় বেগ সময়ের সঙ্গে ব্যস্তানুপাতিক

প্রথম বেগ = v হলে পরে বেগ $= v\times\frac{75}{100} = \frac{3v}{4}$.
প্রথমে সময় = t মিনিট হলে পরে সময় = t + 20

$\frac{v_1}{v_2} = \frac{t_2}{t_1} \Rightarrow \frac{v}{\frac{3v}{4}} = \frac{t+20}{t} \Rightarrow \frac{4}{3} + \frac{t+20}{t}$

⇒ 4t = 3t + 60 ⇒ t = 60 মিনিট।

99(d): দুধের ওপর বিমিশ্র প্রক্রিয়া

এরপর চোদ্দোর পাতায়

Subscribe to Bongtimes18

Scanned by CamScanner

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে ৮৪১৯ কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

$= 350\left(\frac{51}{50}\times\frac{51}{50}\right) = 364.14$ টাকা।

66(b): 1 বছরের জন্য সুদ বেশি দিতে হয় $= \frac{120}{3} = 40$ টাকা
সুদের হার বেড়েছে $= (8-6)\% = 2\%$
2 টাকা সুদ বেশি দিতে হয় যখন আসল 100 টাকা
1 টাকা সুদ বেশি দিতে হয় যখন আসল $\frac{100}{2}$ টাকা
40 টাকা সুদ বেশি দিতে হয় যখন আসল $\frac{100\times 40}{2} = 2000$ টাকা।

67(a): 3.5 বছরে আসল + সুদ = 873 টাকা
(−) + 2 বছরের সুদ = 576 টাকা
1.5 বছরের সুদ = 117 টাকা
1 বছরের সুদ $= \frac{117}{1.5} = 78$ টাকা
2 বছরের সুদ $= 78 \times 2 = 156$ টাকা
$P = (576 - 156) = 600$ টাকা
প্রশ্নানুসারে, $156 = \frac{600\times 2\times r}{100}$ বা, $r = 13\%$.

68(b): $r = 12\%, P = x, I = 3x$
প্রশ্নানুসারে, $3x = \frac{x\times t\times 12}{100}$ বা, $t = 25$ বছর।

69(b): ধরি, সংখ্যাগুলি হল $2n+1, 2n+3, 2n+5, 2n+7$ এবং $2n+9$
সংখ্যাগুলির সমষ্টি হবে $= \{(2n+1)+(2n+3)+(2n+5)+(2n+7)+(2n+9)\} = 2n+1+2n+3+2n+5+2n+7+2n+9 = 10n+25$
প্রশ্নানুসারে, $10n + 25 = 15 \times 5 = 75$
বা, $10n = 50$ বা, $n = 50$
ছোট সংখ্যাটি হবে $= (2n+1) = 2\times 5+1 = 10+1 = 11$.

70(c): মিশ্রণের মোট পরিমাণ = 1 লিটার
x অংশ মিশ্রণ তুলে নিলে তাতে সিরাপ আছে $= \frac{3x}{4}$ অংশ
জল আছে $= \frac{x}{4}$ অংশ
প্রশ্নানুসারে, $\left(\frac{3}{4}-\frac{3x}{4}\right) = \left(\frac{1}{4}-\frac{x}{4}\right)+x$
বা, $\frac{3-4x}{4} = \frac{1-x-4x}{4}$
বা, $1-x+4x = 3-3x$ বা, $-x+4x+3x = 3-1$
বা, $6x \neq 2$ বা, $x = \frac{2}{6} = \frac{1}{3}$ অংশ।

71(d): 15, 20, 36 ও 48-এর ল.সা.গু. = 720
∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 720 + 8 = 728.

72(d): A B C
100 100 $110 + 110\times\frac{20}{100} = 132$ টাকা
132 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য = 100 টাকা
1 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $= \frac{100}{132}$ টাকা
1320 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $= \frac{100}{132}\times 1320 = 1000$ টাকা।

73(d): প্রথমে লোকসংখ্যা $= \frac{3(50-5)}{5} = 3\times 9 = 27$ জন।

74(c): স্রোতের অনুকূলে বেগ = ব্যক্তির বেগ + স্রোতের বেগ
$12 = 10 + x$ বা, $x = 2$ কিমি/ঘণ্টা
∴ স্রোতের প্রতিকূলে ব্যক্তির বেগ $= (10-2) = 8$ কিমি/ঘণ্টা।

75(b): $x = \sqrt{3}+\sqrt{2}$, $\frac{1}{x} = \frac{1}{(\sqrt{3}+\sqrt{2})} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2} = \sqrt{3}-\sqrt{2}$
$\therefore = (\sqrt{3}+\sqrt{2}) - (\sqrt{3}-\sqrt{2}) = 2\sqrt{2}$
$\therefore x^2 + \frac{1}{x} = \left(x-\frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x} = (2\sqrt{2})^2 + 2 = 10.$

76(d): প্রিজমটির ঘনফল = ভূমির ক্ষেত্রফল × উচ্চতা $= 15\times 10$
= 150 ঘনমিটার।

77(d): $2\pi rh = 528$, $\pi r^2 h = 792$
বা, $\frac{\pi r^2 h}{2\pi rh} = \frac{792}{528}$, $\frac{r}{2} = \frac{3}{2}$ ∴ $r = 3$ সেমি।

78(b): B ও C-এর মূলধন = 6000 টাকা
B ও C-এর মোট লাভ = 600 টাকা

| মূলধন | লাভ | |
|---|---|---|
| 6000 | 600 | $\frac{600}{x} = \frac{6000}{4000}$ |
| 4000 | ? | $x = 400$ টাকা |

A-এর লাভ = 400 টাকা।

79(c): সমূল চক্রবৃদ্ধি $= 5000\left(1+\frac{16}{200}\right)^2 = 5000\left(\frac{216}{200}\right)^2$

## পি এস সি-র মাধ্যমে
## রাজ্য সরকারে ক্লার্ক
### পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*




আগের দুধ : জল $= \frac{1}{3} : \frac{1}{3} = 1:1$
60 লিটার মিশ্রণে 60 লিটার জল।

100(c): ক্রয়মূল্য = 100 টাকা
10% লাভে বিক্রয়মূল্য = 110 টাকা
10% কমে ক্রয়মূল্য = 90 টাকা
25% লাভে বিক্রয়মূল্য $= \frac{100+25}{100}\times 90 = 112.50$ টাকা
বিক্রয়মূল্যের পার্থক্য $= 112.50 - 110 = 2.50$ টাকা
পার্থক্য 2.5 → ক্রয়মূল্য = 100
পার্থক্য 3 → ক্রয়মূল্য $= \frac{100}{2.5}\times 3 = \frac{1000}{25}\times 3 = 40\times 3 = 120$ টাকা।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

$= 5000\times\frac{27\times 27}{25\times 25} = 5832$ টাকা
∴ সুদ $= (5832 - 5000) = 832$ টাকা।

80(a) $(5+\sqrt{3})(5-\sqrt{3})$
$25 - 3 = 25 - x^2, x^2 = 3, x = \pm\sqrt{3}$.

82(d): $N \xrightarrow{+1} O$ $T \xrightarrow{+1} U$
$H \xrightarrow{-1} G$ $L \xrightarrow{-1} K$
$P \xrightarrow{+1} Q$ $J \xrightarrow{+1} K$

83(b): 36 ÷ 2 = 18; একইভাবে, 40 ÷ 2 = 20.
85(c): 325 → 3 + 2 = 5; 639 → 6 + 3 = 9
178 → 1 + 7 = 8 কিন্তু 326 → 3 + 2 ≠ 6.

88(a): C R D T (+1, +2) কিন্তু A P B Q (+1, +1)
G W H X (+1, +1) E U F V (+1, +1)

89(d): সিরিজটা হল $= 1^2, 2^2, 3^2, 4^2, 5^2, 6^2, \underline{7}^2$

90(c): $1^2 - 1 = 0, 2^2 - 2 = 2, 3^2 - 3 = 6, 4^2 - 4 = 12$
$5^2 - 5 = 20, 6^2 - 6 = \boxed{30}$

91(c):

| | | |
|---|---|---|
| C | F | L |
| ↓+2 | ↓+3 | ↓−1 |
| E | I | K |
| ↓+2 | ↓+3 | ↓−1 |
| G | L | J |
| ↓+2 | ↓+3 | ↓−1 |
| I | O | I |
| ↓+2 | ↓+3 | ↓−1 |
| K | R | H |

92(a): $10^2 + 10 = 110; 11^2 + 11 = 132; 12^2 + 12 = 156$
$13^2 + 13 = 182; 14^2 + 14 = \boxed{210.}$

93(c): 8 Q 7 S 30 R 15 P 10
$= 8\times 7 + 30 + 15 - 10 = 56 + 30 + 15 - 10 = 86 + 15 - 10$
$= 101 - 10 = 91.$

94(d): অঙ্কন এখন শুরুর স্থান থেকে 25m পূর্বে।

95(b):

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ | ⑧ | ⑨ | ⑩ | ⑪ |
| I | N | S | T | I | T | U | T | I | O | N |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ⑪ | ⑩ | ⑨ | ⑧ | ⑦ | ⑥ | ⑤ | ④ | ③ | ② | ① |
| N | O | I | T | U | T | I | T | S | N | I |

একইভাবে,

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ | ⑧ | ⑨ | ⑩ | ⑪ |
| P | E | R | F | E | C | T | I | O | N | S |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ⑪ | ⑩ | ⑨ | ⑧ | ⑦ | ⑥ | ⑤ | ④ | ③ | ② | ① |
| S | N | O | I | T | C | E | F | R | E | P |

99(c): $(5+1+7) = 13$ $(9+8+6) = 23$
$\therefore (8+9+1) = 18.$

*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

## সাধারণ জ্ঞানের প্রশ্নোত্তর

1. 'ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ' কে সংগঠিত করেন?
(a) ভগৎ সিং (b) মহাত্মা গান্ধী (c) রাসবিহারী বসু (d) সুভাষচন্দ্র বসু
2. ভারতের সংবিধান অনুযায়ী একবছরে কমপক্ষে কতবার লোকসভার অধিবেশন বাধ্যতামূলক?
(a) এক (b) দুই (c) তিন (d) চার
3. 'ওটিটিস' রোগ মানুষের কোন অংশে হয়?
(a) গলা (b) কান (c) নাক (d) চোখ
4. প্লাটিনামের সংকেত হল:
(a) Pt (b) P (c) Pl (d) Pa
5. 'অন দ্য ফেব্রিক অব দ্য হিউম্যান বডি ইন সেভেন বুকস' বইটি কার লেখা?
(a) আমব্রয়েজ পেয়ার (b) ইমহোটোপ (c) অ্যান্দ্রিয়াস ভেসালিয়াস (d) জোশেফ লিস্টর
6. ঔরঙ্গজেবের কন্যার নাম ছিল:
(a) মেহেরউন্নিসা (b) জেবউন্নিসা (c) লুৎফুন্নিসা (d) আসিফান্নিসা
7. 'টমাস কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) কবাডি (b) ব্যাডমিন্টন (c) ক্রিকেট (d) হকি
8. 'খালসা বাহিনী'-র স্রষ্টা কে ছিলেন?
(a) গুরু গোবিন্দ সিং (b) গুরু অর্জুন সিং (c) গুরু হরকিষণ (d) গুরু রামদাস
9. 'জিরো বাজেট ন্যাচারাল ফার্মিং' প্রকল্প প্রথম কোন রাজ্যে চালু হয়?
(a) অন্ধ্রপ্রদেশ (b) কর্নাটক (c) উত্তরপ্রদেশ (d) মধ্যপ্রদেশ
10. জয়গাঁও শহরটি কোন প্রতিবেশী দেশের সীমান্তে অবস্থিত?
(a) পাকিস্তান (b) বাংলাদেশ (c) ভুটান (d) নেপাল
11. কোন গভর্নর জেনারেলের সময় কলকাতার রাজভবন তৈরি হয়?
(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড লিটন (c) লর্ড কর্নওয়ালিস (d) লর্ড ওয়েলেসলি
12. 'মামুদ গাওয়ান' কোন বংশের রাজা ছিলেন?
(a) দাস (b) বাহমনী (c) তুঘলক (d) সৈয়দ
13. 'মৃচ্ছকটিক' গ্রন্থটি কার লেখা?
(a) জীমূতবাহন (b) শূদ্রক (c) খারবেল (d) রুদ্রদামন
14. গাড়ির ভিউফাইন্ডারে সাধারণত কোন দর্পণ ব্যবহার করা হয়?
(a) অবতল (b) উত্তল (c) সমতল (d) গোলাপি
15. 'মীণাক্ষী মন্দির' কোথায় অবস্থিত?
(a) ভুবনেশ্বর (b) তারাপীঠ (c) মাদুরাই (d) চিদাম্বরম
16. ভারতের 'নির্বাচনী পরিচয়পত্র' কত সালে চালু হয়?
(a) 1995 (b) 1992 (c) 1990 (d) 1998
17. বাংলা চলিত ভাষা প্রথম কোন গ্রন্থে ব্যবহার হয়?
(a) বর্ণপরিচয় (b) সহজপাঠ (c) কথোপকথন (d) ইতিবৃত্ত
18. কমটে ডে লালি ও স্যার আয়ার কুটের মধ্যে কর্নাটকের কোন যুদ্ধ হয়েছিল?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
19. 'ইন্ডিয়ান স্কুল অফ মাইন' কোথায় অবস্থিত?
(a) ধানবাদ (b) দেওঘর (c) কটক (d) রানিগঞ্জ
20. শৈলশহর আলমোড়া-এর আগের নাম কী ছিল?
(a) দেরাদুন (b) চামোলি (c) কুমায়ুন (d) রাজাপুর
21. 'পালঘাট রঘু' কোন বাদ্যযন্ত্রের সঙ্গে সম্পর্কিত?
(a) সারেঙ্গী (b) মৃদঙ্গম (c) বেহালা (d) সুরবাহার
22. মানুষের দাঁতের কঠিন অংশের নাম কী?
(a) এনামেল (b) ডেন্টিন (c) সিমেন্টাম (d) পাল্প
23. কোন শ্রেণির লিভারে যান্ত্রিক সুবিধা এক বা তার বেশি হয়?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) কোনওটিই নয়
24. বীর সাভারকার আন্তর্জাতিক বিমানবন্দর কোথায় অবস্থিত?
(a) বারাণসী (b) জয়পুর (c) পোর্ট ব্লেয়ার (d) আমেদাবাদ
25. প্রথম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হয় কোন দেশে?
(a) ইতালি (b) ইংল্যান্ড (c) উরুগুয়ে (d) ব্রাজিল
26. 'ট্রিপল অ্যান্টিজেন' হল:
(a) ডিপথিরিয়া, টিবি ও হুপিং কাশির জন্য (b) ডিপথিরিয়া, লেপ্রসি ও হামের জন্য (c) ডিপথিরিয়া, টিটেনাস ও স্মল পক্সের জন্য (d) ডিপথিরিয়া, টিটেনাস ও হুপিং কাশির জন্য
27. আলবার্ট আইনস্টাইন কত সালে নোবেল পুরস্কার পান?
(a) 1926 (b) 1922 (c) 1930 (d) 1934
28. 'আন্তর্জাতিক নাট্য দিবস' কবে উদযাপিত হয়:
(a) 22 এপ্রিল (b) 23 অক্টোবর (c) 14 জুলাই (d) 27 মার্চ
29. ভারতীয় সেনাবাহিনীর সর্বোচ্চ সম্মান ও পুরস্কার হল:
(a) পরমবীর চক্র (b) মহাবীর চক্র (c) বীরচক্র (d) অশোকচক্র
30. নিউটনের কোন সূত্রে বলের সংজ্ঞার ধারণা দেয়?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) কোনওটিই নয়
31. 'Fire Damp' কোন গ্যাসকে বলা হয়?
(a) গোবর (b) ইথিলিন (c) সিএনজি (d) মিথেন
32. সরদার বল্লভভাই প্যাটেল কত সালে মরণোত্তর ভারতরত্ন সম্মান পান?
(a) 1979 (b) 1991 (c) 1988 (d) 1998
33. 'সাজিবু নঙ্গমা পানবা চেউরাওবা' উৎসব কোথায় অনুষ্ঠিত হয়?
(a) মণিপুর (b) নাগাল্যান্ড (c) সিকিম (d) ওড়িশা
34. নারকো অ্যানালিসিস টেস্টে ব্যবহার হয়:
(a) সোডিয়াম নাইট্রেট (b) সোডিয়াম পেন্টোথাল (c) সোডিয়াম অক্সাইড (d) সোডিয়াম হাইড্রেট

### উত্তর

1(c), 2(b), 3(b), 4(a), 5(c), 6(b), 7(b), 8(a), 9(b), 10(c), 11(d), 12(b), 13(b), 14(b), 15(c), 16(a), 17(c), 18(c), 19(a), 20(d), 21(b), 22(a), 23(b), 24(c), 25(c), 26(d), 27(b), 28(d), 29(a), 30(a), 31(d), 32(b), 33(a), 34(b).

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল*

Subscribe to Bongtime 18

Scanned by CamScanner

# ৩৭০ রাইফেলম্যান

*প্রথম পাতার পর*

থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি), মহিলাদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)।

**বেতনক্রম:** ৫,৭০০-২৪,০০০ টাকা। সেই সঙ্গে গ্রেড পে ২,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড় এবং মহিলাদের ক্ষেত্রে সাড়ে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়। প্রাক্তন সমরকর্মীদের এই পরীক্ষা দিতে হবে না। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস, এলিমেন্টারি ম্যাথমেটিক্স এবং বাংলা বা ইংলিশ বা হিন্দি কম্প্রিহেনশন। প্রতিটি পার্টের নম্বর ১৫। মোট ৬০ নম্বর। সময় ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ইন্টারভিউ ১০ নম্বরের।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.tripurapolice.nic.in পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓চার কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো স্বপ্রত্যয়িত করে দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। বাকি তিন কপি ফটো গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓ফি বাবদ দিতে হবে ১০০ টাকার (তফসিলি ও দারিদ্র্যসীমার নীচে বসবাসকারীদের ক্ষেত্রে ৫০ টাকা) ইন্ডিয়ান পোস্টাল অর্ডার। এটি 'DGP, Tripura, Agartala'-র অনুকূলে প্রদেয় হতে হবে।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আধার কার্ড, প্যান কার্ড, ভোটার কার্ডের মতো পরিচয় পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓সরকারি কর্মচারীদের ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেটের' স্বপ্রত্যয়িত নকল।

দরখাস্ত ভরা খামের উপর যে-পদের জন্য দরখাস্ত করছেন, তার নাম লিখে দেবেন। ৮ জুনের মধ্যে রেজিস্টার্ড ডাকে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Assistant Inspector General of Police (TSR), Police Headquarters, Tripura, Fire Brigade Chowmuhani, Akhaura Road, Agartala, West Tripura, Pin-799 001.

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্টেট ব্যাঙ্কে ২০০০ প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

ধরনের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর) এবং রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। সময়সীমা বিষয় প্রতি ২০ মিনিট। মেন পরীক্ষায় ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (সময়সীমা ১ ঘণ্টা), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৪৫ মিনিট), জেনারেল/ইকনমি/ ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস (৩৫ মিনিট), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ মিনিট) বিষয়ে। এছাড়া ইংলিশ ল্যাঙ্গুয়েজ (লেটার রাইটিং ও এসে রাইটিং) বিষয়ক ডেসক্রিপটিভ ধরনের মোট ৫০ নম্বরের প্রশ্ন থাকবে। সময়সীমা ৩০ মিনিট। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে। সবশেষে গ্রুপ এক্সারসাইজ (২০ নম্বর) এবং ইন্টারভিউ (৩০ নম্বর)।

তফসিলি এবং সংখ্যালঘু প্রার্থীদের নিখরচায় পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণ দেওয়া হবে দেশজুড়ে ব্যাঙ্কের বিভিন্ন কেন্দ্রে। এরাজ্যে কলকাতা, আসানসোল এবং শিলিগুড়িতে প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। প্রশিক্ষণে আগ্রহী অনলাইন দরখাস্তের নির্দিষ্ট জায়গায় প্রশিক্ষণ নেওয়ার ইচ্ছার কথা জানাবেন। প্রশিক্ষণ আয়োজিত হবে মে মাসের চতুর্থ সপ্তাহে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi.co.in/careers প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২২ এপ্রিল। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন।

অনলাইনে আবেদনপত্র সাবমিট করার পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মহারাষ্ট্রের এইচ আই এল ইন্ডিয়ায় ট্রেনি

২৯ জন ট্রেনি নেবে মহারাষ্ট্রের এইচ আই এল ইন্ডিয়া লিমিটেড। অন দ্য জব এই ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: R-HRA/OJT/2019.

**আসনসংখ্যার বিবরণ:** কেমিক্যাল অপারেটর (প্রোডাকশন প্ল্যান্ট): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। অ্যানালিস্ট: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রিতে বি এসসি। কমার্শিয়াল/স্টোর্স: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা অপারেশনে স্পেশ্যালাইজেশন সহ এম বি এ অথবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই। হিউম্যান রিসোর্স: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্সে এম বি এ বা স্নাতকোত্তর ডিগ্রি। ফিটার: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ। ডেটা এন্ট্রি অপারেটর: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে এম এস অফিস বা ট্যালির সার্টিফিকেট কোর্স পাশ।

বয়স: ৪০ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ড: বি ই বা এম বি এ ডিগ্রিধারীদের ক্ষেত্রে প্রশিক্ষণের প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে প্রতি মাসে ১৫,০০০ টাকা ও ১৮,০০০ টাকা। স্নাতক ও আই টি আইয়ের ক্ষেত্রে প্রশিক্ষণের প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে প্রতি মাসে ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.hil.gov.in

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন – প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো (ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন), বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল, প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র সহ পূরণ করা আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন: Application for On the Job Trainee আবেদনপত্র ১০ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: DY. GENERAL MANAGER (HR&ADMN), HIL (INDIA) LIMITED, P.O. RASAYANI 410 207, DIST RAIGAD, MAHARASHTRA

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ার ইন্ডিয়া এয়ার ট্রান্সপোর্ট সার্ভিসে ১৬০

*প্রথম পাতার পর*

মাধ্যমে। ওয়াক-ইন-ইন্টারভিউ ২ মে।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Systems & Training Division, 2nd floor, GSD Complex, Airport Gate no.-5, Sahar, Andheri-E, Mumbai-400 099.

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.airindia.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন এবং ফটোর উপর আড়াআড়িভাবে সই করবেন। ফটো তিন মাসের বেশি পুরনো হওয়া চলবে না।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে নিয়ে যাবেন

- ✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি "AIR INDIA AIR TRANSPORT SERVICES LTD"-এর অনুকূলে মুম্বইয়ে প্রদেয় হতে হবে। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ডিমান্ড ড্রাফটের পিছনে প্রার্থীর নাম, মোবাইল নম্বর লিখে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓স্কুল লিভিং সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্যান কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কর্মরতদের ক্ষেত্রে নো অবজেকশন সার্টিফিকেট।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্রহ্মপুত্র ক্র্যাকার অ্যান্ড পলিমারে অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

online.co.in আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদন করতে বসার আগে প্রার্থীকে অবশ্যই অ্যাপ্রেন্টিস হিসেবে ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিম পোর্টালে রেজিস্ট্রেশন করে থাকতে হবে। রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পাওয়া রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

## ফল বেরোল

ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন দ্বারা পরিচালিত ক্লার্ক পদে নিয়োগের মেন এক্সামিনেশনের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.ibps.in

# আর্মিতে উচ্চমাধ্যমিক

*প্রথম পাতার পর*

প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের দ্বিতীয় ধাপে ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের (৩-৫ দিন) জন্য। প্রথমবার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেল ভাড়া পাওয়া যাবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪২তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৫ বছর। প্রথমে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুনে বা সেকেন্দ্রাবাদে ৩ বছরের প্রি কমিশন ট্রেনিং এবং পুনেতে আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই মেল আই ডি থাকতে হবে। ৮ মে থেকে ৬ জুন পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর পাওয়া যাবে। এর পর পূরণ করা দরখাস্তের রোল নম্বর-সহ দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

## ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন

- ✓২০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো।
- ✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।
- ✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।
- ✓সচিত্র পরিচয়পত্রের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত সার্টিফিকেটের মূল কপিও সঙ্গে নেবেন।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই খবর জানানো হল। খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।


স্বনির্ভরতার লক্ষ্যে

# পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

## প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে। এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**মে-এর প্রতিযোগিতার জন্য এপ্রিল মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ মে-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**


Subscribe to Bongtimes24

Scanned by CamScanner